and expatriates make tacit assumptions, taking for granted values which are not necessarily taken for granted in other parts of the world. This vagueness, in writers like Hemingway and Steinbeck, gives the impression almost of a spiritual vacuum. When Americans lose their sense of privileged detachment they will feel an urgent need to formulate their unconscious drives. In doing so they will gain a maturer understanding of the forces that have formed them. Consciously incorporated in the equipment of the American writer, this deeper insight into himself will greatly strengthen his position as an individual. If, in addition, he has the hardihood to assimilate the raucous collective life of America into his private consciousness, instead of turning squeamishly away from it, his images, with all their originality and freshness, will become symbols, and personal poetry of greater intensity and depth will be possible.

LILA RAY

Acknowledgement for help received is due to Sri Nimai Chatterjee and Mr Henry Sale.

COMMENT

The growing importance of American literature is a clear fact of the present century. But in India this is not yet clearly perceived. Not that interest is lacking, but specimens are scarce. Modern American writing, specially poetry, is here known mainly through the 'expatriates'. Pound and Eliot, their voices reaching from London, have had great influence in Bengal. The 'imagists' were known in their day, again through British sources. As for specifically American poetry, it means certainly Whitman, who raged for a while among rebels against Tagore, some Frost and Cummings perhaps, chance encounters in anthologies, and little besides. This is unavoidably so, for America specializes in exporting an inexorable mass culture, Hollywood glitter and glabrous magazines, almost to the exclusion of the worthwhile. Even so, fiction breaks through to some extent, but access to poetry is extremely small.

In America the mechanization of externals has reached a point where poetry seems seriously threatened. Yet poetry is very much alive there. In sheer printable quantity, it is claimed, the country produces the largest for any comparable area. An indication of this is the number and bulk of American literary journals, specially poetry magazines. Quantity itself has some value. It means that the 'atmosphere' is there, that the air is charged, and things are kept going and in readiness for great productions. On the American scene today, there are poets of real stature who speak to the whole spirit of man, irrespective of historical and geographical variations. It is a scene of remarkable range and variety, of assimilation, protest, contradictions. Opposites have met there, a giant organizational life and a strict individuality, the cult of the collective man and a lyric intensity such as Cummings'. Poets' existences show this too. That two leading poets, William Carlos Williams and Wallace Stevens, also successfully practise medicine and insurance law, seems typical of the American situation.

It is the editor's conviction that Indian intellectuals, so much at home in English poetry, may find new nourishment in American. Hence this issue of *Kavita*, presenting a group of poems by older and younger contemporaries. Many of them are well-known in their country, some also outside, but conspicuously few in India. The selection is by no means representative, nor, we realize, adequate, but within our limitations it is both varied and authentic. In these pages, we hope, our readers here, and our practising poets, would find something to enjoy, re-read, ponder over and profit by. If this issue, which is perhaps the first of its kind in this country, may be believed to have served any valid purpose, we might venture on subsequent bilingual numbers on different lines.

Now I want to thank the contributors to this number, for their poems and permissions, and, in some cases, their friendly assistance in other matters. I am particularly grateful to Mr Joseph Joel Keith for his valuable co-operation in a number of ways. Without his help, and encouragements from Dr Amiya Chakravarty, this issue would not have been possible.

B. B.

NOTES ON CONTRIBUTORS

JAIME DE ANGULO has studied over twenty languages of the Red Indians, and writes about their life and legends in English, Spanish and French.

THOMAS COLE edits *Imagi*, a poetry magazine, which announces an International Number.

HUBERT CREEKMORE has edited *A Little Treasury of World Poetry*, shortly to be published by Charles Scribners & Sons.

E. E. CUMMINGS says in a letter that of the countries he has never experienced India interests him most.

CHARLES EDWARD EATON teaches creative writing at the University of North Carolina.

RICHARD EBERHART'S *Selected Poems* is announced by Chatto & Windus, London, and Oxford University Press, New York.

T. S. ELIOT expects to begin a new play early in 1951.

HOWARD GRIFFIN writes poetry, criticism and short stories.

JOSEPH JOEL KEITH is Secretary-Treasurer of the Los Angeles Centre of the P. E. N., and Managing Editor of Poetry Awards, an organization for the encouragement of poetry.

JOSEPHINE MILES is assistant professor of English at California University.

MARIANNE MOORE has been a teacher of commercial subjects, an assistant in the New York Public Library, and was Acting Editor of *The Dial* from 1925 to 1929. At present she is at work on a verse translation of La Fontaine's Fables.

ROSALIE MOORE is now working on a new book of poems on a Guggenheim Fellowship.

EZRA POUND's translation of Confucius' *Analects* has appeared in *The Hudson Review*.

CLARENCE ALVA POWELL has published poems, translations and critical essays.

কবিতা

LILA RAY is American by birth and Indian by marriage. She has translated from Bengali and is a frequent contributor to *The Indian P. E. N. Bulletin.*

JAMES ROBTY is a whole-time writer who has published several books of verse and prose. His *Night Hawks Over Bronxville* has won a poetry prize.

WALLACE STEVENS has received the 1949 Bollingen Award for his total contribution to American poetry.

EVE TRIEM has been anthologized and awarded prizes for poetry.

PETER VIERECK, who teaches history, has published two books of history and two of verse.

RICHARD WILBUR is assistant professor of English at Harvard University.

WILLIAM CARLOS WILLIAMS has received the National Book Award Poetry Prize for his *Paterson Book III* and *Selected Poems.*

BOOKS RECEIVED

Poetry

Selected Poems, Ezra Pound. New Directions, $1.50.
Selected Poems, William Carlos Williams. New Directions, $1.50.
Selected Poems, Kenneth Patchen. New Directions, $1.50.
The Signature Of All Things, Kenneth Rexroth. New Directions, $2.50.
Quicken The Current, Mary Cummings Eudy. Harper & Bros., $2.50.
Poems of Edwin Markham, selected and arranged by Charles Wallis. Harper & Bros., $2.75.
Alien In The Land, Emery E. Petho. Bruce Humphries Inc., $2.00.

Anthologies and Prose

Studies In Poetry. Neal F. Doubleday. Harper & Bros., $2.25.
Reading Drama, Fred B. Millett. Harper & Bros., $2.00.
In The American Grain, William Carlos Williams. New Directions, $1.50.
The Flea Of Sodom, Edward Dahlberg. New Directions, $1.50.
The Cannibal, John Hawkes. New Directions, $1.50.

কবিতা

চৈত্র ১৩৫৭
ষোড়শ বর্ষ, দ্বিতীয় সংখ্যা
ক্রমিক সংখ্যা ৬৮

মার্কিনি

অমিয় চক্রবর্তী

১

প্রতীক্ষা

খর মাঠ কথা কয় অজানা খোটানি
ভাঙা মেঘ চলে ছায়া টানি ;
নয়নীল ছিন্নের শূন্যে ত্রিশূল
টুকরো পাহাড় উড়ো চুল ;
মন মন কাকে বলে—শোনো—
ঝঞ্ঝায়
ঐ দূর দিক্-রাঙা বন যায়
বন্দরে দেখোনি কখনো ?
ঢেউয়ে ঢেউয়ে শাম্পানে জাভানীর
প্রলাপীর জল-ছবি অবনীর
—কানে চোখে ঠেকে তবু বুঝি না ॥

বোবা ভাষা সৃষ্টির তলে
বিদেশীর পথে পথে ছলছলে।
রুক্ষ বক্ষে ছুঁই জীবনের হারানো,
ফিরে পাবো মৃত্যুর পারানো।
যেখানে মাটিতে মাটি, গাছে গাছ, মেঘে মেঘ

যেখানে হওয়ার বেশি, উদ্বেগ,
স্থিরতার চুম্বন ঠাণ্ডা পাথর,
বনে বয় ফুলের আতর,
মানে নেই, মানে নেই, মানে নেই—
শুধু আছে, কথা-ধরা গানে নেই,
তাকে পেলে বাড়ি যাবো ॥

২

কিরব মা।
হাতল সবুজ তামা ; পুরু দরজা পুরোনো গাছের,
বন্ধ,—তবু খোলা তার অস্পষ্ট আওয়াজ "এসো, এসো" ;
ঝোড়ো শূন্যে দেওদার, অত ঢেউ, পাতাভরা ঢেউ ;
ফুলের রঙিন কেনা, নীল স্কেমে ; বাড়ি অবিশ্বাসী।
বঙ্কিম গলিতে এসে দাঁড়াই ৩২/বি-তে ; খুঁজে চাই।
মন্ত্রের দরোজা ঐ খুলে কারা বস্তা নিয়ে আসে
সেই দরজা খুলে ; পাটের কুবের, কেনা মুটে।
ধনিকের নখ কবে এখানেও প্রাণের মর্মে দাগা ;
বন্ধ হল চিরদিন খোলা দরজা আরো খুলে গিয়ে।
ঝোড়ো দিনে কার স্পর্শ, স্পর্শাতীত সেদিনের বাড়ি,
ঊর্ধ্বাকাশে লগ্ন-লাগা স্তব্ধ তারা, তপ্ত ঠাণ্ডা পাতা,
চেনার অসীম ডুব, বন্ধু পরিবারে স্নিগ্ধ ভাব,
ঠেকে এসে চুণ আর ধূলোর আড়তে। এরা কারা,

হো হো হাসি পান খায়, দোক্তার দোকান, লাল জল,
বড়ো বাজারের মজা গিজিগিজি ; প্রাকৃত ধনের
মোটা মজা দৈন্য গৃধ্নুতার ; কলকাতা ; ফিরে যাবো
দরোজা বন্ধ ক'রে ধড়াস্ বুকের মধ্যে, একা,
বসন্তরাত্রির ঝড়ে দৃষ্টিভরা একটি সে কাহিনী
কুসুম-সংকীর্ণ গলি, কোথা সেই দরোজা পারের
গাছে পরিচ্ছন্ন বাসা। চিহ্নহারা। প্রবাসী পথের
ধুলোয় দুপুরে চলি, রোদ্দুরে চলেছে মালগাড়ি ॥

৩

মার্কিনি

হোটেলের বহু ঘরে আলো আলো আলো-আভা
বনের নদীর সাঁকো পেরিয়ে এলেম,
প্রদীপ্ত জনতার পাশ দিয়ে নীচে নাবা
আমার ঘরের কাছে চাবি নিয়ে দাঁড়ালেম।
হঠাৎ চেনার হাওয়া বুকে বয়েছিল,
জানিনি, জানিনি,
আজো কি জানি সে জানা ? ঠিকানা আনিনি।
সাঁকোর বাঁ দিকে দ্রুত ট্রাম যায়,
থামে যায় বহু লোক, ঘড়ি দেখে দ্রুত চোখ ;
বেলা সাড়ে-চারটের ফিরতি জনতা খোঁজে বাসা,
টপটপ সিমেণ্টে পড়ছে কুয়াশা,
জানি না তো, জানি না,
এ সহরে মার্কিনে কাউকেই চিনি কিনা ?

উজ্জ্বল কাচে কাচে পণ্য সাজানো
জিনিষের বিন্যাস ডলারে বাজানো,
শিকারের পাখি চোখ লক্ষ লক্ষ লোক থামে
ঝলমল মার্বেলে আলো নামে,
উষ্ণন পবন দোলায়
কার চেনা লাগে জনতায়,
মনে মন, প্রাণে প্রাণ সংসার
খোলে কি হঠাৎ ফালি দরোজার ?
হাতে নিয়ে চাবি
কোথা সে চেনার মন্ত্র, ভাবি ॥

ওহায়ো

মায়ামি সুন্দরী নদী দুচোখের ভাষা
নিয়ে চলো মায়ানীল জলে,
তরঙ্গে তরলে ছায়া মেঘ এনে দেয়
প্রাণের বন্যায় ভাসা, সন্ধ্যায় সোনালি
দূর যমুনার স্বপ্ন নামে ; বালি-তীরে
চলি ওহায়োর গ্রামে গ্রামে ।
মোটরে চলার বাসা, চক্র রাত্রি দিনে
পথ চিনে উঁচু ঐ গির্জে ঘিরে জনপদ, বাড়ি,
সারি সারি চেয়ে দেখি ভোরে তীর্থশেষে
হঠাৎ উঠেছে একি শুভ্র সিন্‌সিনাটি ।

পুণ্যমাটি সহরের, আশ্চর্য সেখানে হাঁটি, মনে
বন্ধুর অচিন্ত্য আলো-লাগা,
কবে কার চরণের স্পর্শে-জাগা পুরোনো পাথর
গাছের মর্মরে শান্তি থরথর, পর্বতে উঁচু পথ,
সেইখানে প্রার্থনায় বহু কণ্ঠে যার কণ্ঠ ছিল
ঢং ঢং ঘণ্টা বাজে মনে হয় তাকে ফিরে চিনি ॥

৫

বৈজ্ঞানিক

প্রকাণ্ড বন প্রকাণ্ড গাছ,—
বেরিয়ে এলেই নেই।
ভিতরে কত লক্ষ কথা, পাতা পাতায়, শাখা শাখায়
সবুজ অন্ধকার ;
জোনাকি কীট, পাখী পালক, পেঁচার চোখ, বটের ঝুরি,
ভিতরে কত আরো গভীরে জন্তু চলে, হল্‌দে পথ,
তীব্র ঝরে জ্যোৎস্না-হিম বুক-চিরিয়ে,
কী প্রকাণ্ড মেঘের ঝড় বৃষ্টি সেই আরণ্যক—
বেরিয়ে এলেই নেই।
ভিতরে কত মিষ্টি ফল, তীক্ষ্ণ স্বাদ ফুলের তীর,
ইচ্ছে ভরা বুনো আঙুর, জামের শাঁস,
ভিতরে কত ক্রতের ভয়, কখনো বেলা সময়হীন—
বেরিয়ে এলেই নেই।
চক্রবাল চোখে রেখেই বাহিরে চাই,
গাঁয়ের ধোঁয়া একটু রেখা সন্ধ্যা হলে,
অনাসক্ত নদীর জলে সিক্ত মাটি

বিনা চাষের বুনোধানের গুচ্ছে রয়,
এখানে সবই বিরলতার।
বুকের মধ্যে বাড়ি-যাবার
খুঁজে পাবার এখনো কোনো চিহ্ন নেই ;
দৃষ্টি আছে ॥

৬

প্রত্যাবর্তন

দুহাত বাড়িয়ে উড়ে-আসা
অন্ধকার সাঁৎরিয়ে প্লেন চলে শূন্য ঢেউএ দুলে
স্তরে স্তরে কালো হিম অনস্তির মধ্যে পথ কেটে
তারি আমি সঙ্গযাত্রী রাত্রির অতলে দেখি ডুবে
মৃত্যুর তরঙ্গদল নীচে পাশে নিশ্বাসে নিশ্বাসে,
বুকে জ্বলে ঝকঝকে অভ্রান্ত প্রাণের ধক্‌ধক্
লাল নীল যন্ত্রচাপ, ধমনীতে বৈদ্যুতী আবেগ
তেল আর তেজবিন্দু সমতা গরম বাষ্পে স্থির ;
নেই নেই দৃষ্টি তবু দ্রষ্টা ধ্রুব চলেছে মানসে
ছক কেটে গতিজালে, জানে নীচে বাধা উঁচুনীচু,
স্তম্ভিত পাহাড় নদী অ-চাওয়া সহর ছেড়ে চলে
ঈথর আঙুল ছুঁয়ে ছুঁয়ে ; ডাঙা দূর বায়ু-হারা
লাগে সাঁতারের মগ্ন উড়ো নেশা সমতা ঘূর্ণন ;
যোগ সঙ্কটের ক্ষণ ধৈর্য্যে ধ'রে পেরিয়ে আবেশ
স্খলিত আভার স্তম্ভে ঠেকে শেষে হঠাৎ শিখাগো
লক্ষ লক্ষ দৃষ্টি আলো সাদা বিন্দুজালে মরীচিকা
জমে ওঠে মানুষের বিস্তীর্ণ ইচ্ছায় সাহরিক ;
অস্তিত্বের টানে ফের পুরোনো দাবির পৃথিবীতে
চাকা ছোঁয় পাথুরে উঠোন ॥

প্রেম

সঞ্জয় ভট্টাচার্য্য

মনে থাকবে না।
এই আলো, এ বিকেল, এই বেচা-কেনা,
এই কাজ—প্রেম, রাঙা জীবনের দেনা
এ নিবিড় পৃথিবীর, নিজেদের হঠাৎ এ চেনা
মনে থাকবে না।

তবু কিছু থাকবে কোথাও,
এই আলো এই ছায়া যখন উধাও
বিকেলের উপকূলে বিকেলের শ্বাস ফেলে চুপচাপ ঝাউ
আলো-লাগা, ভালো-লাগা মন—নেই তা-ও
তখনো হয়ত কিছু থাকবে কোথাও।

তখনো থাকবে ছবি তোমার আমার।
দেখবে পারো না একা হৃদয়ে তাকাতে তুমি আর,
যতোবার
তাকাবে দেখবে যেন আরো কেউ আছে তাকাবার,
অপলক চোখ যেন কার
তোমার চোখের পাশে—হয়ত আমার।

তিনটি কবিতা

সুশীলচন্দ্র সরকার

খোলা পথ

১

এই খোলা পথে চলতে চলতে
মনের কথা কি পারবো বলতে !
যাওয়ার তাড়ায় আড়ে নিই দেখে
মাঠের চাকাটা চলে এঁকে বেঁকে,
পথ গ্রাম হাট গাছ সারে সার
ছবি থেকে চলে ছবিতে আবার···
বাইরের এই ফাঁকার ঝাপটা
কমিয়ে দিয়েছে মনের চাপটা,
দানা বাঁধছে না একটা চিন্তা,
কোন পৃথিবী এ, এ কোন দিন তা—
বাঁধতে বাঁধতে মাথার বন্ধে
সোনালি ঝালর ঝোলায় সন্ধ্যে !
এই খোলা পথে চলতে চলতে
কোনো কথাই কি পারবো বলতে !

২

অনেক জমাট আরেক জগতে
দূরমাপা দাঁড়ি থাকে পথে পথে,
খ্যাতি ক্ষমতার বনেদি মূর্তি ;
বাঁধাদরে হাটে বিকোয় ফূর্তি ;
আনাগোনা করে চেনা চরিত্র,
ঘরে ঘরে ফোটে আরামচিত্র—

তারি মাঝে সুখ দিন গুনি' গুনি'
খোঁপায় বিনায় হাজার বিনুনি···
এখানে যেমন বদল আকাশে
মনেও তেমন সুখ যায় আসে
রাখি তার শুধু যতটুকু থাকে
দিনের আকৃতি সন্ধ্যার শাঁখে···
এই দ্রুত দেশে চলতে চলতে
কিছু কি গুছিয়ে পারবো বলতে !

প্রার্থনার পাখী

যে-মন নিজেকে ঘিরে রচে প্রীত গ্রহের মতন
আবহাওয়ার স্মিত আবেষ্টন
সে-মনের সহজ বিস্তার
পাখার ব্যঞ্জনহীন থাকে না তো আর,
বায়ুস্তরে···বিভিন্ন ভূভাগে
কেমন নতুন এক একাগ্রতা লাগে
আচম্বিতে ওঠে ডাকি
প্রার্থনার পাখী।

ঋতুদ্বার রুদ্ধ-করা যে-মন অদ্ভুত
উপরে পাঠাতে চায় দূত,
আশার আতস তার ফিরে এসে ফাটে
শস্যহীন মাঠে।

আমার এ পাখীগুলি চেনে মাটি জল,
জীবনের নানাবর্ণ ফল।
শ্বাস নেয় আমারি নিশ্বাসে।
কখনো বা হঠাৎ বিশ্বাসে
পাখা হানে আকাশ-সীমায়…
কিছু যেন পায়!

চিল

শীত দুপুরের দূর উড়ন্ত চিল।
মানুষ-নিবাসে হঠাৎ দেখালি পাখা—
শুকনো ঝোপের লৌহমরিচামাখা?

হলদে সবুজ খয়েরি বোলানো মাঠ,
কাছে উঠে এল গাছের ট্যারচা কাঠ…
ছুঁই-ছুঁই তোর শরীর ধনুক-বাঁকা…

তখনি উঠিস রোদে ঢেউ খেয়ে-খেয়ে,
উচ্চাশা থেকে দৈবাৎ ছুটি পেয়ে
খানিক থাকিস নিম্ন আকাশে আঁকা।

শীতের দুপুর অলস ঘরোয়াভাবে
চলার চিহ্ন চাপে, যেন থেকে যাবে…
তেমনি কি তোর এই কাছাকাছি থাকা?

চৈত্র ১৩৫৭

আয়ত্তাতীত ওরে উদাস্ত চিল,
জানি জানি তুই খিদের সুতোয় বাঁধা—
চোখে চলছবি থামার পগার ঝিল ;

তবু কিছু জানে ও তোর আলাদা প্রাণ,
রোদের দ্রাবণ, নীলিমার আহ্বান,
তাই মোর মনে উলসায় তোর পাখা।

চীনা কবিতা

অনুবাদ দিলীপ দত্ত

১

আমার এ-রুগ্ন দেহ সংসারের কাজে অপটু।
প্রথম যেদিন নিয়ে এলে বাড়িতে
সেদিন থেকেই ভুগছি।
কতদিন কেটে গেল
শরীরটা কিছুতেই সারল না,
তোমাতে আমাতে দেখাই হোত না প্রায়
কত সেবা করবার ইচ্ছে ছিল, কিছুই পারিনি।

একদিন হুকুম এল,
তোমায় যেতে হবে অনেক দূরে রাজধানীতে।
কতদিন তোমায় ছেড়ে থাকতে হবে।
আমার মনের কথা বলার তো আর সুযোগ হল না।
পা টিপে-টিপে দরজার কাছে এসে দাঁড়ালুম,
চেয়ে রইলুম দূর রাস্তাটার দিকে
যে-রাস্তাটা দিয়ে তুমি চ'লে গেছ।
চোখ আর ফিরতে চায় না,
তোমারই ভাবনায় মন ভ'রে আছে,
স্বপ্নে তোমার মুখ স্পষ্ট মনে পড়ে।
কিন্তু তুমি অনেক দূরে যাবে।
এক-একদিন কাটে, আর
তুমি আরো দূরে স'রে যাও।
আমার যদি থাকত পাখির ডানা
খুব উঁচু উড়তে-উড়তে
তোমার পিছু ধরতুম।
তাই, সারাক্ষণ কাঁদি আর কাঁদি,
কান্না আর থামতে চায় না,
চোখের জলে ভিজে যায়
রঙিন ফুল-তোলা রুমাল।

[কাজে যোগ দেবার জন্য চীন চিয়া-কে রাজধানীতে ডেকে পাঠানো হয়। যাবার সময় তিনি তাঁর স্ত্রীর সঙ্গে দেখা ক'রে যেতে পারেননি, কারণ তাঁর স্ত্রী তখন অসুস্থ হ'য়ে পিত্রালয়ে ছিলেন। সেই সময় চীন চিয়া-র স্ত্রী তাঁকে এই কবিতাটি লিখে পাঠান। রচনাকাল ১৪৭ খৃষ্টাব্দ।]

২

শীতের অরণ্য
আমার বেশ লাগে।
সূর্যের আলো ঢুকতে পায় না,
শুধু শুকনো হাওয়া,
আর তুষার পড়ে ঝিরঝিরিয়ে।

গাছপালায় রং নেই,
পাখিরা গায় না গান,
তাই শীত এত সুন্দর,
শীত এত প্রিয়।
শীতকালে বনের মধ্যে
একলা-একলা বেড়ানোই তো আনন্দ।
শিকারীর মতো নিঃশব্দে ঘুরবো
লাভের কথা না-হয় নাই ভাবলুম।

আই চিং : আধুনিক

৩

মনে হয় হাজার-হাজার বছর ধ'রে
এই জায়গাটি চীৎকার ক'রে বলছে,
আমাদের এই জীবনের কথা
আমাদের জন্মের বহু আগে থেকেই।

একজন গায়ক ছিল,
সে গাইতো আমাদের অদৃষ্টের কথা,
তার গান ভেসে আসত চারদিক থেকে,
সবুজ ঘাস, পাইন গাছ, আর নীল আকাশ
ভ'রে দিত তার সুর।

আর আমরা, যাদের দুঃখ-কষ্টের সীমা নেই
কী ক'রে এখান থেকে
এই স্বর্গীয় গান শুনতে পাচ্ছি।

দেখ, ছোট্ট ফড়িংটা উড়ে যাচ্ছে,
ডানার ফুরফুর শব্দ
অনন্ত জীবনে ভরপুর।

ফেং চি আধুনিক

৪

প্রায়ই দেখি,
ক্ষেতের ওপর ব'সে
একটা গাঁয়ের ছেলে নয়তো চাষার বৌ
আকাশের দিকে চেয়ে কাঁদে।
কী দোষ করেছে ?

খেলনা ভেঙে গেছে কি ?
স্বামী মারা গেছে ?
না কি ছেলের অসুখ ?
অমন অধীর হয়ে কাঁদে কেন,
যেন তাদের সমস্ত অস্তিত্ব
একটা বাঁধা-ধরা কিছুর মধ্যে আবদ্ধ,
তার বাইরে আর জীবন নেই, জগৎ নেই।

আমার মনে হয়
সৃষ্টির প্রথম থেকেই
এই কান্নার আর শেষ নেই, শেষ নেই—
সমস্ত জগৎটাই যেন
অসীম ব্যথায় পরিপূর্ণ
অনন্ত বিষাদে মুহ্যমান।

ফেং চি আধুনিক

সীমান্ত

পূর্ণেন্দুবিকাশ ভট্টাচার্য্য

১

ভিড়ের মাঝে এলে এখন···বসলে এত কাছে
চুলের গন্ধ মনকে ছোঁয়, মাতাল করে··· চোখের নীলে
কখন এসে মেশে
অবাক আমি···হঠাৎ ক'রে খেয়াল হল—আকাঙ্ক্ষিত
বসন্ত কি শেষে
পেল না ঠাঁই শ্বেত দ্বীপে, শুভ্র দ্বীপে যেখানে স্থির
নির্জ্জনতা আছে।

২

এক পশলা বৃষ্টি হওয়ার পর
মেঘ ছুটেছে দূরের দ্বীপে, রোদ উঠেছে,
পুবদিকে তো এই এখনি রঙের বহর
ইন্দ্রধনু হল। এখানে গাঙফড়িং নাচে
বনতুলসীর ঝোপে-ঝাড়ে, পদ্মদীঘির দামে
অথৈ জল সবুজ হয়ে আছে···
এই সে ঠাঁই এক সময়ে আলোয় ঝলোমলো···
সময় হলে স্তব্ধ বিকেল শান্ত জলে কখন ধীরে নামে।

এখানে হায় প্রাণপথের জনপদের চিহ্ন ঘুচে গিয়ে
কখন স্থবির বোবা সময় থমকে দাঁড়ায়—
ইতিহাসকে হারিয়ে ফেলে···এখনো উদয়াস্ত তবু হয়

অতীত প্রাণের নিবিড় হাট হারিয়ে গেল—স্তব্ধ সকাল
ধূসর বিকাল গেরুয়া মমতায়
আজো আছে···এই তো সেই শুভ্র দ্বীপ শ্বেত দ্বীপ এখানে স্থির
নির্জনতা আছে।

৩

শীত যখন এসেছিল অঝোর পাতা ঝরিয়ে দিয়ে,
তখন ছিল ঝরা পাতার শূন্যতায় তীব্র ব্যথা,
তখন সবই থেমে যদি নিবিড় নির্জনতা
তুষার হ'য়ে জমত বুকে, হৃদয় যদি সেও
তেমনি জ'মে যেত, তখন শীতের হাওয়া শুধু···
চিরকালের শ্বেত দ্বীপে, মরুভূমি ধূধূ।

মৃত্যু শুধু হাওয়ায় কথা বলত!
হায় তাহ'লে, শ্বেতা, কবে আমার দ্বীপে তারা হয়ে এসে
সন্ধ্যা থেকে সকাল-ছোঁয়া পরম রমণীয়
লগ্ন কোথা থেকে হত, বলতে পারো কেমন ক'রে তবে

এই দ্বীপেতে প্রাণের ফসল ফলত!

একটি মৃত্যু

সরোজ বন্দ্যোপাধ্যায়

স্থবির পাকুড় গাছ
তারি নিচে ব'সে-ব'সে যে-বুড়ো তামাক খেত রোজ
কাল রাতে মারা গেলো।

পাকুড়ের ডালে-ডালে পাতায়-পাতায়
অজস্র শিশির-কণা জমেছিল, গুঁড়ো-গুঁড়ো নক্ষত্র যেমন,
ঘুম-ঘুম নিঝুম আঁধারে
জোনাকিরা জ্বলেছিল দূরে দেখা কবরের বাতির মতন ;
যে-সব পাখিরা
পালকের মতো সাদা নরম, নরম দিন
ঝরাতো চটুল ঠোঁটে চপল আলাপে
তারা কেউ বুঝলো না
সত্তর বছর তার শেষটায় ধোঁয়া হয়ে গেল।

পাকুড়ের পাতায় ফাল্গুন
বেপরোয়া হ'লো কত বার ;
কত বার কম্পিত কৈশোর যার
ঐ একই পাকুড়ের ডালে,
আরেকটি নতুন পাখিরে
নতুন নীড়ের মোহে দেখেছিলো ঘুরে-ঘুরে পালক ঝরাতে,
কাল রাতে সে-ই
বুড়ো হ'য়ে মারা গেলো।
শববাহী আত্মীয় ক-জন

দোলানো লণ্ঠন হাতে
তাকে নিয়ে চ'লে গেলো ধোঁয়ায় মেশাতে।
ভূবন্ত তারার মতো
লণ্ঠনের আভাস হারালো
শিশিরের কান্না-ছোঁয়া মাঠের সীমায়।
পাকুড়ের পাতার মুঠোয়
কয়েকটা পাখি
বুড়োর কৈশোরে দেখা পাখিদের দূর বংশধর—
আরেকটি নিশ্চিত দিন, অঙ্কুরন্ত আলো আর ফল
বুকে নিয়ে ঘুমায় তখন।

একটি বিনিদ্র রাত্রির কবিতা

শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

ঘনাতে-ঘনাতে থমকে থেমেছে হঠাৎ মেঘ,
ওঠেনি তো ঝড়, হাওয়ায় এখনো লাগেনি বেগ—
এ-খবরটুকু জানে না তো কেউ, রাত নিঝুম,—
আমারে কি পারো দয়া ক'রে দিতে একটু ঘুম ?

দূরে গেলে হয় তোমার এ-খেলা কঠিনতর,
কাছে টেনে নিয়ে চিন্তার জাল জটিল করো।
বেড়ে চলে রাত স্তব্ধ বিরাট স্মৃতিগভীর,
ভাঙি আর গড়ি করুণ প্রতিমা কোন দেবীর।

কত দূর থেকে শুনি থেকে-থেকে পাখির স্বর
কেঁপে চ'লে যায় বন হ'তে বন-বনান্তর।
দুঃসহ এই একাকীত্বের নিবিড় ভার,
দুঃসহ এই স্তব্ধ মেঘের অন্ধকার।

ভালোবাসাহীন বিরস মলিন ভাঙা বাসায়
দিনের পায়ের শব্দ শুনছি মিছে আশায়।
তারপরে দেখি রোজকার মতো নামলো রাত,
ক্ষমাহীন হাতে দিনের, রাতের চলে করাত !

জানি না সে-কাল কেমন সকাল উঠবে ফুটে,
আসবে কি পাখি ল'য়ে তৃণ তার চঞ্চুপুটে ?
এ-খবর কেউ জানো না তোমরা—রাত নিঝুম,
আমারে কি পারো দয়া ক'রে দিতে একটু ঘুম ?

দুটি কবিতা

নারায়ণ রায়

ফাল্গুন

ফাল্গুন উঁকি মারে সবুজে সোনায়
হঠাৎ-কুঁড়িতে মরা ডালের কোনায়
মনের কাপড়ে লঘু কথার বোনায়
ফাল্গুন উঁকি মারে সবুজ সোনায়।

কুড়েমি-কোমল দিন ম্যাকেরেল-রং
বেয়াড়া খুশির রেখা শাগাল-ই গড়ন •
নিলাজ আলোর মতো এই যৌবন
শহুরে শীতেরও টাকে আবির বোলায়॥

• Marc Chagall, প্যারিসে অধিবাসী রুশ চিত্রশিল্পী।

শরণ

অগত্যা তোমার পায়ে শরণ নিলাম
কাব্যলক্ষ্মী, এ-দুর্দৈবে দুটি মন্ত্র জানা,
শিল্প আর প্রেম ; দেশে মৃত্যু দিল হানা
বিদ্বেষের মারী রূপে, ভ্রষ্টনীড় ডানা
মেলে উড়ি মহাশূন্যে সম্প্রতি নির্বাণ।

হত্যা আজ ন্যায় নামে বিবেকী শিখায়
লেলিহান, ভালোবাসা সযত্নবর্জিত
নিষ্ঠুর স্থূলেরে এরা পৌরুষ বিধায়
পূজা করে, নাচিকেত সাধনা-অর্জিত
মনুষ্যত্ব ইয়ার্কির বাজারে বিকায়।

শিখরের শুভ্রতায় সৃষ্টির নিভৃত
সূর্যপট গ্লেসিয়ারে রাখো মোর নাম।

তুলনা

রাজলক্ষ্মী দেবী

একটি সরব প্রেম,—কতোটুকু দাম তার কবিতার হাটে?
—যদি ভালো লাগে, তবে আরো ঢের কবিতার পাশে
এক মুহূর্তের দামে নিজেরে বিকাবে অনায়াসে।
—রসিকের মনে তার ভার নেই,—ধারে যদি কাটে।

তবু হৃদয়ের হাটে একটি সলাজ প্রেম,— কতো দাম তার!
হাসিতে কান্নায় তার মণি-মুক্তা ঝরায়, ছড়ায়,—
মুগ্ধ মুহূর্তের স্বপ্ন সারা জীবনের মূল্য চায়,—
সব দেনা দিয়ে তবু জীবন-লাভের অংশীদার॥

কাক

নরেশ গুহ

কলকাতা কৈলাস তার গ্রীষ্মের বিবস্ত্র দুপুরে।
বর্ষায় বিরক্তি নেই। কীটে-কাটা গরম র‍্যাপার
ভাঁজ খুলে শুকোয় না শীতে কারু বুড়ো রোদ্দুরে।
ক্ষয় করে উপেক্ষায় কুটিলের রসনার ধার।

আনন্দে ক্ষুধায় ক্ষোভে হাহাকার করে দিগ্বিদিকে।
তাড়ায় সূর্যের ঘুম জঠরের অজেয় জ্বালায়।
ম্লান শ্বেত শ্রথ হাতে আশাবরী উষা দেয় লিখে
আকাশে প্রভাত : আহা, পৃথিবীর মলিন থালায়

অতীত রাত্রির বাসি উচ্ছিষ্টের সুস্বাদু প্রসাদ
মাতৃহীন তারে সাধে শুদ্ধাচারী কপট বিমাতা
সুন্দরী সৌখীন দিন। আর তার বৃথা আর্তনাদ
সংসারে সান্ত্বনা খোঁজে। বিকেলে মর্মর করে পাতা,

আলো নেভে। হানা দেয় তান্ত্রিক নিশির তিন ডাক।
সারারাত্রি শিরে তার পাতা ঝরে। সে ঘুমায়। কাক॥

অলস মুহূর্তের প্রার্থনা

অরবিন্দ গুহ

হে ঈশ্বর, তুমি তাকে একবার ভীষণ অসুখ
দাও। বিছানায় শুয়ে যেন তার
আকাশ-পাতাল ভেবে দিন যায়। যেন জ্বরের ব্যথায়
তার মুখ
আশ্চর্য করুণ হয়।···বিকেল তো শেষ হ'লো, কাল
কি আবার জ্বর হবে? শিয়রের কবিতার বই
আঙুলে একটু ছুঁয়ে—থাক। একা, হাওয়া, চুপ।
পাশেই জানালা খোলা। আকাশ তারায় থৈ-থৈ।
হে ঈশ্বর, তুমি তাকে ম্লান করো, ম্লান, অপরূপ।
ব্যথা দাও, কিন্তু যেন সে-ব্যথায় মৃদু উপভোগ
থাকে, যেন ঘুমে শান্তি ছাড়া আরো কিছু থাকে,
যার কোনো মানে নেই। যেন তার মনে হয়, রোগ
শুধু দুঃখ নয়, জ্বালা নয়। চুপ। দুয়ারে কে ডাকে।

আমি। প্রিয়রের কাছে চুপচাপ। তারপর শেষে
কোনোদিন যা পারি নি যা করি নি ভয়ে, তা-ই করি,
মায়াবী কপাল হাতে ছুঁই, ছুঁয়ে থাকি। কেউ এসে
পড়ে যদি? পড়ুক না, কী হবে। কে? দেয়ালের ঘড়ি।
ভয়ে বুক কাঁপে, আর থাক। মনে-মনে তার নাম
গান হয়। অসুখের ছলে তার যেটুকু নিলাম,
তা অনেক।

হে ঈশ্বর, তুমি তাকে ভীষণ অসুখ
দাও। ম্লান করো, ম্লান করো, অপরূপ করো তার মুখ।

প্রণয়-প্রসাধনী

বিশ্ব বন্দ্যোপাধ্যায়

আধখানা চাঁদে আধখানা দিয়ে স্মৃতি
প্রাণের সোনার চিক্কণ চেনে গড়বো তোমার সিঁথি।
সে-সিঁথি পরবে ? পরবে সে-স্মৃতি ? রাতের প্রপাত তোমার
তিমির চুলে ?
চাঁদ-দেখা-চোখে চিনে নিয়ে তাকে রাখবে বুকের গুপ্ত
গুহায় তুলে ?
দিগন্তে যার সীমান্ত, মনোবনান্তে সংহতি,
চুলের মেঘের ঢেউয়ের বেগের তুরঙ্গমেই গতি ;
আধখানা চাঁদ কোলে তার তারা-বীথি—
প্রাণের সোনার মনন-মালায় গড়বো সাধের সিঁথি !

তোমারি ও-সীমন্তসীমায় এসো দিই প্রণয়স্বাক্ষর,
পূর্বরাগ রক্তাভায় সিক্ত হোক সিন্দূরের রেখা—
বিদীর্ণ অলকদামে কস্ত্র কস্তুরিকার নখর
এঁকে দিক রক্তিম কুঙ্কুম।

আধখানা মনে আধো গুঞ্জন দিয়ে
আমার গানের গলিত স্বর্ণে তোমার গলার হার গড়ে দেবো প্রিয়ে :
পরবে সে-হার ?—আমার প্রাণের গানের গ্রৈবেয়ক ?
তোমার চুমোয় যে-গান ঘুমোয় আমি যে তার গায়ক।
আমি যে নায়ক তার—
ও-দুই তোরণ জীবন-মরণ আমি করি পারাপার।
শত ইচ্ছার শরীরী আধার তুহিন-তোরণ-তীরে,
মনের মহুয়া ম'রে যেতে ডাকে চুম্বন-পাখিটিরে।
তুমি আধো মনে প্রেম-প্রসাধনে এ-হার যদি বা পরো,
গেঁথে দেবো আমি এরও চেয়ে দামী আরো কত হার আরো।

তোমারি ও পদ প্রান্তে প্রেম এঁকে দিক অলক্তক রেখা—
অনুরাগ রক্তিমায় রাঙাতে যে আছে সাধ তপ্ত পদ দুটি
হে চরণ-বিলাসিনী, আমার প্রগল্‌ভ ইচ্ছা যেত যদি দেখা—
দেখতে সে হ'য়ে আছে তোমারি পায়ের তলে মখমলের চটি।

মুখোস

বীরেন্দ্র চট্টোপাধ্যায়

কান্নাকে শরীরে নিয়ে যারা রাত জাগে,
রাত্রির লেপের নিচে কান্নার শরীর নিয়ে করে যারা খেলা,
পৃথিবীর সেই সব যুবক যুবতী
রোজ ভোরবেলা
ঘরে কিংবা রেস্তোরাঁয় চা দিয়ে বিস্কুট খেতে-খেতে
হঠাৎ আকাশে ছোড়ে দু'চারটি কল্পনার ঢেলা :

এবং হাজারে কয় ম্লান ক'রে আউট হ'য়ে গেছে
ভুলে গিয়ে তারা হয় হঠাৎ অদ্ভুত।
যুবতীকে মনে হয়, হয়তো বা সেরে গেছে সকল অসুখ,
যুবককে মনে হয়, কোনো-এক রহস্যের দূত
কার যেন স্মৃতিমুখ পাঠায়েছে আমাদের মতো কোনো প্রণয়ীর
কাছে ;
সুন্দর কি কুৎসিত জানি না, তবু জানি মার্চেন্টের মারে নেই
এই সব খুঁত।

কান্নাকে সরিয়ে রেখে দৈনিক কাগজ খুঁজি তাই,
যুবককে ভুলে যাই, যুবতীকে দূরে-দূরে রাখি ;
তারপর কোনোদিন যদি মনে হয়

চৈত্র ১৩৫৭

দিনগুলি বাসি বড়ো, রাত্রি বড়ো বিবর্ণ একাকী
প্রেমিক কি উদ্বাস্তুর মতো এক সমস্যায় নিতান্তই মূর্খ হ'য়ে গেছে :—
আমার কি আসে যায়, তুড়ি মেরে এগজামিনে দিয়ে যাবো ফাঁকি !

অথবা কবিতা দিয়ে সমর্থন জানাবো তোমাকে,
হে প্রেমিক, হে উদ্বাস্তু ; তোমাদের দুঃখে আমি গ'লে হবো নদী !
হে দিন, হে কালরাত্রি ;
না-হয় আগলাবো আমি তোমাদের দুর্দিনের গদি ।
তোমরা নির্বোধ হাতে স্মৃতিমুখ খুঁজে-খুঁজে প'ড়ে যাবে যখন
অসুখে,
তোমাদের দুঃখে আমি ম'রে যেতে রাজি আছি—কারো দুঃখে
মরা যায় যদি ।

কী আশ্চর্য ! সেই ছেলে আমার দর্শন শুনে তবু
অর্ধেক বিস্কুট ফেলে রেস্টোরাঁ থেকে
চ'লে গেল । সেই মেয়ে সিনেমার বিজ্ঞাপনে, ভিড়ে
ডুবে গেল, তারপর কী যেন বললো সঙ্গিনীকে ?—
মনে হ'লো হেমিংওয়ে মম্ নিয়ে ওদের বিবাদ
আজন্ম চলেছে যেন, বন্ধুত্বটা কোনোমতে আছে তবু টিঁকে !

হঠাৎ পড়লো চোখে কাগজের এডিটরিয়াল,
আমেরিকা ভালো, চীন ভালো···
ট্রম্যান পাঠাবে অস্ত্র আমাদের কাল :
হৃদয় জুড়ালো ।
হে যুবক, হে যুবতী, পৃথিবীতে তোমাদের কতটুকু দাম ?
কান্নাকে শরীরে নিয়ে কার ঘরে কয় কৌটা দিয়ে গেলে আলো ?

ক্লান্তি নেই

বিষ্ণু দে

আমার স্বপ্নও অপরিসীম
আমার মনে কোনো ক্লান্তি নেই,
অথচ ডালে ডালে শুকনো হাহাকার,
অথচ মাঠে মাঠে অসাড় হিম,
আকাশে কান্নারও ক্ষান্তি নেই !

জীবন উদ্‌গ্রীব প্রতীক্ষায়,
প্রতীক্ষা, না এক মিশ্রসুর !
আকাঙ্ক্ষার নীলে রেঙেছে অঙ্গার,
চাওয়ার পাওয়া মেশে সে ভিক্ষায়,
শরীরে মন মেলে মুঠিতে দূর।

চাই না তুমি বিনা শান্তিও,
তোমাকে চাই তাতে ক্লান্তি নেই।
কৃষ্ণচূড়া রাঙে, সেও তো হাহাকার ?
আমারই হৃদয়ের কান্তি ও।
তোমাকে জেনেছে যে শান্তি নেই
জীবনে তার আর, সেই হীরার ॥

শ্যাম খুড়োর মনের কথা

অন্নদাশঙ্কর রায়

বাপজান ! তুমি যেয়ো না।
সোনামণি ! তুমি যেয়ো না !
ভালো ছেলে ! তুমি যেয়ো না !
যেয়ো না হে তুমি রাশিয়া।
ওখানে রয়েছে স্টালিন !
যাদুকর ও যে স্টালিন !
ছেলেধরা ও যে স্টালিন।
ভোলাবে সর্বনাশিয়া !
জবাহর ! যেতে দিয়ো না !
ভাইয়াকে যেতে দিয়ো না !
বাচ্চুকে যেতে দিয়ো না।
দিয়ো না হে যেতে রাশিয়া !
ছেড়ে দাও ওকে কাশ্মীর।
চায় যদি তবে আজমীর !
খুলে দাও গেট দিল্লীর।
স্বাধীনতা যাক ভাসিয়া।

১৯৪৯

সম্পাদকীয়

বাংলার আধুনিক লেখকদের মধ্যে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ছিলেন অজাতশত্রু। তাঁর সমসাময়িক অনেকের বিষয়েই মতভেদ ঘটছে—কোনো-কোনো ক্ষেত্রে দুরন্ত মতভেদ—কিন্তু বিভূতিভূষণের প্রতিকূল পাঠকের অস্তিত্ব কখনো শোনা যায়নি। তাঁর প্রথম গ্রন্থ প্রকাশমাত্রই সারা দেশের চিত্তহরণ তিনি করেছিলেন। সে-সময়ে এমন কেউ ছিলেন না—সাধারণ পাঠক কিংবা বিদ্বজ্জন, বিদ্রোহী তরুণ কিংবা প্রবীণ সুনীতিকাতর আচার্য—'পথের পাঁচালী'র প্রশংসায় যিনি পঞ্চমুখ নন; তৎকালীন নবাগতের মধ্যে এই একজনের অভ্যর্থনা ছিলো সর্বত্র অবারিত। সর্বসম্মতিক্রমে কোনো সদ্গ্রন্থের এমন আশু সমাদর বিরল; সে-কারণেও 'পথের পাঁচালী' আমাদের ইতিহাসে উল্লেখযোগ্য।

আজকের দিনেও বিভূতিভূষণের নিন্দুক নেই; পক্ষান্তরে, দেশের মনোলোকে নানারকম হাওয়াবদল সত্ত্বেও তাঁর ভক্তসংখ্যা বেড়েই চলেছে। এর কারণ তাঁর বস্তুনিষ্ঠা, অর্থাৎ বিষয়ের উপর সম্পূর্ণ অধিকার; এর কারণ তাঁর রচনার স্নিগ্ধ নির্লোভ নির্বিরোধ প্রকৃতি। এই প্রকৃতিকে বলা যায় প্রাণনশীল; অর্থাৎ, যা তিনি প্রাণ দিয়ে জেনেছেন, হৃদয় দিয়ে অনুভব করেছেন, যেখানে তাঁর আনন্দ, যেখানে তিনি অন্তরঙ্গ, সেখানেই তাঁর সাহিত্যের উপকরণ তিনি সংগ্রহ করেছেন। ফলত যেমন একদিকে তাঁর কৌতূহল অদূরচারী, পরিধি অপরিসর, তেমনি অন্যদিকে তাঁর অভিজ্ঞতা যথার্থ, এবং অভিজ্ঞতার প্রতিফলনে বিন্দুমাত্র কৃত্রিমতা নেই। তাই—যদিও অপুর পরবর্তী নাগরিক অধ্যায়ের বর্ণনায় লেখকের অস্বস্তি দেখে পাঠকেরও অস্বস্তি লাগে—তবু সমগ্রভাবে দেখলে তাঁর স্বধর্মেই তিনি আশ্রিত ছিলেন। এটা খুব সহজ কথা নয়। লোকহিতৈষী কর্তব্যবোধে, কিংবা কখনো জনতার উত্তেজনায়, প্রতিভা-বানেরও পতন ঘটতে যেখানে আমরা বারবার দেখেছি, সেখানে-যে বিভূতিভূষণ উল্লেখ্যরূপে রক্ষা পেয়েছেন, তাঁর স্বভাবের নির্বিঘ্ন আত্মস্থতাই তার কারণ। 'আজকের দিনে পাঠক কী চায়' সে-কথা কখনো চিন্তা না-ক'রে বরাবর তিনি আপন অনুভূতিরই অনুগামী ছিলেন ব'লে তাঁর পারলৌকিক 'তত্ত্ব'ঘটিত রচনাও হার্দ্য রসে বঞ্চিত নয়।

আধুনিক বাংলা গল্পের, এবং কথাসাহিত্যের, দুটি প্রধান ধারা লক্ষণীয়। একটির উৎস বলা যেতে পারে বঙ্কিম-শরৎ, অন্যটির—যদিও রবীন্দ্রনাথ পূর্ব যুগে বঙ্কিমের এবং শরৎচন্দ্র বহুলত রবীন্দ্রনাথের অধমর্ণ—অন্যটির উৎস রবীন্দ্রনাথ-প্রমথ চৌধুরী। এই বিচারে সমসাময়িক অনেকেরই গোত্রনির্ণয় সম্ভব, কিন্তু বিভূতিভূষণ এর বিস্ময়কর ব্যতিক্রম। রবিচক্রে তিনি ধরা দেননি, আবার পল্লীজীবনের রূপকার হ'য়েও কদাচ তিনি শরৎপন্থী নন; এবং তাঁর সমসাময়িক কোনো পল্লীকথকের সঙ্গেও কোনো সাদৃশ্য তাঁর ধরা পড়ে না। সমাজ-সংস্কারে তাঁর অনীহা, স্বদেশপ্রেমের ভাবালুতাও তাঁকে আবিল করেনি। তাঁর রচনার স্রোত অবাধ সমতলে ধীর লয়ে প্রবহমাণ; সেখানে কোনো ঘটনাই অ-সাধারণ কিংবা চমকপ্রদ নয়, আবার কিছুই অস্বাভাবিক নয়, কোনোটাই তুচ্ছ নয়, এমনও কিছু নেই যা অচিরেই পুরোনো হ'য়ে যাবে। সাধারণের সীমাতিক্রম না-ক'রে এই-যে শিল্পসিদ্ধি, এতে শিল্পীর বিশেষ একরকম প্রতিভার প্রমাণ দেয়।

উপরন্তু আরো এক কারণে বিভূতিভূষণের স্বকীয়তা স্পষ্ট চোখে পড়ে; বাংলার 'অমিশ্র' উপন্যাসিকদের মধ্যে তিনিই বোধহয় একমাত্র যিনি প্রকৃতিচেতন, প্রকৃতিপ্রেমিক। মানুষের সংসারের বাইরে যে আরো কোনো তথ্য আছে, গাছপালা জীবজন্তু ঋতুর আবর্তন নিয়ে এক বৃহৎ জীবন্ত নিত্য-উপস্থিত জগৎ, এ-বিষয়ে চৈতন্য সাধারণত কবিদেরই প্রদেশভুক্ত ব'লে গণ্য হয়, অন্তত যাঁরা উপন্যাস ভিন্ন লেখেন না তাঁদের দেখা যায় প্রায়ই একান্ত উদাসীন। এখানে বিভূতিভূষণ এমনই উজ্জ্বল ব্যতিক্রম যে প্রকৃতিপ্রেমে সমসাময়িক ক্ষেত্রে শুধু জীবনানন্দ দাশই তাঁর তুলনীয়,—যদিও কবির বিরহবোধের আকৃতির পরিবর্তে তাঁর রচনায় আছে ঘনিষ্ঠতার সহজ সম্বন্ধ, আছে মানুষের সংসারযাত্রায় নিসর্গের ওতপ্রোত সস্নেহ সক্রমণের কাহিনী। এবং এই কারণেই, বাস্তবের অপরিসর গণ্ডি সত্ত্বেও, তাঁর রচনায় আমরা আন্তরিক ব্যাপ্তি অনুভব করি, স্থানকালের সীমা-পেরোনো কোনো বৃহত্তের উপস্থিতিতে মন আমাদের মুক্তি পায়। শুধু অরণ্যপর্বে নয়, তাঁর রচনার সর্বত্রই এই লক্ষণ বিরাজমান ব'লে তাঁর কাহিনীর চরিত্র এবং ঘটনাবলী চিরন্তনের পটভূমি থেকে চ্যুত হয় না; বিভূতিভূষণের স্থায়িত্বের সম্ভাবনা এখানেও সূচিত ব'লে মনে হয়।

বিভূতিভূষণ কল্লোলযুগে আসরে এসেও সেই আন্দোলনে ঠিক লিপ্ত হননি, কখনো কোনো বিতর্কে অংশ নেননি, গদ্যের রীতি কিংবা কাহিনীর প্রসঙ্গ নিয়ে অভিনব কোনো পরীক্ষায় প্রবৃত্ত হননি, বাংলাদেশে সাহিত্য-চিন্তার ক্ষেত্রে বিগত দশকের—কিংবা দুই দশকের—বিবিধ বিচিত্র আলোড়নের প্রভাব অনায়াসেই এড়িয়ে গেছেন। এও তাঁর স্বধর্মের আজ্ঞাপালনেরই ফল। তিনি ছিলেন সহজসিদ্ধির পথিক, সরলতার পূজারি; তাঁর শেলব সংবেদনশীল মন কথাবিমুখ ছিলো ব'লেই দুটি বালকবালিকার চর্বিতকথায় অমৃতের আস্বাদ তিনি দিতে পেরেছেন, এবং সেই সঙ্গে এও প্রমাণ করেছেন যে বাংলাদেশে এখনো সরল স্বতঃস্ফূর্ত সংলেখক অসম্ভব নয়। আমরা যারা তাঁকে বন্ধুভাবেও পেয়েছিলাম, তাঁর আকস্মিক অকালমৃত্যু তাদের পক্ষে দ্বিগুণ দুঃখের। আধুনিক বাংলা সাহিত্যের ক্ষেত্রে এই প্রথম মৃত্যুর হাত পড়লো।

• • •

কলকাতার বিশ্ববিদ্যালয়ের জগদ্ধাত্রিণী স্মৃতিপদক সাহিত্যসমাজে কতটা আকাঙ্ক্ষার বস্তু বলা শক্ত, কেননা ওটা সাহিত্যকর্মের নয়, সাহিত্যিকের পরমায়ুলাভের পুরস্কাররূপেই প্রদত্ত হ'য়ে থাকে। কিন্তু এ-বছর শ্রীযুক্ত রাজশেখর বসুর নামের সঙ্গে যুক্ত হ'য়ে এই পদকের মর্যাদা বাড়লো। বর্তমান বাংলা সাহিত্যে এই হাস্যরসিক বৈয়াকরণ পণ্ডিত যেখানে অধিষ্ঠিত সেখানে তাঁর জুড়ি নেই। জীবিত অন্য কারো মধ্যেই প্রাচীন এবং নবীনের এই সমন্বয় দেখতে পাই না; তাঁর পাণ্ডিত্য পুরোনোপন্থী—যে-পুরোনো নিত্য আমাদের প্রয়োজনীয়—কিন্তু তাঁর মনের উন্মুখতা আধুনিকের দিকে—যে-কারণে তাঁর পাণ্ডিত্য গ্রন্থাগারে ধূসর না-হ'য়ে জীবিত সাহিত্যের ক্ষেত্রে ফলপ্রসূ হ'তে পারলো। 'চলন্তিকা' হাতের কাছে না-থাকলে কোনো শিক্ষিত বাঙালির আজ চলে না; নতুন বানানের প্রচলনে একদিকে যেমন রবীন্দ্রনাথের উদাহরণ, তেমনি ঐ অভিধানের প্রভাবও দূরপ্রসারী। বসু-মহাশয়ের রামায়ণ নিয়ে ইতিপূর্বে বিস্তারিত আলোচনা আমরা করেছি; সম্প্রতি মহাভারতের সরল সুপাঠ্য সারানুবাদ প্রকাশ ক'রে আর-একটি কীর্তি তিনি সমাপন করলেন।

যেহেতু তিনি অক্লান্তকর্মা, অনুরাগীর কৌতূহল জাগে এর পরে কোন

নতুন কর্ম তিনি হাতে নিয়েছেন, কিংবা নেবেন। সম্ভবত তাঁর নিজেরই কোনো সংকল্প আছে; তবু আমাদের একটি প্রস্তাব এ-প্রসঙ্গে তাঁকে নিবেদন করি। বাংলা ভাষায় উল্লেখগ্রন্থের একান্ত অভাব। বৈদেশিক এনসাইক্লো-পীডিয়া ভারতীয় প্রসঙ্গে কৃপণ; প্রাচীন ভারতের ছোটোখাটো যে-কোনো তথ্য জানতে হ'লে পণ্ডিতের দ্বারস্থ হ'তে হয়, কিংবা বিস্তর ভূলাকার গ্রন্থ ঘাঁটতে হয়, কিংবা হয়তো জ্ঞানলাভের আশাই নিবে যায়। এতে শুধু যে ব্যবহারিক জীবনে পদে-পদে বিঘ্ন ঘটে তা নয়, নিজেদের ঐতিহ্য-চেতনাও পুষ্ট হবার সুযোগ পায় না। বস্তুত, শিক্ষিত বাঙালি আপন ইতিহাসের তুলনায় ইওরোপ, চীন কিংবা গ্রীক-রোমকের খবর যদি বেশি রাখেন, উপযোগী গ্রন্থাবলীর অভাবও তার অন্যতম কারণ। মূল্যবান গবেষণাদি আমাদের দেশে হয়েছে, হচ্ছে, কিন্তু এমন কোনো নির্ভরযোগ্য গ্রন্থ এখনো দেখা দেয়নি, যা সর্বসাধারণের অধিগম্য। পণ্ডিতের গবেষণার ফল সকলের কাছে পৌঁছতে পারে না, তার জন্য সুযোগ্য ব্যক্তির মধ্যস্থতা প্রয়োজন। পশ্চিমী দেশে এই কর্মের অনলস সম্পাদন দেখতে পাই; সেখানে স্বদেশী সাহিত্য এবং জীবন, গ্রীক-রোমক কিংবা বাইবেলঘটিত পুরাতত্ত্ব, এ-সব বিষয়ে অনতিদীর্ঘ, সুখপাঠ্য এবং প্রামাণিক যে-সব উল্লেখ-গ্রন্থ প্রচলিত, আমাদের দেশেও সে-রকম কেন হচ্ছে না, কোনো-না-কোনো সময়ে অনেকের মনেই এ-প্রশ্ন হয়তো জেগেছে। বিশেষভাবে প্রাচীন-ভারতীয় প্রসঙ্গে এমন একটি গ্রন্থের প্রয়োজন অনুভূত হয়, যাতে তৎকালীন রাষ্ট্রিক এবং সামাজিক ব্যবস্থা, ইতিহাস, ধর্ম, দর্শন, শিল্পসাহিত্য, কারুশিল্পাদি, এবং অশনবসন বাসস্থান লোকাচার কুসংস্কার ইত্যাদি সকল বিষয়েই যথাযথ তথ্যাবলী সুশৃঙ্খল নৈপুণ্যে কয়েকশো পৃষ্ঠায় সন্নিবিষ্ট হবে। শ্রীযুক্ত রাজশেখর বসুর জ্ঞানের ভাণ্ডার অপ্রতুল নয়; উপরন্তু তাঁর গদ্য মিতভাষী এবং প্রাঞ্জল; এ-রকম একটি পুস্তক তিনি প্রণয়ন করলে উত্তমরূপে ব্যবহার্য হবে, এবং নিজেদের অতীত বিষয়ে বিশেষজ্ঞ না-হ'লেই অজ্ঞ আর থাকতে হবে না।

* * *

বিশ্বভারতী রীতিমতো বিশ্ববিদ্যালয়ে পরিণত হচ্ছে, এতে কেউ-কেউ আশঙ্কা করছেন তার বৈশিষ্ট্যের হানি হবে। এ-আশঙ্কার ভিত্তি আছে

মনে হয় না। যে-আদর্শ নিয়ে রবীন্দ্রনাথ তাঁর 'ব্রহ্মচর্যাশ্রম' স্থাপন করেছিলেন, বলা বাহুল্য এই বৈশ্য যুগে তা রক্ষা করা সম্ভব হয়নি। শান্তিনিকেতনের শিক্ষাভবন যখন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ হ'লো, তখন—চিঠি প'ড়ে জানা যায়—রবীন্দ্রনাথ সুখী হননি। ইউনিভার্সিটির সিলেবাস মেনে নিলেই পাশ-করানো শিক্ষাতন্ত্রের আনুষঙ্গিক বিড়ম্বনা এসেই পড়ে; বাহ্যিক ব্যবস্থার বৈশিষ্ট্য দিয়ে তাকে ঠেকানো যায় না। অতএব বরং স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় হ'য়েই বিশ্বভারতীর চারিত্রবিকাশের এখন সুযোগ হবে। ভারতের অন্যান্য নবীন আবিবাসিক বিশ্ববিদ্যালয়ের তুলনায় বিশ্বভারতীর স্বকীয়তা কেমন ক'রে সিদ্ধ হ'তে পারে সে-বিষয়ে মতভেদের বোধহয় ক্ষেত্র নেই; স্পষ্টত, বিশ্বসাহিত্যের সম্প্রসারিত অঙ্গীকরণ এবং সেই সঙ্গে বাংলা ভাষা ও সাহিত্যের—বিশেষত রবীন্দ্রসাহিত্যের—গভীর ব্যাপক অনুশীলনেই বিশ্বভারতী সার্থকনামা হ'তে পারে। এ-পর্যন্ত শান্তিনিকেতনে রবীন্দ্র-বিষয়ক গবেষণা যা হয়েছে, ছন্দ বিষয়ে প্রবোধচন্দ্রের এবং সংগীত বিষয়ে শান্তিদেবের কর্ম ব্যতীত, তার সবই প্রায় গ্রন্থনঘটিত তথ্যবিষয়ক। সে-সব তথ্য মূল্যবান, কিন্তু কাব্যজিজ্ঞাসার সূত্রপাত হয়নি। এবার রবীন্দ্রসাহিত্যের আন্তরিক আলোচনার উদারতম ক্ষেত্ররচনা বিশ্বভারতীর কর্মসূচীর অন্তর্গত হবে, এই সম্ভাবনা নিশ্চিন্ত ভাবতে বোধহয় দোষ নেই। কিন্তু এই সম্ভাবনা সার্থক করতে হ'লে শুধু যথোচিত ব্যবস্থাপনা নয়, কিছু মানসিক হাওয়াবদলও প্রয়োজন। যত দিন যাচ্ছে, ততই রবীন্দ্রনাথ নতুনতর পরিপ্রেক্ষিতে ধরা দিচ্ছেন; আজকের দিনের রসজ্ঞ সেখানে যেমন অভূতপূর্ব সম্পদ খুঁজে পাচ্ছেন, তেমনি বাংলাদেশে অতি প্রচলিত কোনো-কোনো ধারণা ক্রমশই অসার প্রতিপন্ন হচ্ছে। তাই রবীন্দ্র-কাব্যজিজ্ঞাসার যথার্থ সম্পাদনার জন্য এখন সমালোচকের অন্যান্য আবশ্যক গুণের সঙ্গে নিরপেক্ষতাও চাই, এবং নিরপেক্ষতায় উৎসাহিত হবার মতো মুক্ত মানসিক আবহাওয়াও অবশ্য অপরিহার্য।

সমালোচনা

নতুন কবিতা। সম্পাদক আশরাফ সিদ্দিকী, আবদুর রশিদ খান। ওয়ার্সী বুক সেন্টার, ঢাকা। আড়াই টাকা।
সমকালীন বাংলা কবিতা। প্রকাশক সুহৃদ রুদ্র, কলকাতা। তিন টাকা।

এই কাব্যসংকলন দুটি অনেকাংশে সদৃশ। উভয় গ্রন্থই তরুণতর কবিদের প্রতিনিধিত্বে প্রতিশ্রুত, এবং ঐতিহাসিক চিহ্ননির্ণয়ে সচেষ্ট। 'নতুন কবিতা', সম্পাদকীয় বিজ্ঞপ্তি অনুসারে, 'পূর্ব-পাকিস্তানের সর্বপ্রথম কাব্য-সংকলন', আবদুল কাদির সম্পাদিত 'কাব্যমালঞ্চ' যেখানে শেষ সেখানেই এর আরম্ভ। তেমনি, 'সমকালীন বাংলা কবিতা' তাঁদেরই রচনার সংকলন, যাঁরা 'আধুনিক বাংলা কবিতা' প্রকাশের সময় কাব্যজগতে অজ্ঞাত ছিলেন, কিংবা যাঁরা ঐ গ্রন্থে গৃহীত হননি বা হ'তে চাননি। অর্থাৎ বিগত দশকের বাংলা কবিতার—বাংলা ভাষার কবিতার—সারচিত্ররচনা এই গ্রন্থ দুটির কথিত উদ্দেশ্য।

উদ্দেশ্য নিঃসন্দেহে উত্তম। গত দশ বছরে কবিতার প্রাঙ্গণে নবাগত হয়েছেন অনেকেই ; নির্বাচিত শেষ পর্যন্ত ক-জন হবেন তা যদিও বলা শক্ত, তবু আপাতত সমগ্রভাবে তাঁদের চেহারাটা দেখতে পাওয়া দরকার। পত্রিকাদিতে বিচ্ছিন্নভাবে অনেকের রচনা আমি দেখেছি। মনে হয়েছে বাংলা কবিতা যুদ্ধকালীন অধঃপাত থেকে সামলে উঠছে ; 'অনুষ্টুভ' কবিতা লিখতে তরুণরা আর লজ্জা পান না ; আশা পেয়েছি, কোথাও কোনো পংক্তিনৈপুণ্যে, কোথাও বা বিরল কোনো সুসম্পূর্ণ রচনায় ; কিন্তু এ-পর্যন্ত এমন কিছু দেখিনি যাকে নূতনের উন্মেষের লক্ষণ ব'লে ভাবা যায়। এই মত আমি ইতিপূর্বে কয়েকবার প্রকাশ করেছি, এবং তার যাঁরা প্রতিবাদ করেছেন, সর্বান্তঃকরণে কামনা করেছি, তাঁদের কথাই সত্য ব'লে প্রমাণ হোক। তেমনি কিছু প্রমাণ পাবো আশা ক'রে সংকলন দুটি সোৎসাহে খুলেছিলাম। কিন্তু নিরাশ হ'তে হ'লো। নৈরাশ্যের কারণ নতুন কবিদের শক্তিহীনতাই অবশ্যই নয়—তার কারণ সম্পাদকের অযোগ্যতা, সংকলনকার্যের সুস্পষ্ট অক্ষমতা।

পড়তে-পড়তে প্রথমেই মনে হয় যে শিরোনামায় এবং ভূমিকায় তিন কোনোটিতেই উল্লেখযোগ্য নতুন কিছু নেই। এমন নয় যে ভালো কবিতা বিরল। যাকে সাধারণত 'ভালো' কবিতা বলে, অর্থাৎ যা মুদ্রণযোগ্য এবং পাঠযোগ্য, তার উদাহরণ দুটি বইতেই বিদ্যমান—দ্বিতীয়টিতে সংখ্যায় কিছু বেশি, এবং সেখানে সাধারণ কলাকৌশলও উন্নত, কদাচ উৎকৃষ্টেরও সাক্ষাৎ মেলে—কিন্তু উভয়তই মনে হয় যেন মাকারির মেলায় দৈবাৎ তারা প্রক্ষিপ্ত। তার উপর—এটাই জরুরি কথা—এই স্বল্পপরিমাণ ভালোতেও স্পষ্ট কোনো মোড় ফেরার চিহ্ন পড়েনি। এই সঙ্গে এ-কথাও উল্লেখ্য যে সংকলন দুটি পাশাপাশি রেখে পড়লে দুস্তর কোনো প্রভেদ বোঝা যায় না; 'নতুন কবিতা'য় ফারসি শব্দের কিছু আধিক্য আছে, এবং বাক্‌বিন্যাসে মোটের উপর পাই চাতুর্যের বদলে সরল পদ্যীস্বর—এটুকু কথা বাদ দিলে সমসাময়িকতাজনিত আত্মীয়তাই অনুভূত হয়। উদাহরণত শামসুর রহমানের

বিকেলের ছায়া-আবডালে
যেখানে মেয়েরা কচু হাতে হাত রেখে
দু-দণ্ড বসিত এসে কুহু কলরবে ঐ ঘাসের উপর…
সে-সব মেয়ের নীল চোখ আর নিখুঁত চিবুক
অনেক দেখেছি আমি বিকেলের ছায়া আবডালে।
সায়রের পানকের মতো ঝকঝকে
আরো কতো অদ্ভুত শরীর
আমার দেহের সীমা ছুঁয়ে
ছুঁয়ে ছুঁয়ে মনের কিনার
চোখের আড়ালে মেঘে চ'লে।…
প্রাচীন দুধের জলে সে-সব মেয়েরা
রেখে গেছে—ফেলে গেছে হয়তো চোখের কিছু নীল।

('নতুন কবিতা', পৃ: ৮০)

এবং চিত্ত ঘোষের

কার মুখ, কার মুখ, কার ছায়া কেঁপে কেঁপে ওঠে,
খোলা খুলে মেঘে মেঘে পিঠে,
মাঝে-মাঝে দমকা হাওয়ায়
শাড়ীর আঁচলটুকু ছুঁয়ে যায়, শরীরের সীমা ছুঁয়ে যায়।…

কবিকের আলো লাগা ঠাণ্ডা সাদা পাথরের মুখ
মনে হ'ল যেন তার কবির অসুখ।

('সমকালীন বাংলা কবিতা', পৃঃ ৩৬)

এ-দুটি অংশের সাদৃশ্য তো স্পষ্টই, অভিজ্ঞ পাঠকের পক্ষে এও ব'লে দেয়া শক্ত হয় না উভয় ক্ষেত্রেই কোন-কোন পূর্ববর্তীর প্রভাব ক্রিয়াশীল। এ-তথ্য, যাঁরা পূর্ব-পাকিস্তানের সাংস্কৃতিক স্বাতন্ত্র্যে বিশ্বাসী, তাঁদের পক্ষে উৎসাহজনক নয়; তবে সেই স্বাতন্ত্র্যসিদ্ধি অবশ্য তিন বছরেই সম্ভব হ'তে পারে না, এবং ভৌগোলিক ঐতিহাসিক কারণে ভবিষ্যতেও তার যে-সব অন্তরায় আছে, তার আলোচনা এখানে অবান্তর।

সাম্প্রতিক পূর্ব-পাকিস্তানি কাব্যে আমার অভিজ্ঞতা তেমন বিস্তৃত নয়, কিন্তু 'সমকালীন বাংলা কবিতা' বিষয়ে নিশ্চয়ই বলবো যে বিগত দশকের প্রতিভূ হবার দাবি এর অগ্রাহ্য। শুধু-যে অযোগ্য রচনা স্থান পেয়েছে তা নয়, কিংবা পরিচিত যোগ্য রচনার স্থান হয়নি তাও নয়, অক্ষম নির্বাচনের ফলে অন্তর্গতরাও অনেক সময় ক্ষতিগ্রস্ত হয়েছেন। এর প্রকৃষ্ট উদাহরণ অশোকবিজয় রাহা। ইনি এই গ্রন্থে প্রবেশ পেয়েছেন—পড়তেই—বয়ঃক্রমিক সমকালীনতার দাবিতে নয়, 'আধুনিক বাংলা কবিতা'র অন্তর্গত হননি ব'লেই। কিন্তু 'তারা-চাষের স্বপ্ন' এই শীতলস্বভাব কবির প্রতি সুবিচার করে না; এর অর্ধেক পরিসরে এমন কয়েকটি লিরিকের সংযোজনা সম্ভব ছিলো যাতে এই স্নিগ্ধ সুকুমার কবির চরিত্র ঠিক চেনা যেতো। তারপর নরেশ গুহ—যিনি তরুণতরদের মধ্যে সবচেয়ে সুরেলা কবি, এবং সম্ভবত যাঁর গলার আওয়াজও স্বকীয় ব'লে চেনা যায়—এই সংকলনে তাঁর বৈচিত্র্য ক্ষুণ্ণ হয়েছে, সব ক-টি কবিতা একই যৌবনবিষাদের সুরে বাঁধা;—অন্তত 'কবির জন্ম' নামক তাঁর শৈশব বিষয়ক হাস্যমধুর ক্ষুদ্র রচনাটি দেখতে না-পেয়ে তাঁর অনেক পাঠকই নিরাশ হবেন। তাছাড়া এই গ্রন্থের আর যাঁরা উল্লেখযোগ্য নতুন কবি, তাঁদের মধ্যে নীরেন্দ্রনাথ চক্রবর্তীর ছন্দোনৈপুণ্য আছে, কিন্তু সংকলন প'ড়ে মনে হয় তিনি শুধুই ছন্দ লেখেন। সব মিলিয়ে ভাবটা এইরকম যেন কবিদের এবং কবিতার নির্বাচন বিশেষ-কিছু ভেবে-চিন্তে করা হয়নি—যথেচ্ছভাবে কয়েকটি কবিতা তুলে এনে পাশাপাশি

ছাপানো হয়েছে মাত্র; এবং প্রায় প্রত্যেক পৃষ্ঠায় কুশ্রী ছাপার ভুলেও অমার্জনীয় যত্নহীনতার প্রমাণ মেলে।

অবশ্য কবিদের নির্বাচন বিষয়ে যে-কোনো ক্ষেত্রেই কলহ ঘটবে, তবু এ-প্রসঙ্গে প্রশ্ন না-ক'রেও পারি না যে 'সমকালীন বাংলা কবিতা'য় যে-যুক্তিতে অশোকবিজয় এবং হরপ্রসাদ মিত্র স্থান পেলেন—'আধুনিক বাংলা কবিতা'য় অনুপস্থিতি—ঠিক সেই যুক্তি সঞ্জয় ভট্টাচার্য, মৃণালকান্তি (দাশ), এবং আরো দু-একজন প্রবীণতর সংকবির প্রতি যখন প্রযোজ্য ছিলো, তখন তাঁদেরও গ্রহণ করায় বাধা ছিলো কোথায়। আরো বেশি অবাক লাগে 'নতুন কবিতা'য় ফরুখ আহমদ, আবুল হোসেন, আহসান হাবীব, আবুল কালাম শামসুদ্দীন, এই ক-জনকে ফেলায় দেখে; এই অবহানি দুর্বোধ্যই মনে হয়।

কারো-কারো হয়তো মনে হবে যে সংকলন দুটির মন্তব্যের অংশই সবচেয়ে উপভোগ্য—এমনকি উদ্ধৃতির যোগ্য। আমাদের স্থানের অকুলোন, তবু দু-একটি উদাহরণ না-দিলে সুবিচার হবে না। 'নতুন কবিতা'য় যুগল-সম্পাদক তাঁদের ভূমিকায় কিছু নতুন কথা শুনিয়েছেন। পূর্ব-পাকিস্তানের কাব্যে বর্তমানে যে-'বিরাট প্রাণস্পন্দন ও আলোড়ন' এসেছে, তার উপযুক্ত পদবী নাকি 'বাংলা কাব্যে রেঁনেসা-যুগ'—অর্থাৎ 'রেনেসাঁ-যুগ'। তার কারণ, শুনে কথঞ্চিৎ আশ্বস্ত হওয়া যায়, অর্থসংগতি নয়; যেহেতু 'বাংলা সাহিত্যে রেনেসাঁ-যুগ ব'লে কোনো যুগ নেই,' অতএব সম্পাদকীয় মতে ওটি ও-ক্ষেত্রে 'বিনা-দ্বিধা'য় ব্যবহার্য। কবিদের বিষয়ে যে-পরিচয়পত্র মুদ্রিত হয়েছে, তাও কাজকর্ম চমকপ্রদ

> হঠাৎ একদিন উঠে দেখি কালরাত ভোর। ...(কবির নাম) আমাদের অরুণোদয়। বয়োজ্যেষ্ঠ না হলেও শরীদাদাদের সকলের প্রবীণ। ছন্দ, তাল, লয় ও মিলের...অদ্ভুত বিকাশ...আশ্চর্য তাঁর রোমান্টিক মন।

ইত্যাদি বিস্মিত এবং বিস্ময়কর বাক্যের যিনি উপলক্ষ্য, তিনি সম্পাদক-দ্বয়েরই অন্যতম।

অনুরূপ হৃদয়গ্রাহী প্রস্তাবে 'সমকালীন বাংলা কবিতা'র ভূমিকাটিও কৃপণ নয়। সংকলিত কবিরা, ভূমিকা প'ড়ে আমরা জানতে পারি, 'কবিতার আবেদনে চিরন্তন, জীবনের গভীরতাবোধে স্থিতপ্রাজ্ঞ।' কেউ বা

'মনের অন্তরলোকে স্থিতধী হবার প্রয়াসী', কারো বা 'জিজ্ঞাসু মনের অন্তর্নিহিত সত্যরূপ', কেউ বা 'নেতিবাচক তত্ত্বের মধ্যেই পরম আনন্দ-স্বরূপের প্রকাশ' দেখেছেন। এ ছাড়া পূর্ববর্তী কবিদের বিষয়ে যে-সব মৌলিক তথ্য পরিবেশিত হয়েছে, তার নমুনা তুলে কম্পোজিটরের কাজ বাড়াতে চাই না। মোটের উপর বই দুটির মুখবন্ধাদিতে যে-তৈলমসৃণ আত্ম-পরিতৃপ্তি দেখলুম, তা-ই যদি নতুন কবিদের সাধারণ লক্ষণ হয় তাহ'লে তো সব আশাই এক ফুঁয়ে নিবে যায়।

কিন্তু তা নয় ব'লেই বিশ্বাস করি। নিশ্চয়ই উভয় বঙ্গেই এমন কেউ-কেউ আছেন, যাঁরা পরিশ্রমী, ধৈর্যশীল, এবং যাঁদের আত্মপ্রত্যয়ের সঙ্গে আত্মসমালোচনারও শক্তি আছে। কোনো-একদিন তাঁদের কথা শুনতে পাবো ব'লে ভরসা রাখলাম। ইতিমধ্যে, 'সমকালীন বাংলা কবিতা'র জন্য রীতিমতো পরিতাপ জাগে; উৎসাহের সঙ্গে যোগ্যতার মিলন ঘটলে কত ভালো বই হ'তে পারতো! তবে অবশ্য এ-গ্রন্থের একটি স্থলে বুদ্ধির পরিচয় আছে; সম্পাদকের নাম নেই, ভূমিকাটিও স্বাক্ষরহীন। দুটি বইয়েরই দাম খুব বেশি মনে হ'লো।

বু. ব.

পাঞ্চালী, সুশীল রায়। এম. সি. সরকার অ্যাণ্ড সন্স লিমিটেড। দু টাকা।

এ নিয়ে আক্ষেপ ক'রে লাভ নেই যে শৈশবের নিরুদ্বেগ স্বাধীনতা শৈশবের সঙ্গেই শেষ হয়। দৈব দয়ায় সাহিত্যের শৈশবকালে যাঁদের জন্ম হয়েছিল তাঁদের অপটু ছন্দের ভাষণও আমরা ধৈর্য ধ'রে পাঠ করি। ক্ষমা নেই তাঁদের, যাঁরা পরবর্তী, যাঁদের জন্মের পূর্বেই কাব্যের নির্দিষ্ট রূপ গ'ড়ে উঠেছে। যত দিন যায়, স্বভাবকবিত্বের সুযোগ তত ক'মে আসে। বাংলা কবিতার কৈশোর বহুকাল অপগত ব'লে কবি হিসেবে এখন তাঁকেই শুধু মানা সম্ভব, ভাবের গভীরতা না-থাকলেও অন্তত পদ্য রচনার কারুকর্মে যাঁর ত্রুটি নেই। যে-কোনো দেশের যে-কোনো কবিকে এখন—উৎকৃষ্ট কবিতা না হোক, অন্তত উৎকৃষ্ট পদ্য লিখতেই হবে।

দুঃখের বিষয় 'পাঞ্চালী'র মতো অসাধারণ সুদৃশ্য একটি কাব্যগ্রন্থে এমন কবিতা একটিও নেই—যাতে কলাকৌশলের বিস্তর ত্রুটি না আছে, কিংবা যাকে কবিতার খসড়া ব'লে খাতায় রেখে দিলে কবির বিশেষ ক্ষতি হ'ত। কবিতার

গভীর কোনো অর্থের আশা যদি ছেড়েও দিই, গড়নটা, নিঁখুত হলেই মনে হয় অনেক পেলাম। কিন্তু গড়নে ত্রুটি রাখার অর্থ সহজে কবিতার হত্যাসাধন। মাত্রাগুনতিতে সুশীল রায়ের কবিতা নির্ভুল, কিন্তু গুনতিটা ঠিক রাখার জন্য এ, তো, ই, সে, যে, তা, ও, হে প্রভৃতি সর্ববিপদহারক অব্যয় শব্দের প্রলোভনে কোনোরকমে বারংবার ধরা দিলে কবিতার জলাঞ্জলি অবধারিত। দৃষ্টান্ত. এক্ষুনি যেটা চোখে পড়লো, সুশীলবাবুর 'প্রেম' কবিতার শেষ দু লাইন

তোমাদের তার কথা যতটুকু যাই মনে পড়ে
ভেবে দেখো সে তো আর নাই,
কেবল রাখিয়া গেছে কাব্যে মোর মিছে কথাটাই।

কবিতার শৈশবেই এ-সব মানাতো। তাছাড়া হঠাৎ এমন সব কথা সুশীলবাবু ব্যবহার ক'রে বসেন যাতে কবির অভিপ্রায় ভিন্ন থাকলেও ফলটা হাস্যকর হ'য়ে ওঠে

মাকের নোলক সব অশ্রুর মুকুতা
ছলছলি দোলে যদি নাসাগ্রে তোমার
কোনো অসময়ে,...

করুণ রস সৃষ্টি করাই কবির উদ্দেশ্য, আশা করি? তদুপরি পাতায় পাতায় অচলিত 'কাব্যিক' কথার ছড়াছড়ি। তবু যে এ-গ্রন্থ আলোচ্য সেটা শুধু এ জন্য নয় যে প্রচ্ছদে ইন্দ্র দুগারের আঁকা লাবণ্যময় একখানি ছবি আছে, কিংবা গ্রন্থের ছাপা বাঁধাই কাগজ খুব ভালো। অসতর্ক হ'লেও কবিতা লেখার হাত সুশীলবাবুর আছে ব'লেই এ-সব কথা জানাতে হল। কেননা, বিরল হলেও :

ধৈর্য ধরে আশার শ্মশান,
স্বচক্ষে দেখিতে যেন পারি এই মম করি দান।

কিংবা

এ ধরনের ভালো লাইন যিনি লিখতে পারেন, কবিতার গড়নের দিকে মন দিলে তাঁর পক্ষে ফল নিশ্চয়ই ভালো হবে।

সরোজ গুহ

রবীন্দ্রনাথের নতুন বই

'চার অধ্যায়' এবং 'সভ্যতার সংকটে'র ইংরেজি অনুবাদ 'Four Chapters' এবং 'Crisis in Civilization' নামে বিশ্বভারতী-কর্তৃক সম্প্রতি প্রকাশিত হয়েছে। প্রথমটি সুরেন্দ্রনাথ ঠাকুরের অনুবাদ, দ্বিতীয়টিতে অনুবাদকের নাম নেই। অনুবাদ যথাসম্ভব মূলানুসারী, এবং এই কর্মের দুরূহতার অনুপাতে স্বাচ্ছন্দ্যও রক্ষিত হয়। 'Four Chapters'-এ মূলের ক্ষুদ্র মুখবন্ধটির বদলে সন্নিবিষ্ট হয়েছে 'চার অধ্যায়ে'র সমালোচকদের উত্তরে রবীন্দ্রনাথের বক্তব্য ('প্রবাসী,' বৈশাখ ১৩৪২)। উভয় গ্রন্থই সুদৃশ্য, সুচারুমুদ্রিত, 'Crisis in Civilization'-এ কবির একটি প্রতিকৃতিও আছে। মূল্য যথাক্রমে ৷৷০ এবং ১৲।

বহুবাঞ্ছিত 'স্বরবিতানে'র পাঁচটি নূতন খণ্ড (১০-১৪, প্রত্যেকটি ৩৲) একই বছরের মধ্যে প্রকাশিত হ'লো; দুটি তার মধ্যে 'কেতকী' আর 'নৃত্যগীতিকা'র পুনর্মুদ্রণ, এবং একটি 'তাসের দেশে'র স্বরলিপি সংবলিত সংস্করণ।

অনেক বছরের অপেক্ষার পর 'গীতবিতানে'র তৃতীয় খণ্ডও (৫৲) এতদিনে বেরোলো। এতে আছে 'কালমৃগয়া' থেকে 'শ্যামা' পর্যন্ত গীতিনাট্য নৃত্যনাট্য সব ক-টি সম্পূর্ণ; ভানুসিংহের পদাবলী; সমগ্র নাট্যগীতি ও প্রথম দুই খণ্ডে বাদ-প'ড়ে-যাওয়া সমস্ত গান এবং চেনা গানের ও গীতিনাট্যের বিভিন্ন পাঠান্তর; এবং পরিশিষ্টে এমন কিছু গান বা রবীন্দ্র-নামাঙ্কিত কোনো গ্রন্থে বা রচনায় ইতিপূর্বে স্থান পায়নি, কিংবা কবির স্বরচিত নয় অনুমান ক'রে বিশ্বভারতী বর্জন করেছিলেন। এই পাঠ্য-তালিকা সুবিস্তীর্ণ; তার উপর ৬৫ পৃষ্ঠাব্যাপী 'গ্রন্থ-পরিচয়'টি অসংখ্য মূল্যবান তথ্যাবলী এবং পরামর্শের আধার। এই তৃতীয় খণ্ডের সম্পাদনা-নৈপুণ্যে বিশ্বভারতীকে অভিনন্দন জানাতে হয়।

চিঠিপত্র

'কবিতা'-সম্পাদক সমীপেষু

'কবিতা'র বৈশাখ ১৩৫৭ সংখ্যায় শ্রীযুক্ত অরুণকুমার সরকারের বীরবলী সমালোচনাটি মূল্যবান এবং সময়োচিত হয়েছে। সময়োচিত, কারণ সুসংস্কৃত বাঙালির মনে প্রমথ চৌধুরী প্রতিষ্ঠিত হলেও, অধিকাংশ পাঠকের কাছে আজও তিনি অপরিচিত। শরৎচন্দ্র এবং নজরুলের সমকালীন ছিলেন তিনি; কিন্তু বাংলা সাহিত্যের মজলিসে একদিকে যেমন শরৎচন্দ্রের উপন্যাস এবং নজরুলের গান হাজার হাতের বাহবা পেল, অন্যদিকে মজলিসী বীরবল রইলেন উপেক্ষিত। বিশিষ্ট সাহিত্যিক মহলে তাঁর সমাদর যেমন স্বতঃসিদ্ধ, বৃহত্তর পাঠক-সমাজে তাঁর অনাদর তেমনি প্রত্যক্ষ। আজও এই অনীহা দূর হয়নি, তার উপর আজকের দিনে বীরবলী মেজাজ যে 'বুর্জোয়া' সংস্কৃতির প্রতিভূ, এবং সেই কারণেই বর্জনীয়—এ-কথা অনেকেই বলছেন। বর্তমানের পটভূমিতে বীরবলী বালাখানার রসজ্ঞ আলোচনার বিশেষ প্রয়োজন আছে।

কিন্তু অরুণবাবু তাঁর বিষয়ের প্রতি সম্পূর্ণ সুবিচার করেছেন ব'লে মনে হয় না। কারণ, যদিও এ-কথা স্বীকার্য যে প্রমথ চৌধুরীর 'স্বভাবটা ছিলো যুক্তিবাদী তার্কিকের', তাই প্রবন্ধ রচনাতেই তাঁর ব্যক্তিত্বের পরিচয়, এবং 'হার্দ্য কবিতা একটি-দুটির বেশী তিনি লিখে উঠতে পারেননি', তবু তাঁর গল্প বিষয়ে অরুণবাবুর মন্তব্য বোধহয় সুচিন্তিত নয়। আমার মনে হয়, শুধু প্রবন্ধে নয়, গল্পেও তাঁর আত্মপ্রকাশ স্পষ্ট, যেমন স্পষ্ট তাঁর কাহিনীর মনোরম বিন্যাস। প্রমাণস্বরূপ উল্লেখ করবো 'চার-ইয়ারী-কথা', 'আহুতি, 'সহযাত্রী', 'ঘর' ও 'চুড়িদৃশ্য'। এর প্রত্যেকটি ছোটোগল্পের শিল্পনিদর্শনের পরাকাষ্ঠা। এবং শুধু যে 'কথোপকথন-নির্ভর' গল্পই তিনি লিখেছেন তাও নয়; আবহপ্রধান গল্পেরও উৎকৃষ্ট উদাহরণ আছে, 'আহুতি'। ইংরেজিতে যাকে বলে fine yarn এ-গল্প তা-ই, খুবই মিহি সুতোয় বোনা। আর শুধু কথা দিয়েই বোনা নয়, মন দিয়েও, যে-মন শুধু তার্কিকেরই নয়, সংবেদনশীল স্রষ্টারও; শুধু যুক্তিবাদীর নয়, শিল্পীরও। যজ্ঞিনীর আশ্চর্য নিটুর চরিত্রের তুলনা দেতে হ'লে বাংলা সাহিত্য ছেড়ে বোধহয় ফরাসী

সাহিত্যে যেতে হয়। 'চার-ইয়ারী-কথা'য়, অন্নদাশঙ্করের মন্তব্য উদ্ধৃত করি, 'যেটুকু শাঁস সেটুকু একটি রক্তিম হৃদয়ের পদ্মরাগ-মণি, যেমন উজ্জ্বল তেমনি করুণ'।

প্রমথ চৌধুরীর উদ্দেশ্য ছিল 'কথ্য ভাষা আর সংলাপী ভঙ্গিমায় সর্বজনবোধ্য সাহিত্য রচনা করা', এ-কথা নিশ্চয়ই সত্য, যেমন সত্য এ-কথাও যে নতুন রাস্তা তাঁকে বানাতে হয়েছিল উদ্দেশ্যসাধনের তাগিদে। কিন্তু এই পথনির্মাণের পরিশ্রমে তাঁর 'সাহিত্যিক স্বাস্থ্যেরও ক্ষতি হয়েছিল', অরুণবাবুর এ-সিদ্ধান্ত গ্রহণীয় মনে হয় না। তাঁর অপর মন্তব্য যে, 'বীরবলী গদ্যের স্রোত নেই', এ-বিষয়েও আমি ঘোরতর সন্দিহান। এ-কথা অবশ্য মানতে পারি যে প্রমথ চৌধুরীর প্রাবন্ধিক গদ্য অনেকাংশেই 'মাপা-জোখা এবং মহর'; তাঁর গল্প বিষয়ে কিন্তু এই মূল্যায়ন খাটে না। উপরন্তু, এমন গল্পও তিনি লিখেছেন যা 'তর্ক-বিতর্কের ঠাসবুনিতে সময় সময় আধা-প্রাবন্ধিক' আদৌ হ'য়ে ওঠেনি। বরং তাঁর রীতির বৈশিষ্ট্য বোধ হয় প্রবন্ধের চাইতে গল্পেই বেশী পরিস্ফুট।

তাঁর বাহুল্যবর্জিত গল্পগুচ্ছের পরিধিও খুব ছোটো নয়, কেননা তাঁর কৌতূহলী দৃষ্টি শুধু বড়ো রাস্তার বসতিতেই আবদ্ধ ছিলো না, অদ্ভুতের অলিগলিতেও অবাধে বিচরণ করেছে। তাই বাংলা সাহিত্যে প্রমথ চৌধুরীর স্থান প্রধানত ভাষাসংস্কারক হিসেবেই, এই মত স্বীকার্য মনে করি না।

ভুবন বসু

'কবিতা'-সম্পাদক সমীপেষু

গত আষাঢ় সংখ্যায় "কবিতা"য় আমার কবিতার বই "নীল আকাশ"-এর একটা সমালোচনা বেরিয়েছে। আমার কবিতা কার ভালো লেগেছে বা লাগেনি এ সম্বন্ধে আমার কোনো বক্তব্যই থাকতে পারে না। সমস্ত বিচারই ব্যক্তিগত বুদ্ধি-বিবেচনার উপর নির্ভর করে। বিচারের সভা যেমন আইনের আদালতে আছে তেমনি সাহিত্যের আদালতেও আছে। এই নিয়ে কটাক্ষ করার অধিকার, আর যার থাক, যার রচনার বিচার হচ্ছে, তার নেই। অন্তত তার পক্ষে সেটা শোভন নয়।

সে কথা আলাদা। কিন্তু সমালোচনা করতে বসে সমালোচক যদি আলোচ্য রচনার অমর্যাদা প্রতিপন্ন করবার চেষ্টায় এমন কোনো উক্তি করেন যা তথ্যের দিক থেকে মিথ্যে, তবে তার প্রতিবাদ দরকার। আর, সত্যের খাতিরে সে প্রতিবাদ যে কেউই করতে পারে। কেননা সত্য সত্যই। "নীল আকাশ"-এর সমালোচনা প্রসঙ্গে সমালোচক লিখেছেন: "বিষয়ের দিক থেকেও বলা যেতে পারে 'প্রথমা'রই সমধর্মী, এমন কি 'প্রথমা'র প্রথামতো 'ভাই' শব্দের ছড়াছড়ি বিদ্যমান।" 'বিষয়' সম্বন্ধে সমালোচকের যা ধারণা তা তাঁর নিজেরই বিষয়—সে সম্বন্ধে নীরব থাকাই সমীচীন। কিন্তু ঐ যে শেষে লিখেছেন—"'প্রথমা'র প্রথামতো 'ভাই' শব্দের ছড়াছড়ি বিদ্যমান"—ওটি একটি নিছক কল্পনা, ভিত্তিহীন অপবাদ। "নীল আকাশ"-এ কবিতার সংখ্যা বত্রিশ, পৃষ্ঠাসংখ্যা উনসত্তর। "ভাই" শব্দের "ছড়াছড়ি" দূরের কথা, সমস্ত বইয়ে, এক মলাট থেকে আরেক মলাট পর্যন্ত, কোনো কবিতায়, কোনো পৃষ্ঠায়, কোনো লাইনে একটিও "ভাই" শব্দ নেই।

অচিন্ত্যকুমার সেনগুপ্ত

কবিতা

আষাঢ় ১৩৫৮

ষোড়শ বর্ষ, তৃতীয় সংখ্যা

ক্রমিক সংখ্যা ৬৯

তিনটি কবিতা

জীবনানন্দ দাশ

সুদর্শনা

একদিন ম্লান হেসে আমি
তোমার মতন এক মহিলার কাছে
যুগের সঞ্চিত পণ্যে লীন হতে গিয়ে
অগ্নিপরিধির মাঝে সহসা দাঁড়িয়ে
শুনেছি কিন্নরকণ্ঠ দেবদারু গাছে,
দেখেছি অমৃতসূর্য্য আছে।

•

সব চেয়ে আকাশ নক্ষত্র ঘাস চন্দ্রমল্লিকার রাত্রি ভালো ;
তবুও সময় স্থির নয় ;
আরেক গভীরতর শেষ রূপ চেয়ে
দেখেছে সে তোমার বলয়।

এই পৃথিবীর ভালো পরিচিত রোদের মতন
তোমার শরীর ; তুমি দান করো নি তো ;
সময় তোমাকে সব দান ক'রে মৃতদার ব'লে
সুদর্শনা, তুমি আজ মৃত।

শিরীষের ডালপালা

(সতেরো বছর আগের লেখা কিছু শোধিত)

শিরীষের ডালপালা লেগে আছে বিকেলের মেঘে,
পিপুলের ভরা বুকে চিল নেমে এসেছে এখন ;
বিকেলের শিশুসূর্যকে ঘিরে মায়ের আবেগে
করুণ হয়েছে ঝাউবন।

নদীর উজ্জ্বল জল কোরালের মত কলরবে
ভেসে নারকোলবনে কেড়ে নেয় কোরালীর ক্রূণ ;
বিকেল বলেছে এই নদীটিকে : 'শান্ত হতে হবে—'
অকূল শুপুরিবন স্থির জলে ছায়া ফেলে এক মাইল শান্তি
কল্যাণ
হ'য়ে আছে। তার মুখ মনে পড়ে এ-রকম স্নিগ্ধ পৃথিবীর
পাতাপতঙ্গের কাছে চ'লে এসে ; চারিদিকে রাত্রি নক্ষত্রের
আলোড়ন
এখন দয়ার মত ; তবুও দয়ার মানে মৃত্যুতে স্থির
হ'য়ে থেকে ভুলে যাওয়া মানুষের সনাতন মন।

তুমি

(সতেরো বছর আগের লেখা : কিছু পরিবর্তিত)

নক্ষত্রের চলাফেরা ইসারায় চারিদিকে উজ্জ্বল আকাশ ;
বাতাসে নীলাভ হয়ে আসে যেন প্রান্তরের ঘাস ;
কাঁচপোকা ঘুমিয়েছে—গঙ্গাফড়িং সে-ও ঘুমে ;
আম নিম হিজলের ব্যাপ্তিতে প'ড়ে আছ তুমি।

আষাঢ় ১৩৫৮

'মাটির অনেক নিচে চ'লে গেছ ? কিংবা দূর আকাশের
পারে
তুমি আজ ? কোন কথা ভাবছ আঁধারে ?
ঐ যে ওখানে পায়রা একা ডাকে জামীরের বনে :
মনে হয় তুমি যেন ঐ পাখি—তুমি ছাড়া সময়ের
এ-উদ্ভাবনে
আমার এমন কাছে—আশ্বিনের এত বড় অকূল আকাশে
আর কাকে পাব এই সহজ গভীর অনায়াসে—'
বলতেই নিখিলের অন্ধকার দরকারে পাখি গেল উড়ে
প্রকৃতিস্থ প্রকৃতির মত শব্দে—প্রেম অপ্রেম থেকে দূরে।

তিনটি কবিতা

অমিয় চক্রবর্তী

য়ুরোপা জাহাজে

কিছুই হয় না এই মস্ত জল স্থিতির আকাশে
ঢেউ ওঠে হাওয়া শূন্যে ভাসে।
নিশ্চন্দ্র চেতনা-বিন্দু চিন্তাহীন তমসায়
ফিরে গিয়ে নেই যেন আপন প্রবর্ত সমতায়।
জাহাজে প্রকাণ্ড ধূ ধূ মরু নীল অনস্তির জলে
শুধু মাত্র ধুক্‌ধুক্ প্রাণ বেঁচে চলে।
হুহু শ্বাস জলোচ্ছ্বাস কাঠের পাঁজর শব্দতাল
তারি মধ্যে অপর্য্যাপ্ত দিকে দিকে ডোবে আজকাল।
অন্য যা-কিছু স্মৃতি আদি মনো-মৃত্তিকার তীরে
পশ্চিম পূর্বের পারে ঢেকে গেছে নীরন্ধ্র তিমিরে।
থরথর নোঙরের বিভঙ্গ ফেনার ঊর্ধ্বে ডেক্-এ
খোলা রাত্রে সময়ের স্রোতে রই মগ্ন চোখ রেখে।
অতলান্ত সমুদ্রের কয়েক শ' মার্কিন, অন্যদেশী,
তারি সঙ্গে য়ুরোপে চলেছি জ্যৈষ্ঠের শেষাশেষি॥

হঠাৎ হাওয়ার শব্দ পেরিয়ে মনের মধ্যখানে
ছন্দঝড় লাগে থরতানে,
ধমধম বাষ্পকার সজ্জিত ডেকের কোণে আলো-জ্বালা
ইতালীয় মৃদঙ্গের সুরে ভাঙে রাত্রির নিরালা ;
শরীরে তারায় মনে কাঠের উঠোনে ভাসা ক্ষণ
বেজে ওঠে ঝনঝন।

আষাঢ় ১৩৫৮

অনন্তির মধ্যে দ্রুত পরমাণু প্রদক্ষিণ ঘোরা
প্রত্যক্ষ যাত্রিণী যাত্রী নাচে জোড়া-জোড়া ;
রেলিঙের পারে মত্ত কালো জল উপছিয়ে দোলে
সিন্ধুরাগ ডম্বরুর ধ্বনি লাগে উচ্ছল কল্লোলে ;
ধরণ ভীষণ শান্ত অশান্ত কোমল
সহস্র প্রাণের চাকা জলে স্থলে ঘোরে সৃষ্টিতল।
কিছু-না-হওয়ার বক্ষে সুরের শ্রাবণী দিয়ে শুনি
কীটবীজ পতঙ্গের পাখী মাছ প্রাণের মাতুনি।
রাত্রি একটায় সব শেষ,
দ্রষ্টা আমি, দৃশ্য নেই, নৃত্যভঙ্গে তবু বাজে রেশ॥

জলের কালোর পর্দা খুলে প্রাণ-সূতিকার ঘরে
অবিভ্রান্ত কোটি ইচ্ছা দেখি দেহ হয় রূপান্তরে,
ইতিহাস লেখে প্রাণ ডাঙার গাছের ছায়া রোদে
জন্তুজীব মানুষের সংসার বিস্তীর্ণ দূর বোধে,
যে-কোনো মুহূর্তে যদি সর্বত্রায় নির্বিশেষ জানি
থাকা-না-থাকায় যত পৃথকের মুছে যায় বাণী,
প্রকাণ্ড প্রাচীন এক ডুবে-যাওয়া ব্যাপ্ত সমন্বয়
মনকে আচ্ছন্ন করে, তাতে পুরো নেই পরিচয়।
বাঁশি আনো, কাঁসি আনো, তুলি আনো, ছন্দের হাতুড়ি,
আবার উজ্জ্বল শূন্যে ভিন্ন হয় সৃষ্টির চাতুরী।
এমন কি ঘোর বাস্তু, ব্যাঞ্জো, জ্যাz, খটখট তাল
ক্ষণ সুর আড়ে তারো হাড়ে হাওয়া পেয়েছে কঙ্কাল,—
ত্রিম্‌ত্রিম্‌ আফ্রিকার, মেক্সিকোর, চীনে আর্ত সুর
আজ রাত্রি-জাহাজের বুকে দিত প্রাণের অঙ্কুর।

কবিতা

আষাঢ় ১৩৫৮

অদৃশ্য সানাই
হায়রে বাঙালি মন, তারি দূর ধেয়ান বানাই,—
মনে করো এই তারা, এই জল, এই মহাকাশে
ওংকৃত ঝংকৃত রাগে ভারতী আলাপ আজ ভাসে—
নাচেরও বদল হত, একের বিচিত্র যুগলতা
অনাদি ভবিষ্যপথে সুমহান সুন্দরের ব্যথা ;
শুতে যাই বুকে ভ'রে শ্রীরাগ ধ্রুপদে গম্ভীর—
জনরোল, প্রাণবায়ু, ধন্য যাত্রী, ধন্য দূর তীর ॥

য়ুরোপা জাহাজ
১লা জুন ১৯৫১

বিনিময়

তার বদলে পেলে—
সমস্ত ঐ স্তব্ধ পুকুর
নীল বাঁধানো স্বচ্ছ মুকুর
আলোয় ভরা জল—
ফুলে নোওয়ানো ছায়া ডালটা
বেগ্‌নি মেঘের ওড়া পালটা
তরল হৃদয়তল—
একলা বুকে সবই মেলে ॥
তার বদলে পেলে—
সাদা ভাবনা কিছুই-না-এর
খোলা রাস্তা ধুলো পায়ের,
কান্না-হারা হাওয়া—

আষাঢ় ১৩৫৮

চেনা কণ্ঠে ডাকল দূরে
সব হারানো এই দুপুরে
ফিরে কেউ-না-চাওয়া।
এও কি রেখে গেলে ॥

শিল্প

তাঁতে এনে বসালেম বুক থেকে রোদ্দুরের সুতো,
নীহারিকা পাড় বোনা, বিদ্যুতি জরির উদ্ভবে
তোমার পায়ের প্রান্তে লুটোবে যখন যাবে দ্রুত
প্রাণের বসন্ত দিনে কত কী উৎসবে।
কত তুলো, কত রং, কত মায়া, কত কল্পনায়
তোমার সে বেনারসী বোনা হয় ;
তুমি তো জানো না,
প'রে শুধু আশ্চর্যের লগ্নে তুমি হও অন্যমনা।

যা দিয়েছিলাম সে তো প্রাণরক্ত, অন্য সে রক্তিমে ;
আঁচল সোনালি গাঢ় আমারি প্রেমের মুগ্ধ হিমে ;
সঙ্গে কত স্পর্শভরা জড়ায় অস্পর্শ আলিম্পন
সাত-পাকে ঘোরো যবে তোমার জীবনে শুভক্ষণ ;
মর্ত্যে এসে মাঙ্গলিক রেখে যাই,
অনামী শিল্পের গায়ে বাসনার ধেয়ান মেশাই ;
তাঁতির আঙুল জানে কত সুতো গেঁথে গেঁথে শেষে
প্রাণে প্রাণে কত দানে তোমার অর্ঘের দান মেশে ॥

জ্যৈষ্ঠের ট্রিয়োলেটগুচ্ছ

বিষ্ণু দে

(জ্যৈষ্ঠে বিকাল মনে হয় অতি তুচ্ছ।
লেখা চেয়েছেন, আপনার আছে দাবি—
প্রগতি কি মনে আছে ? ট্রিয়োলেটগুচ্ছ
জ্যৈষ্ঠে বিকালে মনে হয় অতি তুচ্ছ।
যদিচ জীবনে বহু ধূমকেতুপুচ্ছ
আছড়ে গিয়েছে, ট্রিয়োলেটে তবু ভাবি,
জ্যৈষ্ঠে বিকাল মনে হয় অতি তুচ্ছ।
লেখা চেয়েছেন, আপনার আছে দাবি।)

কবে থেকে বলো হলে বুর্জোয়া,
চাকুরে বামনে ধরবে চাঁদ !
তোমার কি সাজে পশ্চিমা হওয়া
কবে থেকে বলো হলে বুর্জোয়া
বৃথা ইতিহাস, বৃথা ধামা বওয়া,
ব্রিটিশ ভারতে এই তো ফাঁদ।

রাজনীতি নয়, নীতি নয়, শুধু সংস্কৃতি।
দিয়ো না কো কান প্রাণসমুদ্রগর্জনে।
লাল ভল্লুকে দূরে রেখো, সে যে বিষম ভীতি,
রাজনীতি নয়, নীতি নয়, শুধু সংস্কৃতি,
হাড়ে-হাড়ে শুনো র‍্যাটল সাপের অচিন গীতি,
সার্কাসে নেচো সিংহের পোষা তর্জনে।

আষাঢ় ১৩৪৮

তোমার প্রতি বিধি শুনছি কেমন বাম,
ডাইনে বাঁয়ে তোমার চালে হাসিনি তাই।
অরাজকের স্বপ্নে তুমি চাও আরাম,
তোমার প্রতি বিধি শুনছি কেমন বাম
অথচ কিছু পেয়েছ যশ অর্থকাম,
তবুও কেন ওড়াও বুলি তুড়ি ও হাই!

আমরা খুঁজেছি বিলেতি বইতে আপন দেশ,
বারবার তাই দেশের মানুষ ডাইনে বাঁয়ে
ঘুরিয়েছি আর হয়রান হয়ে খুঁজেছি শেষ।
আমরা খুঁজেছি হরেক বইতে আপন দেশ,
থেকে-থেকে বই হারিয়েছে, মোড়ে নিরুদ্দেশ
ভাবছি এবার ফিরব মোড়ল সে কোন গাঁয়ে?

সেকালে মারতে রাজা ও উজির,
একালে তোমার এ কী এ বেশ!
প্রোলেতারিয়ার পাড়ছ নজির,
সেকালে মারতে রাজা ও উজির,
ভেলকিবাজির ইডিওলজির
আড়ালে ঢাকবে ছদ্মবেশ!

ছেলেবেলা থেকে শুনেছে সে শিশু প্রেকশাস,
কান তার ভোঁ-ভোঁ থেকে-থেকে মাথা ঝুঁকি দেয়,
আমাদের ভাবে কুকুর বেড়াল কি খট্টাস,
ছেলেবেলা থেকে শুনেছে সে শিশু প্রেকশাস,
অকালপক্ক মনে শুধু তার সন্ত্রাস :
যৌবনঘোরে শৈশবই বুঝি উঁকি দেয়!

আত্মত্যাগের বিষম বোঝা যে ভাঙবে ঘাড়,
আমরা তো নই বীর বরঞ্চ বলো বোকাই,
ত্যাগের ভারে যে মাথায় পড়েছে চরম চাড়,
আত্মত্যাগের বিষম বোঝা যে ভাঙবে ঘাড় !
ছোটো-ছোটো বুকে অহঙ্কারে যে গড়ো পাহাড়,
ঈগলে খুঁজছ নিজেরই ছবি তো তেলাপোকাই ?

তোমাদের ঐ নীরব কবি মুখর হোক,
নিজের জ্বালা লেখার স্রোতে ধুইয়ে দিক।
অজাত মৃত মূর্খ নিয়ে কি হবে শোক ?
তোমাদের ঐ নীরব কবি মুখর হোক,
এখানে আর ওখানে ডেকে সভার লোক
নিজেরই ছায়া কুস্তি ক'রে শুইয়ে দিক।
তোমাদের ঐ নীরব কবি মুখর হোক,
নিজের জ্বালা লেখার স্রোতে ধুইয়ে দিক।

মণীন্দ্র রায়

যখন কেবলি মানসকামনা
সরাতো বুকের লঘু পাহাড়,
ষড়জে-নিখাদে এঁকেছি কতো-না
আত্মরতির সুরবিহার।

রাগমালা সেই মনের আকাশে
বর্ষণভীরু বলাকামেঘ,
হালকা সাঁতারে আসে যায় আসে
প্রথম প্রেমের মতো আবেগ।

নবফাল্গুনে কখনো বা তার
সাড়ায় কেঁপেছে নতুন পাতা,
ভুঁইচাপা খোলে চকিত দুয়ার,
দীঘি ভরে ঢেউয়ে নীলের খাতা।

শুধু ঐটুকু, তার বেশী নয়,
একসুরে সাধা সেই রাগিণী
কখনো গোপনে খুঁজেছে প্রণয়,
কখনো বা সাজে বৈরাগিণী।

সে আকাশে আজ বজ্রের দাহ
এল বিদ্যুৎজ্বালা বৈশাখ,
সে মেঘে তরল অগ্নিপ্রবাহ,
সে গানে রুদ্র মত্তপিণাক।

আষাঢ় ১৩৫৮

হৃদয়ের বাঁধ ভেঙে খানখান,
মনের মিনারে ন'ড়ে ওঠে ভিত,
সুরের ঘূর্ণি-প্রলয়ের বান
আনে পাতালের এ কী সংগীত !

ভাষার পরিধি ছিঁড়ে উড়ে যায়
ধনিজ বিস্ফোরণের আখরে,
জ্ব'লে ওঠে মন ধাতব আভায়
রক্তে গতির বর্ণালী ঝরে।

এ গান আমার অভিজ্ঞতার
জীবকোষে অসুস্বপ্নকণায়
ফসফরাস-এর শত দীপাধার
জ্বালে সমুদ্রঢেউয়ের ফণায়।

ফেটে পড়ে আজ এই সুর বুঝি !
কাঁপে মনে সূর্যাগ্নির স্তব।
এল কি মুক্তি ! রঙে রঙে মুছি
রাত্রি, উষার এ কী বিপ্লব।

বিষ্ণু-র জ্যামিতি

নারায়ণ রায়

(শ্রীযুক্ত অন্নদাশঙ্কর রায় শ্রদ্ধাভাজনেষু)

প্রগল্‌ভ যৌবনযাম অতিক্রান্ত, অসহিষ্ণু পূর্ণিমা-প্রত্যয়
সম্প্রতি আকাশে ম্লান, একে-একে বহুবাচনিক
তারাদের উজ্জীবন, পথভ্রান্ত চৌরঙ্গনিক
অন্বিষ্ণু বিবেক ভাবে তন্দ্রাঘোরে সাধনার এ কী অবক্ষয়।

তা ভাবুক, তবু মিথ্যা নিশ্চিতির ছাঁচে
বিচিত্র জীবনসত্যে আর আমি চাই না বাঁধতে,
যে-আস্তিক্যে ফোস্কা পড়ে কল্পনার এতটুকু আঁচে
তার জন্য হা হতোস্মি ডাক ছেড়ে যাব না কাঁদতে।

আপাতত সুতরাং তোমাতে আমাতে ছাড়াছাড়ি,
বন্ধু প্লেটো। আমি জানি কী যে আকর্ষণ
জ্যামিতিক ছকে কাটা জীবনের—যতদিন অবশ্য জীবন
বইয়ের পাতায় থাকে, কিংবা যতদিন

অন্যেরা তোমার ছকে দাবা বোড়ে, তুমি খেলোয়াড়
সে-ছকের উর্ধ্বে, থাকো পরম স্বাধীন
দার্শনিক। মানি না আছে সে-অধিকার
কারো। তাই এ-হৃদয় অবশেষে নক্ষত্রসঞ্চারী।

যদি বল পলাতক তবে সখা তোমারে শুধাই
জীবন কি জ্যামিতির চেয়ে সত্য নয়?
তোমার যে ন্যায়রাষ্ট্রে কর্তব্যের কঠিন প্রত্যয়
সে কি নয় জীবনের জটিলতা এড়াবার সন্ত্রস্ত প্রয়াস?

কী কল্যাণ সাধনায় মূলে যার ব্যক্তির বিনাশ ?
স্বাতন্ত্র্যের নির্বাসনে যে-সুমিতি সে কি নয় বেয়াড়া বড়াই ?
তার চেয়ে প্রেয় এই বহুত্বের দুঃসহ বেদনা
নিশ্চিতি-বঞ্চিত, তাই নাচিকেত শিল্পীর সাধনা ॥

উল্লাপাড়া স্টেশনে

আবদুর রশিদ খান

উনিশ বছর পরে
উল্লাপাড়ায় দেখা হলো আবার নতুন ক'রে।

উনিশ বছর আগে
রোশনা বেগম দাঁড়িয়েছিলেন সবার পুরোভাগে।
চোখের দেখায় মনের নেশায় মত্ত ঝড়ের খেলা,
রক্তে নাচন বক্ষে কাঁপন, পৃথ্বী অবহেলা।
মনের আশা মুখের ভাষা সদ্য-ফোটা পদ্ম,
ধরায় কেবল দুইটি নয়ন নেশায় অনবদ্য।
রাত হ'লো দিন, দিন হ'লো রাত,
সৃষ্টিছাড়া ঘূর্ণী-হাওয়া-ঘুর
বুঝেছিলাম একটা নতুন সুর।

এরই মধ্যে উনিশ বছর বইলো কালের ধারা।
গাড়ির চাকায় মনকে বেঁধে এখন উল্লাপাড়া ॥
কাছে এলাম, দূরে গেলাম,
নতুন করে শপথ নিলাম।

আষাঢ় ১৩৫৮

যুদ্ধ এলো, চ'লে গেলো, মড়ক এসে হাড় ছড়ালো,
স্বাধীনতার নতুন আলো
চক্ষে লেগে ধন্দ হলাম।
কোথাকার সেই রোশনা বেগম
জীবন-যুদ্ধে কোন অতলে তলিয়ে গেলো ;
গহন নিশির অতল মনে তবুও তার খানিক পরিচয়
মিথ্যা হবার নয়।

উনিশ বছর ধ'রে
তন্বী রোশনা বেগম ছিলেন আমার মনের ঘরে।

উনিশ বছর পরে
উল্লাপাড়ায় রোশনা বেগম এলেন হঠাৎ ক'রে।
চিনতে পারা কঠিন বটে চোখ দুটো তার ছাড়া,
স্বামী পুত্র মেয়ে নাৎনি নিয়ে আত্মহারা।
হেসে তিনি বলেছিলেন আগের দু'চোখ তুলে
'একটি বারও খবর নিতে হয় না বুঝি ভুলে ?'
দিব্যি মোটা, দিব্যি খুশি, কানে হীরের ফুল—
সত্যি কি এ রোশনা বেগম ?—ভুল !
'কয়টি ছেলেমেয়ে ?'
—রোশনা বেগম বলেছিলেন যেন এক গা নেয়ে।
বলেছিলাম, 'বিয়ে আমার হয়নি আজো, তাই…'
দীপ্তিতে এক চমক দিয়েই রোশনা বেগম হয়ে গেলেন ছাই।
উল্লাপাড়ায় রওশনারার চরম পরাজয়।
উল্লাপাড়ায় হারিয়ে এলাম জীবন স্বপ্নময়॥

স্মৃতি

বিকাশ দাশ

নেমেছে মধুর রাত জারুলের বনে,
জ্যোৎস্নায় বিহ্বল স্তব্ধ রিক্ত বোবা মাঠ।
মোর বকোলীনা তুমি এ-পরম ক্ষণে।
স্বপ্ন নয় : অপসৃত বাধার কপাট।
অকস্মাৎ অবলুপ্ত সমস্ত জগৎ,
রাত্রির বাসরে শুধু তুমি আর আমি,
তোমাকে আমাকে নিতে আনন্দেন রথ
এলো যেন দেবতার স্বর্গ হ'তে নামি'।

তারপর স্মরণের সাগরের তীর
মুছে গেল। তুমি কৃষ্ণ আঁধারে লুকালে।
প্রাসাদের ভিৎ হ'ল কবে চৌচির,
ধূ ধূ প্রাণ শূন্য নীড়ে বারেক তাকালে।
আজিকার প্রাণপুষ্প কাল ঝ'রে যায়,
তারি স্মৃতি কাঁপে তবু উত্তুরে হাওয়ায়।

চিঠি

প্রমোদ মুখোপাধ্যায়

চিঠি পেতে ভালো লাগে। যদি পারো, চিঠি দিয়ো রোজ
নিঃস্ব, প্রতীক্ষাম্লান ডাকবাক্সে ;, হৃদয়ের খোঁজ
কিছু যেন পায় তাতে এ-নিরন্ন উপবাসী মন
সমস্ত শহর ঘুরে রোদে পুড়ে বিবর্ণ যখন
খানিক ছায়ার অন্বেষণ করে। কার্জন পার্কের
সূর্যদগ্ধ মরা গাছে পিঠ দিয়ে, ঊর্ধ্বমুখী ফের
আগ্নেয় দিগন্তে খোঁজে শ্রাবণের নীলাঞ্জন মেঘ,
কিংবা স্তব্ধ বন-ঝাউয়ে মেঘ-চাপা জ্যোৎস্নার আবেগ
ক্লান্তির শিয়রে পেতে চায়। যেন বাদুড়ের মতো
ট্রামে-বাসে ঝুলে শেষে হয়তো বস্তিতে আপাতত
মাথা গোঁজবার এক ঠাঁই পেয়ে, গুটি কত কথা
রুদ্ধশ্বাসে প'ড়ে নিয়ে চায় সেই দমকা জীবন
ফিরে পেতে ; যে-জীবন একদিন আমাকে অন্তত
আশা দিয়ে চ'লে গেছে এক ঝাঁক তারার আড়ালে।

সুতনুকা

অশোকবিজয় রাহা

শুতনুকা নাম দেবদাসিক্যা
তং কামযিত্থ বারাণস্যেয়ং
দেবাদিত্তে নাম রূপদক্খে।

—সুতনুকা প্রত্নলিপি
খ্রী-পূ ৩০০ (?)

সংস্কৃত প্রতিরূপ :

সুতনুকা নাম দেবদাসিকা তাম্ অকামযিষ্ট বারাণস্যেয়ঃ
দেবদত্তঃ নাম রূপদক্ষঃ।

১

এইখানে একদিন পাষাণে কেঁদেছে একজন
বধির গুহার কানে ঢেলে গেছে প্রাণের বেদনা :
'দেবদাসী সুতনুকা—আমি তারে করেছি কামনা,
রূপদক্ষ দেবদত্ত—বারাণসী আমার ভবন।'

জানি না, প্রেমিক বন্ধু, দু'টি কথা লিখেছিলে কবে,
দেবতার বাগ্‌দত্তা কে সে নারী পুষ্পিতযৌবনা ?
তুমি যারে সব দিলে, সে তোমারে কিছুই দিল না ?
রূপের পিয়াসী চোখ এত ভুল করেছিল তবে ?

সেদিন আরতিলগ্নে সুতনুকা দেখা দিল এসে
অপরূপ রূপশিখা জ্বলে তার দেহদীপাধারে,
নৃত্যে তার ক্ষণস্বর্গ উদ্ভাসিত হোলো ধরাতলে ;—
সহসা তোমার পানে মদালসা চেয়েছিল হেসে,
দেবতার খরদৃষ্টি অমনি কি বিঁধেছিল তারে ?
দীপ্তচক্ষু পুরোহিত রুদ্ররোষে উঠেছিল জ্ব'লে ?

২

দেবভোগ্যা সুতনুকা ?—পাপ-মনে দেখেছিলে ছবি ?
সৌন্দর্যের সুরলোকে দেবভোগ্যা স্বর্গের উর্বশী—
সৃষ্টির প্রভাত হ'তে তবু সে তো বিশ্বের প্রেয়সী
বাসনার শতদলে আঁকে তারে মানুষের কবি।

প্রিয়া তব সুতনুকা—সে-যে বন্ধু, মর্ত্যের মানবী,
দেবতার নর্মসখী আসেনি সে নন্দনরূপসী,
পঞ্চদশ বসন্তের পুষ্পরাগে হোলো পঞ্চদশী,
ফুটায়ে অধরবৃন্তে কামনার রক্তিম করবী।

তবু তার তনুদেহ দেবতা কি লয়েছিল কেড়ে—
আপন অঙ্গুলিস্পর্শে গড়েছ যে-পাথর-দেবতা ?
জানি বন্ধু, কেন তুমি কেঁদেছিলে গুহার পাষাণে,
কেন এসেছিলে ছুটে শৈলমূলে লোকালয় ছেড়ে।
তোমার বিদীর্ণ বুকে প্রেম আজ পেল অমরতা
ত্রস্তকেশা সুতনুকা বাণবিদ্ধা কাঁদে কোনখানে ?

নীল পাখি

বিভূতিপ্রসাদ মুখোপাধ্যায়

অপরূপ সূর্যের মঞ্জরী
ঝরে ফুলঝুরি।
বিকেলের মদির মন্থর সুরে-সুরে
যে-নীল পাখির গান ঝরে,
শুনি সেই স্বর আর মনে হয় যেন
কণ্ঠে তার কী সোনা ছড়ানো।

মন ছেয়ে নেমে আসে যে-নীল আকাশে
তারও চেয়ে নীল নাকি তোমার নয়ন!
ছায়া কাঁপে থরথর চোখের তারায়—
এঁকেছ কি জলের ধারায়,
এনেছ কি মেঘ ধুয়ে আলোরে ভুলায়ে
সূর্যাস্তের রঙে স্বচ্ছ তুলিকা বুলায়ে?

তমোপ্রার্থনা

বটকৃষ্ণ দাস

সারাদিন গভীর বৃষ্টির পর মধ্যরাত্রির আকাশে
চাঁদ এলো। সময়ের ভিজে হাওয়ায়,
নির্জন ঘাসের গন্ধে, —বিস্মৃত যন্ত্রণার মতো
হঠাৎ মনে হ'লো কাকে যেন মনে পড়ছে।

কাকে মনে পড়ছে? কাকে?
ধ্যানমৌন দিগন্তের মন্দিরে
কালো মেঘের অপরূপ স্থাপত্যশিল্পের আড়ালে
প্রার্থনামুখর বৃষ্টির উদাত্ত মন্ত্রধ্বনির পর
এই তাম্রবর্ণ অন্ধকারে
অকস্মাৎ কার আবির্ভাব?

কে এলো! কে এলো!
রাত্রির নিবিড় নীলিমায়
কী যন্ত্রণা অস্ফুট আলোর,
অস্পষ্ট আনন্দে কাঁপে স্নায়ুর বন্দর।
অতলান্ত হৃদের গভীরে
অন্ধকার প্যাগোডায়—অবসন্ন অবচেতনার
কক্ষে আর কক্ষান্তরে—কে এলো, কে এলো,—
যাকে চিনি অথচ জানি না,—
তবু যার পদধ্বনি আচম্বিত স্পর্শের বিদ্যুতে
সেতারের তারে সুর তোলে!

আষাঢ় ১৩৫৮

শহরের রাস্তায় ট্র্যাফিকের অশ্লীল গর্জন,
মাতালের, কুকুরের, গণিকার রূঢ় কণ্ঠস্বর
এখন স্তব্ধ। বর্ষার জলে-ভেজা স্নিগ্ধ আকাশের মাঠে
এই অপরূপ জীবন্ত স্তব্ধতায় শুয়ে
সময়ের শিলালিপি কথা ক'য়ে উঠেছে কালাতীত ছন্দে,
সীমিত স্থানের হৃৎপিণ্ড কেঁপে উঠেছে বিচ্ছিন্ন সীমায়,
বেদনার বেদমন্ত্রে মুখর হ'য়ে উঠেছে কত অরণ্য,
কতো জন্ম, মৃত্যু, নীহারিকা,
কতো প্রার্থনা, কতো আকাঙ্ক্ষার আকুল মূর্ছনা—
'জানালাটা খুলে দাও—'
আর এক সময়ের পরিকীর্ণ পদচারণায়
সীমান্ত বিস্তৃত হোক, পূর্ণ হোক এই ক্লান্ত, নীল অন্ধকার।
কোন হারানো মুহূর্তকে আজ আবার ফিরে পেলাম
এই হ্রদে ; যেখানে মৃত্যুর প্রতিদ্বন্দ্বিতা নেই,—
যেখানে প্রতি মুহূর্তের নবজন্মসূচনায়
থরোথরো সত্তা আর্তনাদ করছে :
অন্ধকার দাও,—আমাকে অন্ধকার দাও,
অসংখ্য শিশু-সূর্যের ভ্রূণে
যে-অন্ধকার ললিতকলার স্বপ্নসম্ভবা।

চীনা গুচ্ছ

অনুবাদ : দিলীপ দত্ত

সু শিকারে গেছে।
আমদের গলিতে কোনো লোক নেই—
একেবারেই যে নেই তা নয়,
কিন্তু তারা কেউ সু'র মতো নয়
এত সুন্দর, এত মধুর।

সু মদ খাওয়া ধরেছে।
আমদের গলিতে কেউ মদ খায় না—
একেবারেই যে খায় না তা নয়,
কিন্তু তারা কেউ সু'র মতো নয়
এত প্রিয়, এত সুন্দর।

সু ঘোড়ায় চ'ড়ে ঘুরছে।
আমদের গলিতে কেউ ঘোড়ায় চড়ে না—
একেবারেই যে চড়ে না তা নয়,
কিন্তু তারা কেউ সু'র মতো নয়
এত সুন্দর, এত সাহসী।

(লেখক অজ্ঞাত : আনুমানিক খৃ-পূ সাত শতকের রচনা।)

২

রাত্তিরে কী এসে যায় ?
আমাদের উঠোনে মশাল জ্বলছে জ্বলজ্বল ক'রে,
আমার প্রিয়তম আসছে ।
টুংটুং বাজছে ঘণ্টা ।

রাত্তিরে কী এসে যায় ?
রাত তো এখনো শেষ হয়নি ।
উঠোনের মশাল থেকে ধোঁয়া বেরোচ্ছে,
আমার প্রিয়তম আসছে ।
ঢংঢং বাজছে ঘণ্টা ।

রাত্তিরে কী এসে যায় ?
ভোর হ'লো ব'লে ।
উঠোনের মশাল নিবু-নিবু ।
আমার প্রিয়তম আসছে,
ঐ দেখতে পেয়েছি তার পতাকা ।

(লেখক অজ্ঞাত : খৃ-পূ ১১২-৪২৫-এর রচনা)

৩

এই পৃথিবীতে তাদের দেখা হল ।
সোনালি ধানভরা হাত মাথায় ঠেকিয়ে
অভিবাদন ক'রে বলল,
"ঐ নুয়ে-পড়া উইলো বনের মধ্যে
রয়েছে দশ হাজার বাড়ি,
ওগো মেয়ে, ওর মধ্যে কোনটাতে তুমি থাকো ?"

(লি পো : ৭০১-৭৬২)

৪

প্রিয়তমা যখন ছিল, তখন বাড়িটা ভরা থাকত ফুলে।
সে চ'লে গেল, প'ড়ে রইলো শূন্য বিছানা।
নক্সা-আঁকা চাদর গুটোনো প'ড়ে আছে,
এখন আর ব্যবহার হয় না।
সেই দিন থেকে আজ তিন বছর ধ'রে কেবল একটা মিষ্টি গন্ধে
সারা ঘর ভ'রে আছে।

গন্ধটা চিরদিন থাকবে,
কিন্তু সে চ'লে গেছে চিরদিনের জন্য,
ব্যথায় ভরা শরৎ আসে, হলদে পাতা ঝরে,
শুভ্র শিশিরকণা সবুজ উজ্জ্বল ঘাসের ডগা ভিজিয়ে দেয়।

(লি পো)

৫

বিছানার ওপর চাঁদের আলো প'ড়ে
চিকচিক করছে,
তুষার পড়েছে নাকি ?
মাথা তুলে পাহাড়ের ওপর চাঁদের দিকে তাকাই,
তারপর সাংসারিক ভাবনায় মাথা আমার নুয়ে পড়ে।

(লি পো)

৬

[উ-টি (খৃ-পূ ১৬৭-৮৭) হান বংশের রাজা। ষোলো বছর বয়সে তিনি সিংহাসনে আরোহণ করেন। এই কবিতায় তিনি দুঃখ ক'রে বলছেন যে সরকারি কাজে বাধ্য হয়ে তাঁকে তাঁর প্রিয়তমাকে ফেলে চ'লে যেতে হচ্ছে। কবিতাটি লেখার সময় তিনি মন্ত্রীবর্গ পরিবেষ্টিত হয়ে সরকারি নৌকোয় ব'সে আছেন।]

শরতের হাওয়া বয়, ছোটো-ছোটো শাদা মেঘ ভেসে যায়।
গাছের পাতা ঝরে, রাজহংসীরা চ'লে যায় দক্ষিণে,
চারদিকে অর্কিড ফুলের বাহার, ক্রিসেন্থিমামের গন্ধ বাতাসে,
সুন্দরী প্রিয়ার কথা ভাবি, তাকে ভুলতে পারি না।

নৌকো ভেসে চলে ফেনিল নদী বেয়ে,
মাঝদরিয়ায় শাদা ঢেউয়ের দোলা,
বাঁশি আর মাদল বাজে মাঝিদের সুরের সঙ্গে তাল রেখে।
এই আনন্দ আর এই উৎসবের মধ্যে দুঃখে মন ভ'রে যায়—
হায় যৌবনের দিন কত ক্ষণস্থায়ী,
বার্ধক্যের পদক্ষেপ কত সুনিশ্চিত।

(উ-টি)

৭

তার শাড়ির খশখশানি থেমে গেছে,
পাথরের মেঝেতে ধুলো জমলো,
তার শূন্য ঘর নিস্তব্ধ, কনকনে ঠাণ্ডা,
দোরগোড়ায় ঝরা পাতার স্তূপ।
সুন্দরী প্রিয়ার আশায় থেকে
কী ক'রে আমার উদ্বেল হৃদয়কে শান্ত করি।

[সম্ভবত উ-টির লেখা, তাঁর প্রিয়তমা পত্নীর মৃত্যুর পর]

৮

সে ছুটি নিয়ে বাড়ি এসেছে।
বাড়ির লোকের ভাবনা চুকলো।
ও যুদ্ধে যাবার পর থেকে আজ পর্যন্ত
কোনো খবরই তারা পায়নি ;
আর আজ সে যে এল,
এটাই তার প্রথম 'বাড়ির চিঠি'।
বাধাবন্ধহীন ছোট্ট নদীর মতো
এখন তার কথার স্রোত
আর থামে না।
চরকার পাশে ব'সে
তার মা
স্বপ্নাবিষ্টের মতো চেয়ে থাকেন
তার দিকে।
ভাই এইমাত্র ফিরলো খেত থেকে
কাদাভরা কোদালটা হাতে নিয়েই।
সকলে মন দিয়ে শুনছে
তার কথা,
যেমন শোনে
কোনো নিরক্ষর যুবক
যখন প'ড়ে শোনায় নববধূর চিঠি।
ছোটো ছেলেরা
উসখুস করছে বড়োদের মধ্যে,
ভয় ও ভালোবাসা মেশানো কৌতূহলে
চেয়ে আছে বক্তার দিকে।

কেউ-কেউ তাদের ছোটো-ছোটো হাত দিয়ে
বাবার কোমরে বাঁধা পিস্তলটাকে
ছুঁয়ে দেখার চেষ্টা করে।
এদিকে তার স্ত্রী
এই ভিড়ের মধ্যে
এক পাশে চুপ ক'রে দাঁড়িয়ে থাকে,
আর বারে বারে
লুব্ধ দৃষ্টিতে চোখ বুলোয়
স্বামীর সারা অঙ্গের ওপর
সকলের অলক্ষিতে।

(সেং-কো-চিঙা, আধুনিক)

নীল পাহাড় নিস্তব্ধ,
আমিও চুপ ক'রে ব'সে আছি।
সময় ব'য়ে যায়,
দু'জনে মুখোমুখি চেয়ে আছি
একান্ত নির্জনে।
আমি নিচের ঝরনার জলের দিকে তাকাই,
সেও আমার দিকে মুখ তুলে চাইছে।

ওগো অস্তগামী সূর্য
তোমার ঐ রাঙা চোখ দিয়ে
এই অপরূপ নিস্তব্ধতার মাধুর্যের রহস্যকে
ভেদ করতে যেয়ো না।

(সেং-কো-চিঙা)

১০

লাঙলেজোড়া মোষটা এগিয়ে চলে,
একহাতে লাঙলটা ধ'রে
চাষীও চলে তার সঙ্গে,
নতুন মাটি ঢেউয়ের মতো
দু'পাশে ছড়িয়ে পড়ে,
একটা কুকুর চলে পাশে-পাশে।
ছেলেটাকে সে ক্ষেতের পাশে
শুইয়ে রেখেছে ;
কতগুলো কাক
ডানা মেলে উড়ে চলে
লাঙলের তালে তালে,
আবার মোষের পিঠেও
উঠে পড়ে কখনো।

(সে-কো-চিয়া)

ছায়াপথ

দেবদাস পাঠক

হায় রে অশান্ত মন, কী ক'রে তোমাকে খুশি করি ;
কলকাতা পিছনে রেখে এই যে এখানে পলায়ন
সাঁওতাল পরগণার এই জনহীন নিভৃত শহরে,
চৈত্রের দুরন্ত সূর্য···ধূধূ লাল কাঁকর আর বালি,
দুপুরে ধুলোর ঝড়, হাওয়া-কাঁপা অসহ্য প্রহরে
ঘুমের করুণ ক্লান্তি। অনিচ্ছুক এ-জীবনায়ন।
হায় রে অশান্ত মন, এখানে কি শান্তি খুঁজে পাবে
পাবে সেই আকাঙ্ক্ষিত আকাশের গাঢ় নীল কালি !

যদিও রাত্রি নামে বাসনার মতো গাঢ় পায়ে
বালুচরে কাকজ্যোৎস্না, শাল আর মহুয়ার বনে
বাতাস মন্থর, দীর্ঘ য়ুক্যালিপ্টাসের শীর্ণ শাখা
ফুলে-ফুলে মুঞ্জরিত, অসহ্য আবেগে কম্পমান ;—
তবু তো জাগে না সাড়া এই মনে—এ-স্থবির মনে ;
এখানে বসন্ত, তবু মনের বিহঙ্গ ভগ্ন-পাখা।
হায় রে অশান্ত, মন, কী ক'রে তোমাকে খুশি করি,
কে জানে কোথায় সেই কূলপ্লাবী জীবনের গান !

একা

নরেশ গুহ

সতীশের হৃদয়ের বন্ধু তার নিজের হৃদয়।
চৌরঙ্গীসংসারে তারা দুই বন্ধু প্রাণ খুলে হাসে।
অবিনাশ, নলিনাক্ষ, হৈমবতী, কমলা, অক্ষয়
এক ফালি ছায়া খুঁজে পরস্পরের আশে-পাশে
পিঁপড়ে হ'য়ে ভিড়ে যায়। কী করুণ দৃশ্য, আহা,
জানে না তো ওরা,
—সতীশ বন্ধুকে বলে—সব সখা সখী কত অসম্ভব একা!
ঘন ঘন কাশি পায়, আস্তাবলে হৃতপক্ষ অশ্রুচোখ
পক্ষীরাজ ঘোড়া।
তবু কি মিলবেই তারা যদ্যপি দুদণ্ড তরে দেখা?
এই ব'লে সে তখন হৃদয়ের বন্ধুটির হাত
আরো শক্ত ক'রে ধরে। নিরিবিলি উষ্ণতার কোণে
তারে টেনে নিয়ে যায়। বলে তারে—শুনো না স্যাঙাৎ
ওদের মন্ত্রণা তুমি।
মাকড়শা রাত্রির জাল বোনে।
অবিনাশ-নলিনাক্ষ, হৈমবতী-কমলার চোখের চৌকাঠ
পার হ'য়ে যেতে চায়, গালের হাড়ের উঁচু ম্লান বালিয়াড়ি
কত কষ্টে হেঁটে এসে। কত আশা—এইবার বাড়ি!
ভিজে-ভিজে অন্ধকার, উৎকণ্ঠিত হাতে ঠেকে নিরেট কপাট।
আর যত রাত বাড়ে ঠাণ্ডা হয় সতীশের পাশে শূন্য খাট!

সমালোচনা

অন্বিষ্ট : বিষ্ণু দে : ডি. এম্. লাইব্রেরি : আড়াই টাকা।

মাঝখানে কোনো সাঁকো নেই একদিকে ন্যায়নিষ্ঠ মানুষ, অন্যদিকে নীতিভ্রষ্ট সমাজ। দানেমার্কের যুবরাজের সমস্যা, ভেবে দেখতে গেলে, আজকের দিনের প্রত্যেকটি বিবেকী মানুষের অন্তর্দ্বন্দ্ব ; আমাদের পরিপার্শ্ব এল্‌সিনোরের বীভৎস প্রেতলোক।

'অত্যাচারে অনাচারে উদ্‌ভ্রান্ত উন্মাদ এই বর্তমান' স্বাভাবিক মানব-সম্বন্ধ 'প্রতিযোগী জীবনের জীবিকার কুটিল বিন্যাসে' ছিন্নভিন্ন ; বেঁচে থাকার অর্থ প্রত্যেকের বিরুদ্ধে প্রত্যেকের সংগ্রাম ; আর, সাফল্য ততটুকুই, যতটুকু আদর্শচ্যুতি। ফলত, এক ও বহুর এই জটিল নেতিতে আধুনিক মানুষের সামনে জীবনযাপনের কোনো তৃতীয় বিকল্প নেই ; হয় 'সিংহের নৈঃসঙ্গ্য', নয়তো 'শকুনের সংহতি'।

'বিচ্ছিন্নের যন্ত্রণাই', বিষ্ণু দে ঠিকই বলেছেন, 'বর্তমানের ইতিহাস'। দুর্নীতিদুষ্ট সমাজে ব্যক্তির মুক্তি কেবল নিপাতনে সিদ্ধ ; চরম আত্মবিলোপেই তার পরিত্রাণ ; আর, যুথবদ্ধতার ফল যেখানে অনিবার্যভাবেই ফৌজদারি, সেখানে সদসদজ্ঞানীর অবস্থা, স্বভাবতই, এ্যাটমের অনুরূপ।

এই উভসংকটে বুদ্ধিজীবীদের দশা, বিষ্ণু দে-র ভাষায়, কুরুক্ষেত্রে ভীষ্মের মতো। ন্যায়-অন্যায়ের ভেদাভেদ সম্বন্ধে সচেতন থেকেও তাঁরা নিরুপায় কিংবা নিষ্ক্রিয়, যেহেতু শেষ পর্যন্ত তাঁরা সবাই কৌরবেরই অন্নদাস।

'অন্বিষ্টে'র কবিও দ্বন্দ্বের যন্ত্রণায় অস্থির, শরশয্যায় আত্মনিপীড়নে কাতর, এবং পরিশেষে এক সমাহিত ভ্রান্ত বেদনায় প্রতীক্ষা-উন্মুখ। এই শেষের অবস্থাতেই তাঁর কাব্যের আবেগ সংক্রামক হয়ে উঠেছে :

> উর্বশী ! সে কবে মেলাবে হৃদয়ে এ উষা হৃদয় ?
> কবে খুলে দেবে হেমন্তিকা ও ঘোমটাখানি ?
> তিন-পাহাড়ের চূড়া ঢেকে দেবে চোখের ছায়ায়
> ধর চন্দনা কবে খেয়ে যাবে পায়ের মায়ায়
> আজেবে যাহ খুলবে বিরাট নীলাভ আকাশ ?
> আভাস পেয়েছি হে অনাবিকা !

আষাঢ় ১৩৭৮

পরিপার্শ্ব যখন সব দিক থেকেই প্রতিকূল এবং মানসিক সুস্থিতির প্রতিবন্ধ, রক্তের ভিতরে 'মুষ্টিমেয় শান্তির' কান্না নিয়ে প্রেমিকের দুর্মর আশায় অপেক্ষ করা ছাড়া উপায় কী ?

আমার শ্রাবণ চায় তোমার বাহুর মৃদু কোণ
আমার আশ্বিন চায় ঘরে ঘরে তোমার সন্ধান
বনস্থলী মন চায় তন্ময়তায় সম্পূর্ণ কুজন
রোমাঞ্চ হাতে কবে তুলে' নেবে আমার অঘ্রাণ ?

হ্যামলেটীয় সমস্যার সমাধান, অতএব, বিষ্ণু দে-র মতে, প্রেমেই মিলবে। মানসিক রোগের উপর স্বয়ং রোগীর যদি কোনো কার্যকরী কর্তৃত্ব থাকত, অসম্ভব কল্পনা সন্দেহ নেই, তা হলে অবশ্য ডেনমার্কের যুবরাজের গলায় আমরা স্বাভাবিক মানুষেরই কণ্ঠস্বর শুনতে পেতাম :

শোনো ওফেলিয়া দোঁহার আত্মদানে
তোমার শরীরে সারেঙ্গীর গানে গানে
জীবনের মহামৃদঙ্গে নাচে অর্ধনারীশ্বর।
মন দাও প্রাণ দাও সারা দেশে অনাচারে জর্জর।
তোমার মুখের আকাশে পাই আশা
কূটচক্রের অন্ধ আঁধারে ভাষা
তোমার উৎসে যদি পাই উচ্ছ্বাস।

হ্যামলেটের জীবনে সম্ভব হোক চাই না-ই হোক, প্রেমই যে প্রত্যয়ের পিতৃ-ভূমি, বলিষ্ঠ কর্মোন্মাদনার উৎস এবং মূর্তিমান মানবজীবন, সেটা তর্কাতীত। আর প্রেম যেহেতু ব্যক্তিক ইচ্ছা এবং আদর্শের অভিক্ষেপ, সুতরাং তার সঙ্গে আধুনিক মানুষের মৌলিক একাকীত্বেরও, বোধ হয়, কোনো বিরোধ নেই

দুই তটে এসো বাঁধি বৈশাখী বন্যা
পাগলা হাওয়াকে পড়ে ভুলি এসো দৈনন্দিন দ্বৈতে
আমার মরুত্ব আমার অকালবৃষ্টি
বাঁধব দুজনে পাহাড়তাজানো তটে তটে গড়া কর্ণা
পরস্পরের সাধারণোই তোমাকে চাই অনন্তা।

দৈবে নয়, আকস্মিকে নয়, রাজনীতি, যা বিষ্ণু দে-র ভাষায়, 'হাত বদলের ক্ষেড়নাট্য' ; তার দ্বারাও নয়, একমাত্র 'দ্বৈতের একতায়' অর্থাৎ প্রেমেই

আষাঢ় ১৩৫৮

এলসিনোরের নরককুণ্ড থেকে আমাদের উদ্ধার। এ-প্রার্থনা আমাদের সকলেরই :

তুমি জলপান আষাঢ়ের গান মেঘে মেঘে একাকার
এসো দুইজনে মৃত্যুর পুঁতি ঘুণ করি খরস্রোতে
ছুঁই চামেলিতে সুবাস ছড়াই স্বচ্ছ হাওয়ার হাওয়ায়
জীবনের তটে তটে বিতারি নবজীবনের পলি।
এলসিনোরের নরকে দিয়ো না বলি
তোমায় এ দিনেমারে।

সকল দ্বন্দ্বের অবসানে প্রতীক্ষা আর প্রার্থনার স্তরে এসে কবি যখন স্থির হয়ে বসেছেন, তখন তাঁর অতি সাধারণ কথাতেও কাব্যবেদনার সঞ্চার হয়েছে :

শোনো ওগো শোনো সিন্ধুপারের পাখী
এ যাত্রাবাটিতে হৃদয় মেলাবে নাকি
এ নীল আকাশে দুবাহু কি বাঁধবে না
বালি-ঝিরিঝিরি সোনা-কলোমলো জলে
করবে না পারাপার
আঁচলে কি তুলবে না
চেনা চামেলি বা চেনা?

'অম্বিষ্টে'র কলাকৌশল সম্বন্ধে আমার কতকগুলি অভিযোগ আছে। প্রথমত, এই কাব্যগ্রন্থের দীর্ঘ কবিতাগুলি প্রায়ই অতিরেক দোষে দুষ্ট। যে-ঘন-নিবিড়তা একদা বিষ্ণু দে-র রচনাভঙ্গীর বৈশিষ্ট্য ছিল, ক্রমেই যেন তা লোপ পাচ্ছে। দ্বিতীয়, ইমেজ ব্যবহারে তাঁর টেলিসকোপিক প্রণালী আমার পছন্দ হয় না। এতে কবিতা অকারণে দুর্বোধ্য হয়ে ওঠে। একটি উপমার উপর আর একটি উপমা চাপিয়ে দেওয়ায় অসংখ্য উদাহরণ 'অম্বিষ্টে' ছড়িয়ে রয়েছে। যেমন, 'কাকতালীয়ের অঙ্ক-যযাতি কার্যকারণে রাজধানীবিকা'। কাকতালীয় ন্যায় সম্বন্ধে আমাদের ধারণা আছে, যযাতি উপাখ্যানও আমাদের অজানা নয়, তবু কোন কার্যকারণে এ-দুয়ের যোগাযোগ ঘটল তা আমার অনুমানের অসাধ্য। তৃতীয়ত, 'অম্বিষ্টে'র ছন্দশৈথিল্য পীড়াদায়ক। 'পরস্পরের সাধারণ্যেই তোমাকে চাই অনন্তা' যদি বা সহ্য হয়, 'তোমাকেই চাই তুমি দাও

ক্ষিপ্র ঝন্‌ঝনা উপহার' বেজায় কানে লাগে। আমার চতুর্থ অভিযোগের কারণ 'ব্যারাক' শব্দটির ব্যবহার। যিনি 'শব্দুনের সংহতিকে' ভয় করেন এবং ব্যক্তিস্বরূপের পরিপূর্ণ বিকাশই যাঁর অভিষ্ট, কোন্ নোঙরখানার স্মৃতিতে আচ্ছন্ন হয়ে তিনি ঐ ভীতিপ্রদ শব্দটিকে একাধিকবার ব্যবহার করেছেন বুঝতে পারলাম না।

এ-সমস্ত অভিযোগ সত্ত্বেও, 'অভিষ্টে'র অন্তর্গত 'এল্‌সিনোর' কবিতাটি 'চোরাবালি'র 'ঘোড়সওয়ারে'র মতোই-যে স্মরণীয় হয়ে থাকবে, সে-বিষয়ে আমার কোনো সন্দেহ নেই।

অরুণকুমার সরকার

উড়ো চিঠির ঝাঁক, অশোকবিজয় রাহা। বেঙ্গল পাবলিশার্স, ২৷৷০

অনেকদিন পরে অশোকবিজয় রাহার নতুন কবিতার বই বেরুল। জেনে আশ্চর্য হলাম যে আরো ছখানা কবিতার বই তিনি ইতিপূর্বে ছাপিয়েছেন। কলকাতায়, যতদূর জানি, এদের অধিকাংশই অলভ্য। একে আমি ব্যক্তিগত দুর্ভাগ্য বলে মনে করি। নদী বন হ্রদ পাহাড়ে ভরা আসামের অকর্ষিত প্রকৃতি অশোকবিজয় রাহার কবিতাকে স্নিগ্ধতা দিয়েছে। স্নিগ্ধতার এই অপূর্বতা আমাদের জানা ছিল না। কবিমাত্রেই প্রকৃতিপ্রেমিক, কিন্তু এমন কবি বিরল শুধু প্রকৃতিই যাঁর বিষয়। বিশেষত, যে-প্রকৃতির সঙ্গে স্থানকালের যোগ ঘনিষ্ঠ। ভূগোল অবশ্য দেখাতে পারে কোথায় দাঁড়িয়ে আছে কোন পাহাড়, কোন নদী সাপের মতো বেঁকে গিয়ে সমুদ্রে পড়েছে, ভূমি কোথায় কর্কশ, বন কোথায় নিবিড়। কিন্তু ভালোবাসতে শেখান কবি। ভূগোলে থাকে মানচিত্র, ভ্রমণকাহিনীতে বর্ণনা, আর কবিতায় ছবি, যে ছবির প্রাণ আছে। 'উড়ো চিঠির ঝাঁক' পড়ে ধক্ করে আসামের বাঘ-চাটা লাডক ঝিল আর ঘুম পাহাড়, বড়াল পর্বত আর কোয়াশার ফ্লানেল জড়ানো জাকল-টিলাকে ভালোবেসে ফেললাম। বুনো রাত, খটাশ গন্ধ আর জংলি জ্যোৎস্না, হ্রদের জলে 'লাজুক ছুঁইকুঁড়ির মত চাঁদের আলো', 'আকাশের এক কোণে সাদা সিল্কের রুমালের মতো একটুকরো পাৎলা মেঘ' ঊর্ধ্বশ্বাস দেশবেড়ানো চোখে সব সময় ধরা পড়ে না। ঝিকমিক করে উঠল

কবিতায় 'কালো পাহাড়ের গায়ে একটি মস্ত রুপোলি মাকড়সা. দেখতে পেলাম 'পাহাড়ের বুকে মুখ গুঁজে কাঁদছে' লালবাগের ঝর্না, পিঠে ছড়িয়ে পড়েছে একরাশ এলোচুল। অশোকবিজয়ের প্রকৃতিস্নাত কবিমন শুধু ছুঁয়ে বেড়াতে গিয়ে ঝকঝকে টুকরো টুকরো ছবি আলোর ফ্রেমে বাঁধিয়ে নিয়ে এসেছেন। 'উড়ো চিঠির ঝাঁক' সেই ছবির প্রদর্শনী।

ভ্রমণবর্ণনা নিয়ে আস্ত কবিতার বইও বাংলায় এই প্রথম। ডল্ হ্রদের তীরে মুক্ত ছটিযাপনের ডায়েরি। আগাগোড়া গদ্যকবিতায়। ছন্দ মিল ছুট বলে আমার কিছু অতৃপ্তি রইল। গদ্যকবিতার সপক্ষে সব কথা শোনার পরেও ছন্দমিলের প্রতি আমার দুর্বলতা দূর হয়নি। কিন্তু ভ্রমণকাব্যের উপযোগী ছিপছিপে যে ভাষাটি অশোকবিজয় তৈরি করে নিয়েছেন সেজন্য তাঁকে সাধুবাদ জানাই। বাংলাভাষায় ভাববাচক শব্দের এতো ছড়াছড়ি যে গতির ছবি ভাষায় আঁকা দুঃসাধ্য। সেদিক দিয়ে অশোকবিজয়ের বেগবান বর্ণনা মাঝে-মাঝে ভয়ানক খুশি করে :

সুইস সেট—

নিচের ফাঁক নিয়ে হ্রদের জল ছুটে পালাচ্ছে
জলের চিরুনির মতো।
সিমেন্টকরা বেজেতে ছড়িয়ে গেছে জলের বিছানা
ওপরে সিকের মসৃণ চাবর কেবলি পিছলে যাচ্ছে—

এর চাইতে নিপুণ বেগবর্ণনার রেখাচিত্র খুব বেশি দেখেছি বলে তো মনে পড়ে না। আরো অনেক দৃষ্টান্ত মনে পড়ছে :

হঠাৎ ঝপ্ ক'রে রোদ জ্বলে ওঠে

দুই পাহাড়ের খাঁজ থেকে সূর্য আলোর টর্চ ফেলছে
জলজ্বল করছে কয়েকটা নাগকেশর গাছের চূড়া

—

হিম্র ঘাস।

হলদে রোদে দাঁত বের করে দাঁড়িয়ে আছে ঘাস-বাঘ

—

আষাঢ় ১৩৫৮

পাহাড় আজ চিত্তাবাঘ হয়ে ব'সে আছে
সারা গায়ে মেঘের ফুটকি,
হ্রদের গায়ে কী ক'রে গজালো রোঁয়া-রোঁয়া লোম ?

একটু আক্ষেপ থাকে—এই চমৎকার বর্ণনানৈপুণ্যের সঙ্গে একটু যদি কাহিনীর মিশেল থাকত ! বর্ণনা যত নিখুঁত হোক, যতই জীবন্ত ছবির দল হরিণের মত লাফিয়ে-লাফিয়ে এসে ছুটুক, শুধুই বর্ণনায় মন ভরে না, আর-একটু বেশি চাই আমরা।

লোকটা ফিরে আসবে কে জানত ?
কেউ জানত
সে তাকে ভোলেনি।

এই লাইন কটি পড়ে আশা জেগেছিল অন্তত ক্ষীণ একটু কাহিনী এই দীর্ঘ ভ্রমণবর্ণনায় জড়িয়ে থাকবে। নিজের কথাও বলতে পারতেন কবি। কিন্তু মেঘবৃষ্টি রোদে ঝড়ে দিনের পর দিন পাহাড় মন হ্রদের হাজার রকম পোষাক পালটানো দেখে বড় বেশি 'আশ্চর্য' হলেন কবি। শেষ পর্যন্ত ভুলেই গেলেন হয়তো সে উড়ো চিঠির ঝাঁক যার কাছে পৌঁচচ্ছে, মণিপুরী পূর্ণিমার বর্ণনার চাইতে কবির প্রতি আগ্রহ তার কম না হতেও পারে। কিন্তু আরো কেন ভালো হল না—এ হচ্ছে সে অভিযোগ। সম্প্রতি এমন কোনো কবিতার বই আমার চোখে পড়েনি এতটা উৎসাহ আর আনন্দ নিয়ে যে-বই আমি পড়েছি। 'উড়ো চিঠির ঝাঁক' পড়ে আশ্বাস পেলাম—বাংলায় পরিশ্রমী হৃদয়বান সংকবির সংখ্যা শূন্যে পৌঁছয়নি।

বিদিশা, **আনন্দগোপাল সেনগুপ্ত**। ডি. এম. লাইব্রেরি। ১৷৷০

পূর্বরঙ্গ, **অমিয়রতন মুখোপাধ্যায়**। ৩৲

দিশারি কপোত, **কালীকিঙ্কর সেনগুপ্ত**। বর্তমান প্রকাশনা ২৲

মধুমিতা।
তিমির-তৃষা। } **দিলীপ দাশগুপ্ত**। ১৷৷০ ও ৷৷০

এতগুলি কবিতার বই প্রথম থেকে শেষ, আবার শেষ থেকে প্রথম, অনেকবার তন্নতন্ন করে পাঠ করার পরে আমার ধারণা হল, এই যদি এখনকার বাংলা কবিতার নমুনা হয় তাহলে বাংলা কবিতার জন্য শোকসভার

আয়োজন করাই ভালো। রবীন্দ্রনাথের দোহাই দিতে চাইনে, যদিও 'রবিঠাকুরের দিবিা' দিয়েই কাব্যচর্চার রেওয়াজ আছে দেখা যাচ্ছে। কাছাকাছি বিশ পঁচিশ বছরের মধ্যেও বাংলা কাব্যের জমিতে কিছু ফসল তো ফলেছিল? গিদে মেটাবার মতো যথেষ্ট হয়তো নয়, কাঙালি বিদায় করার মতো ঢালাও দানছত্রও হয়তো খোলা যেতো না। কিন্তু সেদিন পর্যন্ত এতটা নিরাশ কেউ করেননি। ক্রমেই কবিদের কার্যকলাপ দেখে মনে হচ্ছে বাংলা কবিতার ভবিষ্যৎও যেমন নেই, তেমনি অতীতও সমান অনুপস্থিত। কবিতাপাঠকের কাজ এখন শুধুই বিলাপ করা। স্বগতোক্তির মত নিজেরাই করবেন, নিজেরাই শুনবেন। রিপভ্যান উইঙ্কল্‌এর মতো বহুকাল পরে-পরে ঘুম ভাঙছে কবিদের। অন্তত ভাবভাষা দেখে মনে হয় না সাহিত্যের ক্যালেণ্ডারে ষিশ ত্রিশ বছর আগেকার পুরোনো পাতা ছেঁড়া তাঁরা প্রয়োজন মনে করেন। তাই প্রেম, প্রকৃতি, বলাকা, বিরহী, উদয়শিখর, অসীমের ক্ষুধা, প্রভৃতি সত্ত্বেও পাঠকের মনে কিছুই এসে পৌছয় না।

পূর্ব হতে ছানি প্রেম-শিখা
পড়িব নবীনা ধরা, সে ধরারে ধরি' দিব বিদ্যা
তরুণ সূর্যের সাথে;...

ইত্যাকার ছন্দোবদ্ধ সংকল্পরাজি পাঠ করার পরে আর কী কথা বলার থাকতে পারে? বৈশিষ্ট্য না থাকলেও 'দিশারী কপোতে'র কবি নির্ভুল ছন্দ লেখেন, এবং নানারকম ছন্দেই তাঁর হাত আছে। কিন্তু ঐ পর্যন্ত। এঁদের মধ্যে ভিন্ন দেখলাম শুধু 'বিদিশা'র কবি। গুটিকয়েক ছোটো লিরিক। রচনার কারুকার্যে যথেষ্ট সতর্কতার প্রমাণ নেই, কিন্তু বাংলাকাব্যের পরিমণ্ডলে মনটি লালিত।

আমার মনে হয় তিরিশ থেকে চল্লিশ সালের মধ্যে যে-সব কবিতার বই ছাপা হয়ে বহুদিন আগে নিঃশেষিত হয়েছে অবিলম্বে তাদের পুনঃপ্রকাশ প্রয়োজন। না হলে বাংলা কবিতার ধ্বনি, আর তার সুর হয়তো ভুলেই যাবো।

সরেশ গুহ

CALCUTTA UNIVERSITY
CENTRAL LIBRARY.

কবিতা

আশ্বিন ১৩৫৮

ষোড়শ বর্ষ, চতুর্থ সংখ্যা

ক্রমিক সংখ্যা ৭০

সুধীন্দ্রনাথ দত্ত

অনুগ উত্তর হতে পলাতক দক্ষিণের পাছে
ছুটেছে একাগ্র পথ, দুর্নিবার, নির্ভীক, উৎসুক,
অবিশ্রাম। লঙ্ঘি গিরি, অতিক্রমি নদী, দ্বিখণ্ডিত
করি শ্বাপদসঙ্কুল অরণ্যানি, শত নগরীর
প্রলোভন উপেক্ষি নির্দয়ে, প্রাগ্রসর ঋজু পথ,
যেন বিশ্বমানবের কার্যক্ষম করে ঊর্ধ্বরেখা—
অনুকূল দৈবের স্বাক্ষর। জাতিগত চেতনার
কুহেলীগুণ্ঠিত প্রাগূষায়, স্বপ্নোত্থিত কৃষ্টি যবে
মৌন জিগীষায় উচ্ছ্বসন প্রকৃতিরে চেয়েছিল
আয়ত্তে আনিতে, হানি তার নিষ্কবচ বুকে শেল,
গদা, পরশু প্রভৃতি প্রাগৈতিহাসিক অস্ত্র, সেই
অক্ষত্রিয় বশীকরণের অলঙ্ঘিত অভিজ্ঞান
এই রক্ত পথ, প্রগল্‌ভ প্রবাদ উৎকীর্ণ সকল
দেহে, কী বলে নিবিদে ?

মনে হল ও-মহাপথের
সঙ্গে আমি পরিচিত জন্মপরম্পরাসূত্রে ; ওর
ধূলিকণায় নিহিত যে অস্থিতি, পূর্বপুরুষেরা
আমারে বসায়ে গেছে সে-জঙ্গম উত্তরাধিকারে।

আশ্বিন ১৩৫৮

উড্ডীন মৈনাকে করেছিল অভীপ্সাসঞ্চার তারা ;
তাদেরি জিজ্ঞাসা ঐকান্তিক পদচিহ্ন এঁকেছিল
রিক্ত নিরুদ্দেশে ; চক্রব্যূহ রচেছিল মরীচিকা
দিয়ে আশ্বস্তরি মরুতে তারাই ; রথের নেমীতে
অরাতির পঞ্জরাস্থি নিয়ত নিষ্পেষি, এনেছিল
সংহতি কর্দমে, অনাগত ভবিষ্যতে সন্তানের
অশ্বমেধ যাতে না পায় ভৌতিক বাধা। অকস্মাৎ
কালের প্রবাহ ছুটিল পশ্চাৎ মুখে, প্রত্যক্ষের
সীমা উত্তরিল শাশ্বত সংবিৎ, ইন্দ্রিয়নিচয়
যেন পাশরিল অধিকারভেদ।
উৎকর্ণ নয়নে
দেখিলাম, শুনিলাম অনিমেষ কানে এশিয়ার
আমেরু বিস্তারে ইতস্তত অপদেবতার লীলা
প্রায় অবসিত ; গতানুগতিক ভ্রমে মোহ্যমান
জনতার ঘুম উপদ্রুত অকারণ অসন্তোষে ;
বিষম বিরাম ব্যক্ত একাধিক বার একতান
নিঃশ্বাসে-প্রশ্বাসে ; নিষিদ্ধপ্রবেশ হৃদয়ের দ্বারে
করাঘাত, অবিবেকী প্রণয়ীর মন্ত্রণা যেমন
কুমারীর আদিষ্ট কুণ্ঠায় ; অনাদি তুষার—অঙ্গ,
অঙ্ক অসূর্যের পুরাণ প্রতীক—তাতে মলয়ের
দৌত্যে মুহুর্মুহু সংক্রান্ত সিন্ধুর—রৌদ্রসমুজ্জ্বল,
ইন্দ্রনীল, সচল সিন্ধুর—উন্মুখর আমন্ত্রণ ;
সমষ্টি গর্ভিণী প্রাতিস্বিক প্রাণের প্ররোহে ; যৌথ
অনীহায় উহ্য উৎক্রম, উদ্দেশ।
সহে না, সহে না
আর দিনগত পাপের ক্ষালনে নিত্য অনুতাপ ;

আশ্বিন ১৩৫৮

বদ্ধমুষ্টি পৃথিবীর উচ্ছিষ্ট কুড়ায়ে সধর্মীর
সঙ্গে বিপ্রলাপ ; গোঠে বা শিকারে উদয়াস্ত বৃথা
কায়ক্লেশ ; বুভুক্ষু প্রদোষে ফেরা পৈতৃক কারায় ;
মিটাতে বংশের দাবি মধ্য রাত্রে অভ্যস্ত আশ্লেষ।
শুধু মুখচেনা বান্ধবের সুলভ সহানুভূতি
রোগে, শোকে, দুর্বিপাকে অনন্য সহায় ; আশ্রিতের
উৎকণ্ঠায় অনিরুদ্ধ মৃত্যুর প্রস্তুতি দুর্বিষহ
লাগে। দীপাধারে পশুর দুর্গন্ধ মেধ ; বিষায়িত
কুটীরের ভিড়ে একাকার সন্নিধির নিরালোক
জ্বালা ; বিশ্বামিত্র অর্গল কবাটে। শত শ্রেয় ঝড় ;
তাণ্ডবে উৎক্ষিপ্ত হিম দ্বারের বাহিরে ; জড়ে জীবে
দ্বন্দ্বযুদ্ধ, স্বতন্ত্র উভয়ে।

অনুন্নত আকাশের
ষড়যন্ত্রভাগী, যে-তুঙ্গ পর্বতশ্রেণী মানবের
স্ফূর্তিরোধ করে সঙ্কীর্ণ দিগন্তে, তার পরপারে
সমভূমি নমতার বিনিময়ে স্বোপলব্ধি চায়
সমর্পিতে। সুপ্ত পুত্র-কলত্রের মুখ, দুর্দিনের
পরিপন্থী জঞ্জালের বোঝা, জ্যোতিষীর অনুমতি,
মানা মুছে যাক মন থেকে নিশিশেষে দুঃস্বপ্নের
মতো। অথবা বিরহ নিতান্তই নিগূঢ় অন্তরে
যদি জাগে, তবে যেন সে-শূন্যকেন্দ্রিক বহ্নি তাপ
তথা আলোক বিতরে পরাবর্ত্তহীন সর্বনাশে।
কক্ষচ্যুত ধ্রুবতারা ; নেই কালপুরুষ শিয়রে ;
অন্ধকারে দুষ্পাঠ্য ললাটলিপি ; অশ্লেষা-মঘায়
কতিপয় মরীয়া মানুষ অজানার অভিসারে
বদ্ধপরিকর।

আশ্বিন ১৩৫৮

হ্রেষারব সহসা স্বগত মৌনে।
তার পরে দুরুদুরু—সে কি হৃৎস্পন্দ, না ক্ষুরধ্বনি
তুষারঘূর্ণিতে? কোথা সহযাত্রীরা সকলে? পাশে
কে অপরিচিত, অতিকায় জন্তু, না দানব? শীত,
শীত, নিখিল নাস্তির শীত সংক্রমিত ধাবমান
দেহের উষ্মায়। গিরিগাত্রে সম্পাতের ভয়; প্রতি
পদে নিমজ্জন আবদ্ধ গহ্বরে; এবং সানুতে
প্রতিকূল বায়ুর শীৎকার অতিষ্ঠ, অপৌরুষেয়।
সেঁধানে প্রত্যূষ উষার নিষ্ঠুর বিড়ম্বনা, শ্বেত
দংষ্ট্রা অপ্রতর শিখরসমূহ, এবং পাতাল
প্রগতির অভিমুখে, অতিক্রান্ত সোপানে সোপানে।
অবশেষে অন্বিষ্ট সঙ্কটপ্রাপ্তি সঙ্কল্পের গুণে,
কণ্ঠাগত প্রাণে অবরোহ বিমুখ বাহন সহ,
এবং বিশ্রাম, শৈলমূলে অমেয় বিশ্রাম।

বুঝি
যুগান্তরে সূর্যোদয় তীর্ণ বৈতরণীর সৈকতে।
সঙ্গে সঙ্গে তৃষিত বল্লমে শোণিতের প্রতিশ্রুতি;
লোলরসনা তুরঙ্গের গতি কোষবদ্ধ কৃপাণের
মুমুক্ষাশিঞ্জিত; তূর্যে তূর্যে দিগ্বিজয়; বর্বরের
বিধ্বস্ত পত্তন প্রজ্ঞার আহুতি অভিযানে; বনে
বা গুহায় পৌত্তলিক অস্ত্যজের অক্ষম কল্পনা
নির্বাসিত; অরাজক অন্তরীক্ষ ধ্বনিত স্বোহমে।
তার পর? যবনিকাপাত; চূড়ান্তের প্রাক্কালেই
প্রস্থিত নায়ক; সূত্রধর পর্যন্ত নির্বাক; ভূমা
অকস্মাৎ অনেকান্ত সংসারে শতধা; জীবন্মৃত

অমৃতের আত্মজ সন্ততি ; নির্জন পথের শেষ
চক্রবালে বিন্দুপরিমাণ ; ভবিতব্যে ভবিষ্যৎ
লুপ্ত পুনর্বার ; রাত্রি প্রত্যাগত।

দাঁড়াও, দাঁড়াও,
আদি পিতা ; নতুবা নেপথ্য থেকে করো নিবারণ
আত্মজের ন্যায্য কৌতূহল। দিগ্বেদে ঘটে নি ভুল
যবে চতুঃসীমার সন্ধিতে দিশারীর সান্ধ্য সভা
বাদ-বিতণ্ডায় হয়েছিল বিভক্ত হঠাৎ ? ফলে
এক দল গিয়েছিল অস্তাচলে, মর্ত্যের মহিমা
একর্ষিরে যেখানে প্রত্যহ টানে ; এবং অন্যেরা,
অনন্তযৌবন ধরিত্রীরে মৃত্যুর উৎকোচ ভেবে,
প্রাচ্যেও নির্বাণ খুঁজেছিল প্রাতঃসন্ধ্যা জ'পে। কোন্
পথ উপনীত পূর্ণের সকাশে ? না কি উভয়ত
সমাপ্ত সমস্ত চেষ্টা আত্মপ্রদক্ষিণে ? অকারণে
পৃথগন্ন ভ্রাতৃদ্বয় ? নষ্টমোহ ব'লে অবিচল
গন্তব্যের উপান্তে পথিক ? কৈবল্য কোথাও নেই ?
জগৎ অন্বয়ব্যতিরেকী ?

কিন্তু নিরুত্তর তুমি ;
হাওয়ার দমকে খুলেছিল যে-গবাক্ষ অতীতের
প্রস্থ অন্ধকূপে, বন্ধ তা আবার ; চক্রচর প্রতিহারী
জিজ্ঞাসুরে বিতাড়িত করে প্রতিবেশী অটবীতে,
যেখানে গোষ্পদে কৃষ্ণসার আপনার প্রতিচ্ছবি
দেখে আর ভাবে গৌরব জটিল শৃঙ্গে, লজ্জা তথা
দুর্গতি চরণে। বৈজয়ন্তী ঘিরে শিবিরের নৈশ
সন্নিবেশ আদিগন্ত প্রান্তরের শ্যাম সমারোহে,

কবিতা

আশ্বিন ১৩৫৮

কিংবদন্তীমাত্র আজ প্রাকারবেষ্টিত জনপদে ;
কুরুক্ষেত্র সূচ্যগ্র মেদিনী ; পরিচ্ছিন্ন ভূমণ্ডল
স্বদেশে বিদেশে, জাতিভেদ সমাজে সমাজে ; গৃহী
ও বিষয়ী সাধে সার্বভৌম প্রব্রজ্যার বাদ ; পথ
অনাত্মীয় ; অন্তর্হিত বক্রজ্বালাকিরীটী পুরুষ।
অচিন্ত্য পুনরাবৃত্তি নিরপেক্ষ কালের প্রবাহে ॥

আদি রচনা : ৫ই চৈত্র ১৩৩৪
পুনর্লিখিত : ১৫ই সেপ্টেম্বর ১৯৫০

মার্কিনি

অমিয় চক্রবর্তী

যে-কোনো পথিককে

যদি নিয়ে আসতে পারো প্রিন্সটনে আমার বাগানে
—যেখানে পাথর ঘরে ছিলাম পৃথিবী থেকে দূরে—
তোমার মনের মোহ,
দেখতে পাবে তবে
চেরি শুভ্রতায় বন্দী বসন্তের ধ্যানে
একাকী প্রচ্ছন্ন শীতে ফুটিয়েছি তোমারি গৌরবে
মৃত্যুঞ্জয়ী ভাবনার সমারোহ ;
শীতের রোদ্দুরে
সোনার বরফে ফলা হঠাৎ বসন্ত, সেই দিন,
ভোরের আরক্ত রাত্রে ধীরে অশ্রুতারা হলে ক্ষীণ।

যদি সে সম্মোহ থাকে তবে এসো,
নয়তো এ বাড়ি
মার্কিনি যে-কোনো ছোটো সুন্দর বাড়িতে হবে শেষ,
বাগানে যেমন হয় গাছে ফুল, বনাবেশ,
বিজ্ঞান কেন্দ্রের পাশে শুধু দেখে যাবে তাড়াতাড়ি,—
নিশ্চিহ্ন ঘণ্টার পরে ঘণ্টা ধ'রে যুগ্মতার ধারা
এতটুকু দেবে না ইশারা।
হয়তো তখন—
কতকদিনের ছাই আগুনে অঙ্গারে জ্ব'লে শেষে
অতিদূর ক্ষীণ আভা ছোঁবে, বন্ধু, প্রাণে তব এসে
আমার বিলুপ্ত মন-ক্ষণ ;

আশ্বিন ১৩৪৮

চোখে দেখবে সত্যি গাছে পাথর-ঘরের চত্বরে
অজস্র চেরির শাদা পুষ্পোচ্ছ্বাস আছে ভ'রে,
নবতৃণভায় অগণন
এপ্রিলের দূর-তটে কম্পিত নতুন বিস্মরণ।
দেখবে না আরো শুভ্র চেরি-ধ্যানে প্রগাঢ় আবেশ
একটি চৈতন্যে তোলা কোন শীর্ষতায় অনিমেষ
জ্বালিয়ে যন্ত্রণা যত মন্ত্র করেছিল সমুজ্জ্বল
মিলিত বিস্ময়ে যোগফল ;
প্রেমের বন্দনা থেকে শীতশীর্ণ শুষ্ক ডালে
পাখীকণ্ঠে কচি পত্র ইন্দ্রজালে
কী দিয়েছি শুধু তোমাকেই—
তুমি কি তখন চোখে দেখবে না অনন্ত যা নেই ?
জানবে না এইখানে ভগবান দেখা দিয়েছেন
পাথর ঘরের দক্ষিণে
পথ চিনে ?
দোতলায় যে-পথিক ছিল তাকে তিনি চেনাবেন।

[redacted] (১)

কিছু এর প্রাথমিক, কিছু এর প্রেম
একই ঠাণ্ডা হিমপ্রভ দুপুরের বিপুল বেলায়
উল্লাসে তোমার মুখে, কিংবা ঐ পথে
এলম্-ছায়ায় তুমি চলো যেই বারান্দার বাঁকে।
লালপাতা লতা-লাগা দেয়ালের নীলফুলে ঘেরা
ধূসর পাথর, দরজা, মধ্যযুগী আধুনিক চূড়া,

আশ্বিন ১৩৫৮

যৌবনউজ্জ্বল ছেলে মেয়ে
পড়ে শোনে, পাশে শূন্য, বিস্তীর্ণ অচিন্ত্য প্রান্তাকাশে
দলে দলে পাখী মেঘ এরোপ্লেন ছায়া গতায়াত।
আলোর অখণ্ড অবসরে
কাফেটেরিয়ার গন্ধ, কাঁটা চাম্‌চে ব্যস্ত টুংটাং,
কফিগন্ধ, সিগারেট, ঈষৎ আবিষ্ট ভাসে হাওয়া,
ছুটো তিনটে পাতা ঝ'রে পড়ে,
সব স্তব্ধ তুমি আমি আছি।
কখনো বিচ্ছিন্ন তীব্র আনন্দ-অন্তিক তুমি তারা
সব থেকে আলাদা নতুন,
গলার আশ্চর্য মধু বিদ্যুতের বীণা বুকে বাজে,
স্পর্শের গভীরতম স্পর্শ চেতনায় ভায়োলিন,
শুধুই একান্ত তুমি, তাতে নেমে যাওয়া—
অতল স্বতন্ত্র শুধু আমারি আপন ক'রে খুঁজি,—
নাকের, ভুরুর রেখা, কানের দুলের আলো দেখি,
যেন এ তো কখনোরই নয়,
অপূর্বতা তুমি সেই অলোক আমার চিরদিন
একই কলেজের লাগে পড়তে এসে।
অথবা প্রচ্ছন্ন সবই ; সর্বজোড়া দেয়ালে তোমায়
প্রেমে প্রেমে প্রাথমিক কোথায় পৌঁছই চোখে মনে
যুগ্মতায় স্বচ্ছতীর,
এও কি সুন্দর লাগে, বন্ধুতরা ক্ষণ আত্মহারা।
তোমার মাথার চুলে বনগন্ধী পুরোনো অচেনা
তখন নিবিড় হয় মধ্যাহ্নের লাইলাকের বাস,—
তখন গভীর ঐ বড়ো চোখ আকাশ-প্রতিমা
নিরঞ্জনা ;

আশ্বিন ১৩৫৮

তখন তোমার জুতো নেয়ে
স্বচ্ছন্দে ঐ যে পিপড়ে বেড়িয়ে আবার ঘাসে নামে,
খুসি অন্যমনে তুমি দেখ,
তাতে খুসি আমি, আর দুজনার হাসি এসে ঠেকে
অসীম সান্নিধ্যে .যটা রেল-লাইনের পারে যায়
অনির্দিষ্ট কেঁপে কেঁপে কল্পাকাশে শহরে কোথা যে,
আদিম হারানো অধিবাসী ;
আবার অনন্তে ফেরে এই দুপুরেরি বেলা শেষে ॥

ছাত্রী (২)

বাসন্তী হাওয়ায় একাসীন
উড়ে আসা শুকনো রেণু, ছোটো ছেলেটার ছেঁড়া বই,
মরচে-রঙা হাল্কা ঐ প্রজাপতি স্বল্প ব'সে ঘোরে,
এল যে কম্পিত ক্ষণ তপ্ত মাধুরীর স্পর্শাবেশে।
ব্রডওয়ের বাস্ থেকে একশ-ষোলো কলম্বিয়া পথে
চলো দ্রুত, দরজা-দেয়া পাথর চত্বর বেয়ে ওঠো,
চেয়ে দেখি আমি। বন্ধু, চলি সঙ্গে দূরে ;
উঁচু মাথা, উজ্জ্বল মনন যন্ত্রময়ী
কঠিন উৎসাহে, তবু, তোমার মাথার চুলে হাওয়া
ছোঁয় একটু স্বপ্নকথা ; ওহায়োর গ্রাম থেকে সাঁকো,
সারি-দেয়া উইলো আর সাদা বাড়ি, গির্জের ঘণ্টায়
মার্কিন ঘরের ছেলে ওঠো তুমি, মনে আছে
মা'র ডাকে কফি খেতে নামো প্রাতরাশে,
ছুটির দিনের ঘরে পিয়ানো বাজাও, রোদ ঢোকে,

আশ্বিন ১৩৫৮

হাতে লাঠি. কুকুরের ঘেউ-ঘেউ, ঘাস-কাটা ভিক্ষে জমি,
সারাদিন বুদ্ধি-ডোবা শুধু তুমি মস্ত ছেলে, ঘোরো,
বনের ফাল্গুনী ভাপে, ছলছল নদীশব্দে অগ্রমন—
যন্ত্রের শহরে ভাবি এই ছবি ঠিক ছবি কিনা।
পড়াশোনা মধ্যপথে বিজ্ঞানের কারখানা থেকে
ছাতে ঐ পায়রা ওড়ে, এপ্রিলের স্যুইয়র্ক ঘেরা
উজ্জ্বল আকাশ-চেরা গম্ভীর বিরাট উঁচু বাড়ি
তারো উর্ধ্বে স্বচ্ছ আজ নীলান্তিক বসন্তের বেলা,
সানে বাঁধা প্রকাণ্ড শহর বায়বীয়।
চলো বইগুলো হাতে নিয়ে, চলো
কোথাও বেড়িয়ে যাই আধঘণ্টা পার্কের পাশে
স্যাণ্ডুইচ-অলা ঐ, তাকেও পিছনে রেখে তুলি
বহুজনতার মধ্যে আমরাও ছুটির প্রত্যাশী॥

পর্দা

কত যে জটিল গ্রন্থিজাল ;
চিত্রিত দেয়াল
পাথরের কুচি, ইট, রঙা-মেশা সন্ধ্যায় উঠেছে ;
উপরে নীলের দিকে নেচে
আসন্নিক মুহূর্তে দোদুল
নীল ইচ্ছা ক্লেমাটিস্ স্টেশনে ধরেছে গুচ্ছ ফুল ;
তাতে ছোঁয় কোটি দূর ঘূর্ণ আলো সৌরতারা থেকে,
বিদেশী হাওয়ায় পাখী চেনা কণ্ঠশিষ দিল রেখে ;
সঙ্গে তারি হৃদয়ের পূর্ণভাব ডুবিয়ে দিয়েছি
হঠাৎ অখণ্ড ক্ষণে দূরযাত্রী আমি বেঁচে গেছি।

কিছুই হত না এক, যদি না তোমার বোধ প্রাণে
ব্যাকুল বাসন্তী লগ্নে বিচ্ছিন্ন জানার অভিজ্ঞানে
এমন অনন্ত দীপ্তি-লাগা ;
ট্রেনে-চলা শনিবারে আনত জানালা-ধরা জাগা ;
যদি না হাড্‌সন ব্রিজ পেরিয়ে চলার শব্দ-শ্লোকে
হুইসিল্-বাজানো থামা সেই ব্যথা দিত দুই চোখে।
দেয়ালের আভা শেষ দৃষ্টি লভি'
সত্তার আরক্ত বুকে কোন্ যুগ্মতায় আঁকে ছবি ॥

প্রাণশিল্প

চোখে পায় সুধা দৃষ্টি ওরা অতি কাছে,
বিহ্বল দেহের রূপ ধরা দেয় যুগ্ম ধ্যানে
মূর্তি মাধুরীর পরস্পরে ॥

গন্ধে পায় অস্তিমতা লাবণ্যের,
চুলের সম্মোহবাস, ব্যাপ্ত লীন সুরভি ব্যাকুল ;
সম্পূর্ণ বসন্ত বাষ্প কত ফুল-মুকুলের চেনা
ঘোর আনে ওদের নিশ্বাসে ॥

স্পর্শ ডুবে যায় তবু জাগে বারম্বার
নব নব চেতনার পুনর্জন্মে তীক্ষ্ণ পাওয়া
সমস্ত যুগল আপনতা ॥

কণ্ঠধ্বনি মৃদু-কাঁপা যেন সে নীরবে ছুঁয়ে যায়
দুজনের নাম-জানা ডাকে ॥
একই সঙ্গে মনোময় চৈতন্যের মিলে
দুজনায় পায় শুভ্র সত্তার সঙ্গমে
বহু বিনিময়ে এক-হওয়া
স্পন্দিত আলোর স্রোতোবেগ।
ছলছল অগাধ তরঙ্গপারে
বিরহসুদূর আর একান্ত কাছের বোধে
কূল শুধু অকূলে মিলায় ॥

মিলন বেলায় ওরা জানে সবি থাকে ॥

কবিতার ছবি-গানে, পাথরে উৎকীর্ণ মায়া দিয়ে
প্রতিম কী দিতে চাই ওদের মুহূর্ত ঘোর গেঁথে
ধ্যানের স্বরূপী শিল্পে,
হায়,

ভিন্ন ভিন্ন ইন্দ্রিয়ের ধারণা ভিত্তিতে গড়া ইন্দ্রজাল
শিল্পের যতই পথ রচেছে সংসারে, তার সীমা
ঠেকে যায় প্রেমের প্রহর থেকে দূরে।
আপেক্ষিক স্থিতি তার কালের অক্ষরে
যতই বিস্তীর্ণ হোক, নেই তাতে সব চেয়ে বেশি ॥

প্রাণের জোয়ার এলে মাটির বাসায়
সব মিলে শ্রেষ্ঠ ভাষা সে শুধু প্রেমের ॥

তিনটি কবিতা

জীবনানন্দ দাশ

আমাকে একটি কথা দাও

আমাকে একটি কথা দাও যা আকাশের মত
সহজ মহৎ বিশাল,
গভীর ;—সমস্ত ক্লান্ত হতাহত গৃহবলিভুকদের রক্তে
মলিন ইতিহাসের অন্তর ধুয়ে চেনা হাতের মতন :
আমি যাকে আবহমান কাল ভালোবেসে এসেছি সেই নারীর।
সেই রাত্রির নক্ষত্রালোকিত নিবিড় বাতাসের মত ;
সেই দিনের—আলোর অন্তহীন এঞ্জিন-চঞ্চল ডানার মতন
সেই উজ্জ্বল পাখিনীর—পাখির সমস্ত পিপাসাকে যে
অগ্নির মত প্রদীপ্ত দেখে অন্তিমশরীরিণী মোমের মতন।

ধান কাটা হয়ে গেছে

(সতেরো বছর আগের লেখা)

ধান কাটা হয়ে গেছে কবে যেন—ক্ষেতে মাঠে প'ড়ে আছে খড়,
পাতা কুটো ভাঙা ডিম,—সাপের খোলস, নীড়, শীত ;
এই সব উৎরায়ে ঐখানে মাঠের ভিতর
ঘুমাতেছে কয়েকটি পরিচিত লোক আজ—কেমন নিবিড়।
ঐখানে একজন শুয়ে আছে—দিনরাত দেখা হত কত কত দিন ;
হৃদয়ের খেলা নিয়ে তার কাছে করেছি যে কত অপরাধ ;
শান্তি তবু : গভীর সবুজ ঘাস ঘাসের ফড়িং
আজ ঢেকে আছে তার চিন্তা আর জিজ্ঞাসার অন্ধকার স্বাদ।

আশ্বিন, ১৩৫৮

অঘ্রাণ প্রান্তরে

(পুরোনো লেখা : সংশোধিত)

জানি আমি তোমার দু চোখ আজ আমাকে খোঁজে না আর
পৃথিবীর পরে—
ব'লে চুপে থামলাম; কেবলি অশ্বত্থপাতা প'ড়ে আছে ঘাসের ভিতরে
শুকনো মিয়োনো ছেঁড়া ;—অঘ্রাণ এসেছে আজ পৃথিবীর বনে ;
সে সবের ঢের আগে আমাদের দুজনের মনে
হেমন্ত এসেছে তবু ; বলে সে, 'ঘাসের ওপরে সব বিছোনো পাতার
মুখে এই নিস্তব্ধতা কেমন যে—' সন্ধ্যার আবছা অন্ধকার
ছড়িয়ে পড়েছে জলে ;—কিছুক্ষণ অঘ্রাণের অস্পষ্ট জগতে
হাঁটলাম , চিল উড়ে চ'লে গেছে—কুয়াশায় প্রান্তরের পথে
দু একটা সজারুর আসা যাওয়া ; উচ্ছল কলার ঝাড়ে উড়ে
চুপে সন্ধ্যার বাতাসে
লক্ষ্মীপেঁচা হিজলের ফাঁক দিয়ে বাবলার আঁধার গলিতে
নেমে আসে ;
আমাদের জীবনের অনেক অতীত ব্যাপ্তি আজো যেন লেগে
আছে বহুতা পাখায়
ঐ সব পাখিদের ; ঐ সব দূর দূর ধানক্ষেতে, ছাতকুড়োমাখা
ক্লান্ত জামের শাখায় ;
নীলচে ঘাসের ফুলে ফড়িঙের হৃদয়ের মত নীরবতা
ছড়িয়ে রয়েছে এই প্রান্তরের বুকে আজ···হেঁটে চলি...আজ
কোনো কথা
নেই আর আমাদের ; মাঠের কিনারে ঢের ঝরা ঝাউফল
প'ড়ে আছে ; শান্ত হাত, চোখে তার বিকেলের মতন অতল
কিছু আছে ; খড়কুটো উড়ে এসে লেগে আছে শাড়ীর ভিতরে,

আশ্বিন, ১৩৫৮

সজনে পাতার গুঁড়ি চুলে বেধে গিয়ে নড়ে চড়ে ;
পতঙ্গ পালক জল—চারিদিকে সূর্য্যের উজ্জ্বলতা নাশ ;
আলেয়ার মত ঐ ধানগুলো ন'ড়ে শূন্যে কি রকম অবাধ আকাশ
হয়ে যায় ; সময়ও অপার—তাকে প্রেম আশা চেতনার কণা
ধ'রে আছে ব'লে সে-ও সনাতন ;—কিন্তু এই ব্যর্থ ধারণা
সরিয়ে মেয়েটি তার আঁচলের চোরকাঁটা বেছে
প্রান্তর নক্ষত্র নদী আকাশের থেকে স'রে গেছে
যেই স্পষ্ট নির্লিপ্তিতে—তাইই ঠিক ;—ওখানে স্নিগ্ধ হয় সব।
অপ্রেমে বা প্রেমে নয়—নিখিলের বৃক্ষ নিজ বিকাশে নীরব।

দুটি কবিতা

অরুণকুমার সরকার

ক্রিসান্থিমাম

ভালোবাসা তুমি সুদূর শঙ্খচিল
অনেক দূরের নীলে।
আজ মনে হয় হয়তো বা নয় ভুল
হয়তো বা ডেকেছিলে।

সেদিন হৃদয়ে অঝোর বৃষ্টিধারা
শুনতে পাইনি তাই দিইনিকো সাড়া,
শুধু অনুমানে অভিমানে দিশাহারা
দুয়ারে এঁটেছি খিল।

তখনো অনেক আসমানী নীল খামে
জড়িয়ে রয়েছে মোর নাম তার নামে,
ব্যথাবিজড়িত পীত ক্রিসান্থিমামে
রূপকথা ঝিলমিল।

বিরচিত ভুলে তবুও দিয়েছি তালি,
সবুজ ঢেকেছে বিরস মরুর বালি।
কত আকাঙ্ক্ষা-ক্ষুব্ধ ঊর্মিমালী
অবসাদ পঙ্কিল

দীঘির কালোয় ধিক্কৃত মৃত্যুকে
মেনে নিয়ে বাঁধ বেঁধেছে নিজের বুকে।
মুছেছে সময় ঘুমের গহনে ঢুকে
স্বপ্নের সাদা তিল।

আশ্বিন, ১৩৫৮

বিকেলে নীরব সব কলরব যবে
কার কালো চুল ভেসে এলো সৌরভে !
এ কি সেই ফুল—কী ভীষণ ভুল —তবে
কোথায় ছুঁড়েছি টিল !
হায় ভালোবাসা সুদূর শঙ্খচিল !

জন্মদিনে

(শ্রীযুক্তা প্রতিভা বসুকে)

সিন্দুক নেই ; স্বর্ণ আনিনি,
এনেছি ভিক্ষালব্ধ ধান্য ।
ও-দুটি চোখের তাৎক্ষণিকের
পাব কি পরশ যৎসামান্য ?

দুরাশা আমার সীমাহীন বটে
তবুও কি জানি দৈবে কী ঘটে !
দ্বিধাবিজড়িত লজ্জাপীড়িত
এ-হৃদয় ঝাউবৃক্ষের পাতা,—
যার জানালায় দুবাহু বাড়ায়
নেই সেই জন ঘরে অবশ্য ।

এই তো সেদিন সারা প্রান্তরে
সময়ের সোনা দূরবিস্তৃত ।···
হায়রে, কখন কেটেছে সকাল,
দুপুর ছুঁয়েছে বিকেলের লাল ;

আশ্বিন, ১৩৫৮

তারার আলোতে ভেসে গেছে স্রোতে
গানের প্রাণের হিজিবিজি খাতা !
আজ মাঝরাতে নেই বিছানাতে
ঘুমের মাঠের সবুজ শস্য !
মাথা পেতে তবে মেনে নিতে হবে
শাদা আরশির নিরেট ব্যঙ্গ ?
যে-কুসুমগুলি মেখেছিল ধূলি
তা-কিও পাবে না তোমার সঙ্গ ?
স্মৃতি থেকে তাই এনেছি দু'মুঠো
গন্ধমদির আমন ধান্য ।
ও-দু'টি চোখের তাৎক্ষণিকের
পাব কি পরশ যৎসামান্য ?

স্বাক্ষর

কামাক্ষীপ্রসাদ চট্টোপাধ্যায়

অখণ্ড স্তব্ধতা শুধু । ক্ষয়িষ্ণু তারার
নাড়ির স্পন্দন আর ক্ষণে-ক্ষণে স্মরণ পড়ার
জ্বালা এক : ছোটো নাম —
জীবনের অন্ত পারে তবুও উদ্দাম
প্রতিধ্বনিটুকু শুনি আশ্বিনের ঘাসে
জ্যোৎস্না শিশিরে মেশে কিসের আশ্বাসে ?

জ্বালা-করা চোখ নিয়ে জেগে-থাকা রাত
চাঁদের সারস ভীত বুঝি হায় পিছনে কিরাত ।

আশ্বিন, ১৩৫৮

দিগন্তে রেলের বাঁশি ঘুম-পাওয়া সুর
তারপর অফুরন্ত সকাল-দুপুর।
—সেই নাম বারবার আসে আর যায়
একদিন বেসেছিলো ভালো তাই খাজনা আদায়
বুঝি বারবার,
—এইটুকু বেঁচে থাকা তার।

কতটুকু জানা নাম কতখানি আকাশে উড়েছে
ফাল্গুনী পাখীর মতো বুঝি চলে গেছে।
কত রৌদ্র পার হয়, কত জ্যোৎস্না পার হয়—তারপর
সবুজ ফসলে বুঝি রাখলো স্বাক্ষর।

একটি চিঠি

প্রতিভা বসু

মালতী,
অনেক কথা ভেবে
অনেক, অনেক প্রতীক্ষার পরে
খানা ডোবা, ধানক্ষেত, পাটক্ষেত,
চিকিরমিকির বাঁশের বন
ফাঁকে-ফাঁকে টুকরো-টুকরো আলো
আলো আর অন্ধকার
অন্ধকারে শকুন-বাচ্চার কান্না—
সব পেরিয়ে, সব ছাড়িয়ে,
এঁকে-বেঁকে,
ঈষৎ চড়াই ঈষৎ উৎরাই
গাছ, গাছ, গাছের ডালে ভূতের ছায়া—

আশ্বিন, ১৩৫৮

সব ডিঙিয়ে
হোঁচট খেতে-খেতে
রাশি-রাশি জোনাকি ঠেলে
আমি আবার এসেছিলাম তোমার কাছে
তোমার পাড়াগেঁয়ে দরজায়।

তোমার ঘরে তখন আলো ছিলো না,
তুমিও ছিলে না।

তোমার জানালায় সন্ধ্যামালতীর ভিড়—
তোমারই মতো মিঠে তাদের ঘ্রাণ
আমি সেখানটাতেই দাঁড়িয়ে ছিলুম চুপ ক'রে।

খোঁপায় প্লাস্টিকের মালা জড়িয়ে
ঠোঁটে লাল মেখে, হাতে ব্যাগ নিয়ে
গ্রামের গন্ধে, ইস্টিশনের ধারে
তুমি তখন সিনেমায় যাবার জন্য প্রস্তুত।

ফিরে আসতে-আসতে
কালো চুলে লালে নন্দদুলাল মালা
দুটি লজ্জা-নরম নীল-আলো-ছড়ানো চোখ
শ্যামল শীতল দুটি কাঁকন-পরা হাত
আর দুটি ছোটো-ছোটো আলতা-পরা পা
একসঙ্গে মনে পড়লো সব।

কিন্তু সে কোথায়?
সমস্ত জীবনেও কি আর আমি
খুঁজে পাবো তাকে? সেই মেয়েটিকে?

বালি

দেবদাস পাঠক

মুঠো ভরে তুলে নিলে বালি,
হাওয়ায় ছড়িয়ে দিলে, খালি হাত খালি।
খালি হাত খালি মন, কোনোখানে দাগ
লাগেনি-- লাগেনি, বালি উড়েছে বেবাক।
বালি ওড়ে, পাতা ঝরে, আকাশের আলো
মুছে নিতে কালো রাত দুহাত বাড়ালো।

আলো নেই—আলো নেই তবুও কেন যে
দুই চোখ মেলে রাখে সেই শুধু বোঝে।
আবার হঠাৎ হাওয়া আথালিপাথালি,
চোখে বুঝি উড়ে এলো কণা দুই বালি।
খালি হাত, খালি মন, চোখে কেন জল!
হাতে দাগ নেই তবু মনে নামে ঢল।

দুটি কবিতা

আনন্দ বাগচী

বাক্‌দান

ধ্যান ক'রে ক'রে চোখ হ'য়ে গেছে অন্ধ,
ব্রহ্মচর্য ক'রে গেছে মোরে বন্ধ্যা,
নতুন পৃথিবী বৃথা বন্দরে বন্ধ,
সব রূপ হ'লো নিশীথে রজনীগন্ধা।
বিংশ শতকে আমি বাঙালির মেয়ে,
তুঙ্গভদ্রা নাম, বাস বালিগঞ্জে,
রক্ত ফোটে না এখনো ধমনী বেয়ে—
মন প'ড়ে আছে সুদূর ময়ূরভঞ্জে।

নতুন সূর্য দেখবো সে-চোখ নেই,
কুন্তীর মত কামনা, পারিনি তাও,—
কালো চশমায় দৃষ্টি হারালো খেই
মনে-মনে ছাড়ি ময়ূরপঙ্খী নাও!
শুনেছি চীনের দুঃখ হোয়াং হো,
প্রাচীন মিশর, সে নাকি নীলের দান,
কোরিয়ার মাঠে এখনো রক্তবাহ
হয়নি প্রেমের ধারাপাত অবসান।

তবু যে দু'চোখে মনোবীক্ষণ নাই,
পিরামিড ভরা রয়েছে গভীর অর্থ,
দু'পাতা ক্রয়েড চর্চা—দু'মুঠো ছাই
মেয়ে হয়ে শুধু রচেছি ভোগের গর্ত
প্রিয়তম মোর এখনো কামারশালে
নয়া সৃষ্টির তপ্ত হাতুড়ি পেটে,

আশ্বিন, ১৩৫৮

বালিগঞ্জের কেলিকুঞ্জের খালে
ভ্রমণ করে না যুগ্ম শরীর এঁটে।

আমার স্বামীর কৈলাসে নয় বাস,
আমার স্বামী সে মন্থন করে সিন্ধু,
তারি তরে মোর প্রতীক্ষা বারো মাস
হোক নাবালক, অথবা না হোক হিন্দু!
এই তো আমার স্বয়ংবরের গান
হৃদয় আমার ক'রে গেনু তারে দান।

শনিবারের ডায়ারি

(অথবা একটি বাদামি কবিতা)

নিরিবিলি কোণ দেখে অবশেষে দুইজনে ব'সে পড়ি দক্ষিণ-পশ্চিমে
ঘাস-চটা হেতুয়ার। যেথা কেউ বসে নাই এসে।
হবো-হবো সন্ধ্যেটা দু'জনে কাটাবো ব'লে এইটেই স্থির হলো শেষে।
ফরফরে ফোয়ারাটা আমাদের পিছনেই, সামনেই বেথুনের ভীমে
বাদুড়-ঝুলন্ত গাছ, নগ্‌ডালে আলগোছে রংটুকু মাখা
গাঙ-পার সূর্যের। আমাদের চোখ দু'টো হালফিল রাখা
বাঘা যতীনের পরে। মন আজ বড়ো উদাসীন।
আজ শনিবার, তাই অফিসের ফেরতাই ভর-পেটা-ট্রাম ফেরে নাই
পুজো নাকি সামনেই, ঘূর্ণ্যমান জনতার মুখে মুখে চল্‌কায় তাই
এক-আধটু ফিকে হাসি—হুবহু কান্নার মতো·· হামেশা কান্নারই
মতো দিন।

আশ্বিন, ১৩৪৮

পরনায় প্রশাখার অগুন্তি দিন থেকে একটি বিকেল তারা
আধখানা ভেঙে
দু'জনের মন দু'টি তারি ধাঁজে পাশাপাশি অব্যয় করবার আশা
সফল হবে না জানি, সমীচীন তাও নয়, সময়-সমুদ্রে ছোটো কুটো
হয়ে ভাসা—
তার চেয়ে ভালো এই হাল্কা আঙুলে মোরা বাদামের খোসাটুকু
ভেঙে
এক-একটি জিজ্ঞাসা মুখে পুরি, আর ভাবি আজ হবে কার পকেটের
আনি আর দু'আনিতে কথা বলা, ভাবলেশহীন মুখে ফের
অগস্ত্যযাত্রার পথে মার্চ ক'রে চ'লে যায়, খাইবার পাস দিয়ে যারা
তাদের ফেনিল কান্না নিঃশব্দে শ্রবণ করি, দু'জনেই পাশাপাশি ব'সে :
অনেক তাকিয়ে দেখে। গুঁড়ি গুঁড়ি অন্ধকার আকাশের ডানা
থেকে খসে।
বৈদ্যুতিক চোখগুলো জ্ব'লে ওঠে বিতৃষ্ণায়। নিশাচার রাত্রির
পাহারা
এবার নীরবে নামে। বাদুড়ের পাখসাঠে মুখরিত রাত্রির এলাকা—
—এবং বাদাম শেষ হ'লো, কব্জিঘড়িতে শোধ শতদল গোস্বামীর
ধার।

স্বগত

নরেশ গুহ

চাই না, চাই না, চাই না তোদের ফিরে যা তোরা,
শ্রাবণ-শোভন গগনে পবনে অলস বিলাসে পালক ওড়া।
অমল নীলায় মোহিনী লীলায় পাল তুলে ভাস,
আকাশ আমার কেউ নয়, সে তো দূরের আকাশ,
আরেক দেশের, আরেক গাঁয়ের, আরেক পাড়ার।
কত তার সখা চন্দ্রতারকা, নিদ্রাহারার
বন্ধুতা মেনে অপমান হবে? থাক থাক, ঢের
হাসি-হাসি মুখ, আহ্লাদি ঢং দেখেছি তোদের,
ফুটফুটে ফুল। এই যে বকুল, কখন এলে?
কে না একদিন ছিল তোমাদের প্রাণের দোসর? দুদিনে সে-ছেলে
পর হয়ে গেল? সাধু, সাধু। তবু কী যে ভালো নাম
রেখেছে তোমার মা-বাবা, তাঁদের শতেক প্রণাম।

চাই না বৃষ্টি, চাই না দুপুরে ছলছল মেঘ।
মাখবো না মুখে সন্ধ্যার রেণু। যত ঝগড়াটি ঝড়ের আবেগ
ত্রিসীমায় আমি দেবো না ঘেঁষতে। শিমূল, শালিখ
ধিক্কার দিক, ধিক্কার দিক, ধিক্কার দিক।

কত ভালো আমি বেসেছি তোদের, নিজের হাতের বাচাল আঙুল,
কূলের শরীর ছেনেছিস তোরা, ছুঁয়েছিস তার জানু-ঢাকা চুল,
তার নীল খাম তোরা ছিঁড়েছিস, দিয়েছি ছিঁড়তে আমার আগেই:
বিশ্বাস নেই; নিজের শরীর, শরিক, তারেও বিশ্বাস নেই।
বিশ্বাস নেই বিলাসী চোখেরে, হায় রে অন্ধ।—সুরভিমত্ত
বিষয়ী নাসিকা, এই নিশিভোরে শোনাবো না কোনো পরমতত্ত্ব।

আশ্বিন, ১৩৪৮

মূর্ছিত থাকো, থাকো ভারে ভোর। স্বাধীন, স্ববশ, নির্বিশঙ্ক,
তোদের ছোঁবে না আত্মগ্লানির শত হাতে ছোঁড়া পাপের পঙ্ক।
যখন চেয়েছ, যা চেয়েছ ঠোঁট, স্বার্থসাধক কান, ভীরু বক্ষ,
সাধ মিটিয়েছি, ভাবিনি তোরা যে এত প্রতারক!
তোরা সৌখীন, তোদের কি দায়, তোরা তো বেকার।
সংসারে তোরা পেলিনে কিছুই, ইচ্ছে হল না কিছুই শেখার।
আঁকিস নি ছবি, গড়িস নি গান, মৃত বিবর্ণ কঠিন পাথর—

পাথরই রইল। পারলি না দিতে রূপ।
আজ ফিরে যায় দেবতার যত বর।

ভিলানেল্

(Villanelle)

বিষ্ণু দে

দিনের পাপড়িতে রাতের রাঙা ফুলে
সে কার হাওয়া আনে বনের নীল ভাষা।
জোগায় কথা তাই সোনালি নদী-কূলে।

আলোর ঝিকিমিকি তোমার কালো চুলে,
উষার ভিজে মুখে দিনের স্মিত আশা,
দিনের পাপড়িতে রাতের রাঙা ফুলে

পরশ মেলে মেলে তুমি যে ধরো খুলে,
হৃদয় সে উষায় থামায় যাওয়া-আসা,
জোগায় কথা তাই সোনালি নদী-কূলে।

কে খোঁজে পথে আর কে ঘোরে পথ ভুলে
অস্ত গোধূলিকে কে সাধে দুর্বাসা
দিনের পাপড়িতে রাতের রাঙা ফুলে ?

ঈশান মেঘে আর ওঠে না দুলে' দুলে'
স্বরিতে কাঁদা আর চকিতে মৃদু হাসা,
জোগায় কথা তাই সোনালি নদী-কূলে।

সে তরু এ হৃদয়, তুমি যে-তরুমূলে
বসেছ ফুলসাজে, ছায়ায় দাও বাসা
দিনের পাপড়িতে রাতের রাঙা ফুলে,
জোগায় কথা তাই সোনালি নদী-কূলে।

সমালোচনা

দুরন্ত দুপুর, নরেশ গুহ। সিগনেট প্রেস।
অন্তপথ, মণীন্দ্র রায়।
রাণুর জন্যে, বীরেন্দ্র চট্টোপাধ্যায়। কাব্য কোণ।

বাংলা কবিতার দুর্দিন চলছে, এ-কথা অনেকেই ব'লে থাকেন আজকাল। আমিও ব'লে থাকি মাঝে-মাঝে। নিশ্বাস ফেলি সেই পূর্বযুগের কথা ভেবে, যখন আমাদের 'তিরিশে'র কবিরা বেরিয়ে আসছেন একে-একে, যখন এই 'কবিতা'রই এক-একটি সংখ্যায় মূর্ত হয়েছে কাব্যের ক্ষেত্রে নতুন ঘোষণা, সৃষ্টির নিত্য নব বিচিত্র সংকেত-উদ্যম। অনতি দূরের সেই অতীত, কিন্তু মনে হয় যেন কত দূর, যেন স্বপ্নলোকে উজ্জয়িনীরও পরপারে। মাঝখানে কয়েকটা বছরে সারা দেশের, সারা পৃথিবীর ভাঙচুর ওলোটপালোট হ'য়ে গেলো; মধ্যবর্তী ব্যবধান তাই দুস্তর।

মানতেই হয় যে তখনকার তুলনায় বাংলা কবিতার দুঃসময় চলছে বর্তমানে। কিন্তু শুধু কি কবিতার? রাষ্ট্রে অনাচার, সমাজে বিশৃঙ্খলা, জীবনে অবিশ্বাস; মূল্যবোধ বিধ্বস্ত; একমাত্র রাজনীতি ছাড়া কিছুতেই কোনো উৎসাহ নেই; আমাদের রীতিনীতি, রুচি, শিক্ষা, সংগীত, সিনেমা—জীবনের প্রত্যেক বিভাগে নিকৃষ্টের সঙ্গে নিকৃষ্টতরের যে-প্রতিযোগিতা চলছে কয়েক বছর ধ'রে, সেই নিম্নগ স্রোত অচিরে রুদ্ধ হবে ব'লে মনে হয় না। এর মধ্যে হঠাৎ শুধু কবিতারই পুলকিত বিকাশ কি আশা করা যায়? ট্যালেন্ট, ব্যক্তিগত প্রতিভা, তাও তো মহাশূন্যে বিরাজমান নয়; তাকেও অলক্ষ্যে পুষ্টি জোগায় সারা দেশের প্রাণের ধারা, তারও যথেষ্ট প্রকাশের জন্য উপযোগী একটি আবহাওয়া চাই। সেই 'আবহাওয়া'—যা কোনো-এক কালে জীবন্ত ছিলো এই কলকাতায়, বাংলা দেশে, সম্পূর্ণ ধ্বংস হয়েছে এখন; কবিতার অবক্ষয় তাই দুঃখের হ'লেও তাতে বিস্মিত হবার কিছু নেই। আর এই অবস্থা—নিজেদের সাফাই হিসেবে বলছি না, সংখেদেই নিবেদন করছি—এই অবস্থা শুধু এখানেই না, পৃথিবীর অন্যান্য দেশেও লক্ষ্যণীয়;

অন্তত ইংরেজি ভাষার সাম্প্রতিক কবিতা—অর্থাৎ কবিতার অভাব—পরিমাণের বাহুল্যবলেই আরো বেশী পীড়াদায়ক মনে হয়।

এ ছাড়াও কথা আছে। বাংলা কবিতার যে-অবস্থাই এখন হ'য়ে থাক, তাই ব'লে অতীতের জন্য শোচনা ক'রে কিছু লাভ নেই। সেটা অপৌরুষেয়। এর প্রভাব দু-দিক থেকে বিপজ্জনক; প্রথমত বয়স্কদের মনে এই ধারণা জন্মাতে পারে যে বর্তমানে 'কিছুই হচ্ছে না':—তার মানে কার্যত এই দাঁড়ায় যে কী হচ্ছে বা না হচ্ছে তার খবরটুকু নিতেও তাঁরা গা নাড়বেন না। দ্বিতীয়ত, তরুণদের মনে নিশ্চেষ্টতা আসতে পারে এ-কথা ভেবে যে যেহেতু এখন দুঃসময় তাই তাঁদের কিছু হবেই না; তাঁরা যে কখনো কিছু ক'রে উঠতে পারবেন সেই প্রয়োজনীয় আশাটুকুও নষ্ট হ'য়ে যেতে পারে তাঁদের; কিংবা নিজেদের অক্ষমতাটা চালিয়ে দিতে পারেন সময়ের অপরাধ ব'লে। অতএব ঐ 'দুর্দিন' কথাটা বার-বার না বলাই ভালো। ঘর ভেঙেছে তা তো জানি; চারিদিকে ছড়িয়ে-ছিটিয়ে প'ড়ে আছে সব; এখন আমাদের দেখতে হবে আবার একটু গুছিয়ে নিয়ে বসতে পারি কিনা; এই বিকৃত পরিবেশ, বিশীর্ণ জীবন—এরই মধ্যে আবার কিছু গ'ড়ে তুলতে পারি কিনা আমাদের বেদনা দিয়ে, বিনয় দিয়ে—আমাদের শ্রদ্ধায়, শ্রমে, প্রেমে, সুচেষ্টায়।

আর বস্তুত, কবিতা নিয়ে আমরা যে আক্ষেপ ক'রে থাকি, তার পিছনের কথাটা কী? পুরোনো কবিরা অনেকেই আর লিখছেন না, আর তরুণদের মধ্যেও নতুন কোনো আন্দোলন এখনো জেগে ওঠেনি—এই তো আক্ষেপের কারণ? কিন্তু এটুকুই সব কথা নয়। বাংলা কবিতা কেমন আছে, রোগা হ'য়ে গিয়ে থাকলেও সুস্থ আছে কিনা, ক্ষীণ স্রোতেও প্রাণের চাঞ্চল্য বজায় আছে কিনা, তা জানতে হ'লে দেখতে হবে আজকের দিনের তরুণ কবিরা কী লিখছেন, কেমন লিখছেন, কী তাঁদের ভাবনা বেদনা রচনাভঙ্গি, আর, সর্বোপরি—বিক্ষিপ্তভাবে, বিচ্ছিন্নভাবে হ'লেও—যথার্থ ভালো কবিতা কতটুকু তাঁরা লিখছেন। এই শেষ প্রশ্নের সন্তোষ-জনক জবাব যদি পাওয়া যায়, সবচেয়ে আশার কথা হবে সেটাই।

আশ্বিন, ১৩৫৮

এ-বিষয়ে সন্দেহ নেই যে প্রাণের লক্ষণ, স্বাস্থ্যের লক্ষণ তরুণতর কবিদের রচনায় মাঝে-মাঝেই দেখা যায়। যেটুকু অভাববোধ জাগে, ঐ 'মাঝে-মাঝে' শব্দটাতেই তা সূচিত হচ্ছে। অর্থাৎ ঐ ভালোটুকুকে নির্ভরযোগ্য লাগে না, মনে হয় দৈবাৎ হ'য়ে গেছে. কবিতার পর কবিতা পড়লে কোনো-একটা পরিণতির দিকে এগিয়ে যাবার লক্ষণ যেন দেখা যায় না। কিন্তু—বলতে পেরে সুখী হচ্ছি—এই অসংবদ্ধতার অভিযোগ থেকে অন্তত একজন কবি মুক্ত হ'তে পেরেছেন। তিনি নরেশ গুহ। তরুণতর কবিদের মধ্যে তিনি যে অগ্রণী, সে-বিষয়ে যদি বা কারো সন্দেহ থাকে তা দূর হবে তাঁর সদ্যপ্রকাশিত কাব্যগ্রন্থ 'দুরন্ত দুপুর' পড়লে। এ-বইয়ের অধিকাংশ রচনাই ইতিপূর্বে কবিতা'য় বেরিয়েছিলো. এদের সঙ্গে আমার পুরোনো চেনা—এবং এ-কথা স্বীকার করতেও আমার দ্বিধা নেই যে এই কবির রচনার প্রতি প্রথম থেকেই আমার পক্ষপাত জ'ন্মে গেছে। পক্ষপাতের কারণ এই যে যে-সময়ে—অর্থাৎ যুদ্ধের শেষের দিকটায়—এক রকমের খবুরে-কাগুজে অপচেষ্টাই খুব সোরগোল তুলছিলো সাহিত্যের আসরে— সেই সময়ে প্রথম লিখতে ব'সেও তিনি তাঁর আপন স্বভাবকেই প্রকাশ করেছিলেন। তারপর এ-কয় বছর ধ'রে তাঁর কবিতার পরিণতিপ্রবণ অবিচলতা আমি লক্ষ্য করেছি। ভালো লেগেছে সেই কবিতার স্নিগ্ধতা, স্বপ্নলতা রচনাশিল্পের সৌষ্ঠব। ভালো লেগেছে লিরিকের দিকে ঝোঁক, নিচু গলায় নরম ক'রে বলার দিকে উন্মুখতা। এই উন্মুখতারই প্রথম ফসল 'দুরন্ত দুপুর'।

'দুরন্ত দুপুর' বিষণ্ণ মধুর শান্ত রসের কাব্য। একটি ব্যথিত হৃদয়ের স্বগতোক্তি এখানে শুনতে পাই আমরা—কিন্তু ব্যথিত ব'লে বিক্ষুব্ধ নয়। পারিপার্শ্বিকের অসংগতি, নাগরিক জীবনের রূঢ়তা, চাহিদার সঙ্গে জীবনের বিরোধ—এই সব সমসাময়িক তথ্য বিষয়ে নরেশ গুহ সম্পূর্ণ সচেতন; কিন্তু এদের কাছে তিনি হার মানেননি, অর্থাৎ এদের বিরুদ্ধে লাগতে গিয়ে নিজের কাজ, নিজের গান ভুলে যাননি। সবই জানি, সবই বুঝি, কিন্তু ওদেরই নিয়ে, এদেরই মধ্যে যে বেঁচে আছি এইটে খুব

স্পষ্ট ক'রে অনুভব করা চাই—এই হচ্ছে তাঁর মনের কথাটা। এই কথাটি সুন্দর ফুটেছে গ্রন্থের নাম-কবিতায়, আর প্রথম কবিতা 'অলৌকিকে'। অলৌকিক মানে—সাধারণ মানুষের দৈনন্দিন জীবন—চিরচেনা বাস্তব—সেই বাস্তবটাই অলৌকিক।

কলকাতায় বেঁচে আছি শুধু এই মহাপুণ্যবলে
এখনো গলির মোড়ে সন্ধ্যায় সন্ধ্যায় গ্যাস জ্বলে,
ভোরে কলে জল আসে, পাশের বাড়ির
দ্বিতল রেলিঙে ঝোলে সদ্যস্নাত জাফরানী শাড়ির
আঁচলের প্রান্তভাগ।...

এই রকম অতি সাধারণ অলৌকিক কয়েকটি ঘটনার উল্লেখের পরে—

...আর দেখ, চিঠির বাক্সটা রোজ খুলি
রোজ কিছু চিঠি থাকে! অলৌকিক কে ডাকপিওন
রেখে যায় রোদ্দুরের চেকা খামগুলি।

সাধারণের মধ্যে এই বিস্ময়ের আবিষ্কার, জীবনের এই সহজ স্বাদ—গ্রন্থের অন্যান্য কবিতাও এখান থেকেই প্রেরণা পেয়েছে। আধুনিক জীবনের ব্যর্থতাবোধ—যা সাম্প্রতিক কবিদের প্রধান বিষয় বললে ভুল হয় না—তা অতিক্রম ক'রে তাই একটি অন্য সুর লেগেছে এই কবিতাগুলিতে; বিদ্রোহ না-ক'রে, বিলাপ না-ক'রে, প্রতিকূল পরিবেশের মধ্যে স্বাবলম্বী হ'য়ে বেঁচে থাকার যে-শান্ত সাহস, সেটাই এদের উল্লেখযোগ্য গুণ ব'লে আমি মনে করি। আরো এক কারণে কবিতাগুলি উল্লেখযোগ্য; সেটা এই যে সমস্ত রকম উগ্রতা বর্জন ক'রে কলাকৌশলে একটি সুনিয়ন্ত্রিত নৈপুণ্য প্রকাশ পেয়েছে; ছন্দ সুঠাম, মিল চমক লাগায় মাঝে-মাঝে, ভাষাব্যবহারে আধুনিক কথাভঙ্গি বজায় রাখা হয়েছে প্রায় সর্বত্রই। এবং—যদিও নরেশ গুহর মনের তন্ত্রী বিষাদের আঘাতেই বেজে ওঠে বার-বার, তবু কখনো-কখনো হাস্য-রসোজ্জ্বল হালকা কবিতাও তিনি লিখেছেন, যার শ্রেষ্ঠ নিদর্শন 'কুমির ইচ্ছা' নামক ক্ষুদ্র লিরিকটি। এটি সম্পূর্ণ উদ্ধৃত করার লোভ সামলাতে পারলুম না; —বলা বাহুল্য শিশুবিষয়ক হ'লেও এটি শিশুপাঠ্য নয়—মানে, শুধু শিশুপাঠ্য নয়:

আমি যদি হই ফুল, হই বুঁটি বুলবুল ঘাস,
মৌমাছি হই এক গাল,
তবে আমি উড়ে যাই, বাড়ি ছেড়ে ঘুরে যাই,
ছেড়ে যাই ধানোপাতি, দুপুরের ঘুঘোলের ফাঁদ।

তবে আমি চুপটুপ নীল দুজে দিই ডুব রোজ
পায় না আমার কেউ খোঁজ।
তবে আমি উড়ে উড়ে ফুলেদের পাড়া ঘুরে
মধু এনে দিই এক তোড়।

হোক আমার এসো চুল, তবু আমি হই ফুল লাল
ওরে দিই তালিদের তাল।
গড়িতে দুপুর বারে, বাবা ডুবে যান কাজে
তবু আর ঘুমোয় না আমার সকাল।

'হোক আমার'-এর সংশ্লেষণ ছান্দসিকের লক্ষ্যণীয়।

উপরে যা বলা হ'লো—এবং উদ্ধৃত হ'লো—তা থেকে পাঠক নিশ্চয়ই বুঝে নিয়েছেন যে নরেশ গুহ রোমান্টিক জাতের কবি। ওটা নিন্দার কথা আজকাল;—কিন্তু দশ বছর আগে যতটা নিন্দনীয় ছিলো, ততটাই কি আছে এখনো? ইতিমধ্যেই হাওয়া-বদল কি হয়নি একটু? নরেশ গুহর সম-সাময়িক অন্য কোনো-কোনো কবিতেও হার্দ্য রসেরই প্রাধান্য কি দেখা যাচ্ছে না নতুন ক'রে? তবু, এ-বিষয়েও সন্দেহ নেই যে বর্তমানে তাঁর নিস্পৃহও ছুটবে বিস্তর। আশা করি তিনি তাতে বিচলিত হবেন না; তাঁর স্বভাবের পরামর্শ লঙ্ঘন ক'রে কোনো-একটা অদ্ভুতভাবে বেঁকিয়ে দিতে যাবেন না তাঁর লেখনীকে। তাঁর মধ্যে গীতিকাব্যের যে-তাপটুকু আছে, সেটুকু যত্নে লালন ক'রে কোনো-একটা বড়ো পরিপ্রেক্ষিতে তাকে প্রয়োগ করার চেষ্টা—এতেই, আমার মনে হয়, তাঁর পরিণতির পথের তিনি নির্দেশ পাবেন।

যেমন 'দুরন্ত দুপুরে' নতুন একজন কবির দেখা পাওয়া গেলো, তেমনি 'অন্য পথে' আশাপ্রদ প্রমাণ মিললো যে আমাদের অনতিতরুণ কবিরাও

হাত গুটিয়ে ব'সে নেই। যাঁরা নিয়মিত লেখেন, কখনোই খারাপ লেখেন না, আর যাঁদের প্রায় প্রত্যেক লেখাতেই কিছু-না-কিছু মনের খাদ্য পাওয়া যায়, মণীন্দ্র রায় সেই সক্ষম এবং শিক্ষিত কবিদের অন্যতম। 'অন্য পথ' তাঁর ষষ্ঠ কাব্যগ্রন্থ; খণ্ডিত বাংলার বেদনাবিহ্বল পটভূমিতে এর রচনা। তাঁর মন বহির্মুখী, কিন্তু রচনাভঙ্গি ব্যক্তিস্বাতন্ত্র্যের লক্ষণযুক্ত; অর্থাৎ, তাঁর কাব্যের উপকরণ তিনি সংগ্রহ করেন বাইরে থেকে, কিন্তু তাকে প্রকাশ করেন চিত্রকল্পের সাহায্যে—সুভাষ মুখোপাধ্যায়ের মতো বাগ্মিতার ঋজু ঢঙে নয়, পর-পর ইমেজ সাজিয়ে বক্তব্যটি ইশারায় ফুটিয়ে তোলা তাঁর প্রচেষ্টা। ওতে তাঁর রচনার প্রাঞ্জলতার ক্ষতি হয় কখনো কখনো, কিন্তু চিত্রগত মূল্য বাড়ে, লেখায় ঘনতা আসে, এবং নানা দিক থেকে নানা রকম ইঙ্গিতের ধাক্কায় পাঠকের মনে সুখকর একটি চাঞ্চল্য জেগে ওঠে। একটি উদাহরণ দিই :

তাহার পরিধি ছিঁড়ে উড়ে যায়
ধমিল বিস্ফোরণের আগুনে
জ্বলে ওঠে মন ধাতব আভায়,
রক্তে গতির বর্ণালী ঝরে।

এ গান আমার অস্তিত্বতায়
জীবকোষে অনুরণনকণায়
ফসফরাস-এর শত দীপাধার
আনে সমুদ্র ঢেউয়ের কণায়।

এখানে এক গমকে ধনি থেকে একেবারে ফসফরাস-জ্বলা সমুদ্রের ঢেউয়ে উত্তীর্ণ হ'য়ে মণীন্দ্র রায় কৃতিত্বের পরিচয় দিয়েছেন। দূরবর্তী বিভিন্নকে এক সূত্রে বাঁধবার এই প্রয়াস তাঁর কাব্যে অন্য দিক দিয়েও লক্ষ্যণীয়; প্রিয়ার সঙ্গে তিনি মেলাতে চেয়েছেন স্বদেশকে, আপন কবিজীবনের সূত্র খুঁজেছেন সর্বসাধারণের জীবনযাত্রায়। এই ভাবটি বাংলা কাব্যে নতুন নয়, কিন্তু বিভিন্ন কবির হাতে এর পরিবর্তন, পরিবর্ধন এবং সম্প্রসারণ বাঞ্ছনীয়; কেননা জীবনের সঙ্গে জীবন যোগ করার মস্ত বড়ো কথাটা এতে প্রচ্ছন্ন আছে। প্রচ্ছন্ন আছে বললাম, কেননা এখন পর্যন্ত বাংলা কবিতায় এর

প্রকাশ অনেকটা বিপ্লবির মতোই শোনাচ্ছে এখনো ঠিক সংযোগ যেন ঘটেনি, শুধু টক্কাটাই প্রকাশ পাচ্ছে বার-বার। 'অন্য পথ' মোটের উপর এর ব্যতিক্রম না-হ'লেও কোথাও-কোথাও বস্তুনিষ্ঠার পরিচয় আছে এখানে. আছে দু-একটি প্রেমের কবিতায় অভিজ্ঞতার প্রত্যক্ষ সংস্পর্শ। প'ড়ে আশা হ'লো যে মণীন্দ্র রায়ের অন্য পথ হয়তো এঁকে-বেঁকে তাঁকে পৌঁছিয়ে দেবে কবিতার সেই প্রশস্ত—অথবা সংকীর্ণ—পথে, যেখানে উক্তির সঙ্গে অভিজ্ঞতার মিলনে মৃণালসূত্রেরও ব্যবধান থাকে না।

এ-প্রসঙ্গে আরো একটি বইয়ের কথা বলবো। চটি বই, কাগজের মলাট, যত্নহীন ছাপা; প্রথম দর্শনে কিছুমাত্র শ্রদ্ধা জাগে না। কবিতাগুলিও অধিকাংশ প্রবীণদের প্রতিধ্বনিমুখর—কোনো-কোনোটি অপাঠ্য। কিন্তু ধৈর্য ধ'রে কেউ যদি পুরো বইটি প'ড়ে ওঠেন, তাহ'লে তাঁর সন্দেহ থাকবে না যে 'রাণুর অন্তে'র লেখকের আছে সত্যিকার কবির মন—লেখারও যে হাত নেই তা নয়। ভালো লাগবে 'ক্লান্তি, ক্লান্তি' নামক কবিতা, যাতে পুনরুক্তি দূষ্যরূপে অত্যধিক, অমার্জনীয় দুর্বলতাবে যা শেষ হয়েছে. অথচ যাতে ক্লান্তির সুর ধ্বনিত হয়েছে এমনই ভাবে যাতে পড়বার পর বেশ লেগে থাকে মনে। 'মুখোস' কবিতায় পাওয়া যাবে নাগরিক যুবক-জীবনের ধূসর একটি বেদনাময় চিত্র—

> হে যুবক, হে যুবতী, পৃথিবীতে তোমাদের কতটুকু দাম?
> কান্নাকে শরীরে নিয়ে কার ঘরে কয় কোঁটা দিয়ে গেলে আলো?

আর 'অনুরাগ', 'আকাশ', এই দুটি কোমল করুণ রচনাও নাড়া দিয়ে যাবে মনের মধ্যে। বীরেন্দ্র চট্টোপাধ্যায় বেশ কয়েক বছর ধ'রে লিখছেন; বিস্তর লিখেছেন তিনি; বিস্তর বাজে লিখেছেন, তার তারই ফাঁকে-ফাঁকে হঠাৎ যে কিছু ভালোও লিখে ফেলেছেন সেটা প্রায় আশ্চর্য ব'লেই বোধ হয়। ভালো মানেও অধিকাংশ স্থলে অংশত ভালো, কিছু-না-কিছু খুঁত প্রায় থেকেই যায়; স্পষ্ট বোঝা যায় যে লেখকের ধৈর্য নেই, রুচিগঠনেরও অবকাশ হয়নি; তাই এতদিনের অভ্যাসেও তাঁর মধ্যে পরিণতির কোনো লক্ষণ দেখা গেলো না। এই সব ত্রুটিশোধনের

ভ্রমস্বীকার করতে তিনি যদি রাজি হন, তাহ'লে তাঁর কাছে রীতিমতো ভালো কবিতা আশা করা অন্যায় হবে না; আর আপাতত তাঁর ভালো যে-ক'টি কবিতা আছে শুধু সেই ক-টি একটি গ্রন্থাকারে বের করলে পাঠকের প্রতি—এবং নিজের প্রতি—তিনি সুবিচার করবেন। বিস্তর বাজে লেখাও এক হিশেবে ভালো, যদি দৈবাৎও তাতে দু-একটি ভালো বেরিয়ে যায়—কিন্তু ছাপাবার সময় সেই খাঁটিটুকুই ছেঁকে নেয়া চাই। সাম্প্রতিক কবিতার পরিবেশনে এই বিচার-বুদ্ধি প্রয়োগ করলে সেটা নৈরাশ্যের প্রতিষেধক হ'তে পারে।

১. শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রম
২. আশ্রমের রূপ ও বিকাশ
৩. বিশ্বভারতী

} রবীন্দ্রনাথ ঠাকুর ।৶০, ১৲ ও ২৲

৪. The Centre of Indian Culture
৫. A Vision of India's History

} Rabindranath Tagore. Re. 1/- ea.

৬. ব্রহ্ম বিদ্যালয়, অজিতকুমার চক্রবর্তী। ১৸০

৭. Santiniketan, 1901-51
৮. 25 Portraits of Rabindranath Tagore

} Rs. 7/8/- ea.

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়রূপে প্রতিষ্ঠিত হবার অনতিপরেই ১৩৫৮ সালের ৮ই পৌষ তারিখে শান্তিনিকেতন বিদ্যালয়ের পঞ্চাশ বছর পূর্ণ হ'লো। এই শুভ উপলক্ষে বিশ্বভারতী উল্লিখিত বই ক-খানা প্রকাশ করেছেন। এদের অধিকাংশই পুনর্মুদ্রণ—সচিত্র শোভন আকারে সুসম্পাদিত। প্রথম বইটিতে দুটি রচনা গ্রথিত হয়েছে; তার একটি ১৩০৮ সালের প্রতিষ্ঠাদিবসে প্রদত্ত রবীন্দ্রনাথের উপদেশ, অন্যটি ১৩০৯ সালে লেখা তাঁর একটি সুদীর্ঘ পত্র, যাতে আশ্রমের কার্যপ্রণালীর একটি সম্যক বিবরণ তিনি লিপিবদ্ধ করেছিলেন। এই 'প্রথম কার্যপ্রণালী', অথবা, 'রবীন্দ্রজীবনী'র লেখকের মতে, শান্তিনিকেতন বিদ্যালয়ের প্রথম 'কনস্টিট্যুশন'—এটি, শ্রীযুক্ত ক্ষিতিমোহন সেন জানিয়েছেন, রবীন্দ্রনাথ লিখেছিলেন পত্নীবিয়োগের মাত্র দিন

দশেক আগে, ঘোরতর মানসিক উদ্বেগের সময়। অথচ পত্রটিতে এতটুকু ব্যস্ততা বা অসতর্কতার লক্ষণ নেই; বিদ্যালয় পরিচালনার প্রত্যেকটি খুঁটিনাটির যে-গদ্যবদ্ধ নিয়মাবলী এখানে দেখতে পাই, তা রবীন্দ্রনাথের মতো মহাকবিরই উপযুক্ত। কত অর্থেই যে তাঁর প্রতিভা সর্বতোমুখী ছিলো তার একটি নতুন প্রমাণ—যদিও প্রমাণের আর প্রয়োজন করে না—এই পত্রটিতে পাওয়া যাবে।

দ্বিতীয় গ্রন্থটিতে তিনটি প্রবন্ধ সংকলিত হয়েছে, তার একটি ইতিপূর্বে কোনো গ্রন্থের অন্তর্ভুক্ত হয়নি। তৃতীয় এবং এদের মধ্যে দীর্ঘতম গ্রন্থটি একেবারেই নতুন; বিশ্বভারতীর প্রতিষ্ঠাকাল থেকে আরম্ভ ক'রে পরবর্তী কুড়ি বছর ধ'রে তাঁর এই শিক্ষায়তন বিষয়ে কবি বিভিন্ন স্থলে যে-সব বক্তৃতা দিয়েছিলেন, তৎকালীন পত্রিকাদি থেকে উদ্ধৃত হ'য়ে সেইগুলো এখানে সংগৃহীত হয়েছে। শান্তিনিকেতন বিষয়ে, বিশ্বভারতী বিষয়ে, শিক্ষাতত্ত্ব বিষয়ে, রবীন্দ্রনাথের যা-কিছু ধারণা, চিন্তা, অনুভূতি—যে-আদর্শটিকে তিনি মূর্তি দিতে চেয়েছিলেন বীরভূমের লাল মাটির প্রান্তরে—এ-দুটি বইকে বলা যায় তারই বিশদীকৃত ব্যাখ্যা। এ-বিষয়ে অন্য অনেক রচনা 'শিক্ষা' গ্রন্থে ইতিপূর্বে সংকলিত হয়েছে, কিন্তু কবির সম্পূর্ণ চিন্তা জানতে হ'লে এ-দুটিও প'ড়ে নিতে হবে। অনুরূপ উপলক্ষ্যে বিভিন্ন সময়ে রচিত ব'লে, এবং বক্তৃতা ব'লে, কিছু পুনরুক্তি অবশ্য আছে; কিন্তু সেই সঙ্গে আছে অনেক নতুন তথ্য, এবং আদিযুগের শান্তিনিকেতনের এমন সব বর্ণনা, যা আমাদের কাছে একেবারেই অচেনা ব'লে মনে হয়। একটি তথ্য আমি অন্তত এই প্রথম জানলুম: রবীন্দ্রনাথের 'গুরুদেব' উপাধিটা ব্রহ্মবান্ধব উপাধ্যায়ের প্রদত্ত;—এবং ঐ উপাধিটা যে বিদ্যালয়ঘটিত অর্থকৃচ্ছ্রের মতোই দুঃসহ ছিলো তাঁর কাছে, তাও রবীন্দ্রনাথ এখানে জানিয়েছেন।

ইংরেজি পুস্তিকা দুটি বিশেষভাবে মূল্যবান। প্রথমটির বিষয় শিক্ষা এবং বিশ্বভারতীর আদর্শ, কিন্তু আসলে তার চেয়েও অনেকখানি বেশি। ১৯১৯ সালে প্রথম প্রকাশিত 'The Centre of Indian Culture' প্রবন্ধে রবীন্দ্রনাথ ভারতীয় সংস্কৃতির মূল ধারার অন্বেষণ করেছিলেন,

বিশ্ব-সংস্কৃতির পরিপ্রেক্ষিতে দেখেছিলেন তাকে, পৃথিবীর মধ্যে ভারতীয় চিত্ত-বৃত্তির বৈশিষ্ট্য দেখিয়েছিলেন বিভিন্ন দেশ, ধর্ম, সভ্যতার সঙ্গে তুলনায় এবং প্রতিতুলনায়। 'A Vision of India's History' ১৯২৩ সালের রচনা; 'ভারতবর্ষের ইতিহাসের ধারা' নামক তাঁর পুরোনো এবং প্রসিদ্ধ প্রবন্ধে যা বলেছিলেন, তার সঙ্গে দ্বিজেন্দ্রনাথের পরামর্শ এবং নিজস্ব অনেক নতুন চিন্তা এতে যোগ করেছিলেন; ফলত, ইতিহাস বিষয়ে কবির সবচেয়ে পরিণত এবং সুগঠিত ধারণার পরিচয় পেতে হ'লে এই পুস্তিকাটি পড়তেই হবে। দুটি প্রবন্ধেই কবির বিশ্লেষণী শক্তিরও আশ্চর্য পরিচয় আছে; বহুল পরিমাণ তথ্যের উপর তাঁর কবিপ্রতিভার—অন্তর্দৃষ্টির—যে-আলো এখানে তিনি ফেলেছেন, তাতে ভারতীয় ইতিহাসের, সংস্কৃতির, ধর্মের, সমগ্র-ভাবে ভারতীয় মনের, সম্পূর্ণ ছবিটি একেবারে দীপ্ত হ'য়ে জেগে ওঠে চোখের সামনে। স্বদেশকে জানতে হ'লে, পূর্বপুরুষদের জানতে হ'লে—অর্থাৎ নিজেকে জানতে হ'লে—রবীন্দ্রনাথের এ-সমস্ত রচনাই আমাদের শ্রেষ্ঠ পথ-প্রদর্শক। ভারতের এই রাষ্ট্রিক বিবর্তনের সময়ে এই পুস্তিকা দুটির প্রকাশ খুব কালোচিত হ'লো।

অজিতকুমার চক্রবর্তীর 'ব্রহ্মবিদ্যালয়' শান্তিনিকেতনের প্রথম যুগের একটি মনোরম ইতিহাস। প্রবন্ধটি লেখা হয়েছিলো ১৩১৮ সালে, বিদ্যালয়ের প্রতিষ্ঠার পর দশম বর্ষে। এটি স্বগুণেই আদরণীয়, কিন্তু পরিশিষ্টে মহর্ষির ট্রাস্ট-ডীড মুদ্রিত হ'য়ে এর মূল্য বাড়িয়েছে, উপরন্তু এর চিত্রগুলিও উল্লেখ-যোগ্য। ব্রহ্মবান্ধব উপাধ্যায় বা মোহিতচন্দ্র সেনের কোনো ফোটোগ্রাফ ইতিপূর্বে কোথাও দেখেছি ব'লে মনে পড়ে না।

৭ এবং ৮ নম্বর বই দুটি ফোটোগ্রাফের অ্যালবাম। প্রথমটিতে শান্তি-নিকেতনের ৬৩টি ছবি ধারাবাহিকভাবে মুদ্রিত হয়েছে, সূচনা থেকে 'আমলী' পর্যন্ত দৃশ্যাবলীর সম্পূর্ণ সংগ্রহ বলা যায়। ভূমিকাস্বরূপ আছে রবীন্দ্রনাথের 'My School' প্রবন্ধ, চিত্রপরিচিতি হিশেবে তাঁর বাংলা রচনার অনুবাদ আছে প্রথম এবং শেষ চিত্রে, পরিশেষে শ্রীযুক্ত হিরণকুমার সান্যাল আশ্রমের সংক্ষিপ্ত একটি বিবরণ দিয়েছেন। 'পঞ্চিম পোট্রেটে' পাঠ্যবস্তু কিছু নেই,

কিন্তু কবির বিভিন্ন বয়সের বিভিন্ন ছবি একসঙ্গে পাওয়া যাচ্ছে ব'লে চিত্র-বিলাসীর পক্ষে এটি লোভনীয়।

অশ্বঘোষের বুদ্ধচরিত, দ্বিতীয় খণ্ড। অনুবাদ : রথীন্দ্রনাথ ঠাকুর। বিশ্বভারতী, ১৷০

বঙ্গসাহিত্যে নারী. সাময়িকপত্র-সম্পাদনে বঙ্গনারী। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। বিশ্ববিদ্যা সংগ্রহ, বিশ্বভারতী। প্রত্যেকটি ৷৷০

আমাদের দেশে সংস্কৃত চর্চার অবক্ষয় নিয়ে ইতিপূর্বে কখনো-কখনো আক্ষেপ প্রকাশ করেছি। এর ফলে ভিতরে-ভিতরে আমরা যে কী-রকম দুর্বল হ'য়ে গিয়েছি, সাহিত্যের ব্যবসায়ী হিশেবে নিত্যেই তা অনুভব করি। আজকের দিনের স্বাধীন দেশে সংস্কৃত শিক্ষার পুনরুজ্জীবনের কথা চলছে, যদি তা কার্যত হ'য়ে ওঠে তাহ'লে আমাদের পৌত্রাদি তার ফল ভোগ করবেন। কিন্তু প্রত্যক্ষ অভিজ্ঞতার অভাব থাকা সত্ত্বেও অন্য একটি উপায়ে এই ভাষাজননীর প্রসাদবিতরণ সম্ভব, সেটি সংস্কৃত সাহিত্যের যথোচিত অনুবাদ। এ-দিক থেকে, উনিশ শতকের পরে, আমাদের চোখ প্রায় ফেরানোই ছিলো। কিন্তু সম্প্রতি, সুখের বিষয়, এ-বিষয়ে নতুন ক'রে চেতনা জাগছে। তার প্রমাণ প্রবোধেন্দুনাথের 'কাদম্বরী', রাজশেখর বসুর 'মেঘদূত', 'রামায়ণ', 'মহাভারত', এবং অশ্বঘোষের বুদ্ধচরিতের রথীন্দ্রনাথ-কৃত অনুবাদ। এই শেষোক্ত গ্রন্থের সদ্যপ্রকাশিত দ্বিতীয় খণ্ডটি প'ড়ে আনন্দ পেলাম। তার কারণ শুধুই বিষয়মহিমা নয়। অনুবাদটি প্রথম খণ্ডের মতোই সুখপাঠ্য, সুগম্ভীর ও প্রাঞ্জল; কাব্যরসও ক্ষুণ্ণ হয়নি কোথাও; এ-রকম গ্রন্থ সাহিত্যিক কারণেও মূল্যবান। আমাদের মনের একটা ইংরেজি-ঘেঁষা বদভ্যাস হ'য়ে গেছে; আমরা অনেক সময়ই ইংরেজিতে চিন্তা ক'রে থাকি, এবং নির্বস্তুক বিষয়ে ইংরেজি ছাড়া প্রায় ভাষাই জানি না। 'বুদ্ধচরিতে'র মতো গ্রন্থ পাঠ ক'রে আমরা জানতে পারি আমাদের পূর্বপুরুষরা তাঁদের খুব দুরূহ চিন্তাগুলিকেও কেমন ক'রে প্রকাশ করতেন, কী তাঁদের ভাষা ছিলো পরিভাষা ছিলো; এবং অনুবাদের সাহায্যেও সংস্কৃতের সংস্পর্শে আরো বেশি ক'রে যদি আমরা আসতে

পারি, তাহ'লে আমাদের ইংরেজি-নির্ভরতার দোষ দূর হবার সম্ভাবনা বহুগুণে বেড়ে যায়। সেটি, বলা বাহুল্য, বাংলা সাহিত্যের পক্ষেই প্রকৃতরূপে কল্যাণকর হবে। বিশ্বভারতীর অনুবাদ-গ্রন্থমালায় নব-নব সংযোজনা তাই বিশেষভাবে কাম্য।

বিশ্ববিদ্যাসংগ্রহের নতুন বই দুটি বাংলা সাহিত্যের ক্ষেত্রে মহিলাদের কার্যকলাপের ঐতিহাসিক বিবরণ। লেখিকা-সম্পাদিকাদের অনেকগুলি চিত্র আছে। মহিলা-সম্পাদিত সমসাময়িক পত্রাদিরও উল্লেখ আছে, কিন্তু আধুনিক লেখিকাদের তালিকায় লীলা মজুমদারের নাম না-দেখে বিস্মিত হলাম।

লেখন, বৈকালী। রবীন্দ্রনাথ ঠাকুর। বিশ্বভারতী, ৬৲ ও ৪৲

কালো রেক্সিনে বাঁধাই, স্বর্ণাক্ষরে নামাঙ্কিত, কবির হস্তাক্ষরে মুদ্রিত এই ভাবগ্রন্থ দুটিতে যেন রবীন্দ্রনাথ ঠাকুরকে আবার নতুন ক'রে পাওয়া গেলো। 'এর প্রধান মূল্য হাতের অক্ষরের ব্যক্তিগত পরিচয়ের'—কবির এই কথার অর্থ বোঝা যায় বই দুটির পাতা ওল্টালেই ;—হাতের লেখার ললিত ভঙ্গিতে কবিতাগুলি যেন জীবন্ত হ'য়ে উঠেছে একেবারে, প্রায় যেন রচনার মুহূর্তটিকে ধরা যায়। আর রচনাগুলির বিষয়ে নতুন ক'রে আর কী বলবো ;—'চীনে জাপানে পাখায় কাগজে রুমালে কিছু লিখে দেবার অনুরোধ' থেকে যার উৎপত্তি, তার অনেক কাব্যকলিকাই সাহিত্যে স্থায়ী হয়েছে ; আর 'বৈকালী'র গানগুলিও আমাদের মনের গভীরে আসন পেয়েছে এতদিনে। 'মধুর, তোমার শেষ যে না পাই' পংক্তিটির প্রথম পাঠ ছিলো 'ভালো লাগার শেষ যে না পাই'—এই খবরটি নতুন পাওয়া গেলো। মাত্র একটি কথার বদলে কী রকম রূপান্তর সাধিত হ'তে পারে তার উদাহরণ-স্বরূপ এটা উল্লেখ করলাম।

'লেখনে'র নামপত্রে আছে 'বুডাপেস্ট ২৬ কার্তিক, ১৩৩৩' আর 'বৈকালী'তে '১৭ অগ্রহায়ণ, ১৩৩৩, বেলগ্রেড'। জর্মনিতে হাতের অক্ষর থেকেই ছাপিয়ে নেবার যে-উপায় বেরিয়েছিলো, তারই সাহায্যে 'লেখন' প্রথম প্রকাশিত হয় ১৩৩৪ সালে। সেই পরিমিত সংস্করণ অচিরে ফুরিয়ে যায়,

আশ্বিন, ১৩৫৮

তারপর এতদিন আর পাওয়া যায়নি, যদিও 'লেখনে'র বাংলা কবিতাগুলি 'রচনাবলী'র চতুর্দশ খণ্ডে মুদ্রিত হয়েছে। এই পুনঃপ্রকাশ তাই কাব্যজগতের একটি সুখবর ব'লে গণ্য হবে। একটু দুঃখের বিষয় এই যে 'লেখনে'র সবগুলি পৃষ্ঠার পুনঃপ্রকাশ সম্ভব হয়নি; ফলত 'পথে হ'লো দেরি ঝ'রে গেলো চেরি' এবং এমনি কিছু উৎকৃষ্ট রচনা বাদ গেছে। 'বৈকালী' এই বোধহয় প্রথম বেরোলো।

বুদ্ধদেব বসু

আলোচনা

স্কুলপাঠ্য বই

পশ্চিম বঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের বিরুদ্ধে কলকাতার প্রকাশক-সভা যে-আন্দোলন চালিয়েছেন সে-বিষয়ে কিছু মন্তব্য করলে অপ্রাসঙ্গিক হয় না। প্রকাশক-সভার প্রধান অভিযোগ এই যে পাঠ্যপুস্তক প্রকাশের ব্যবসাটি পর্ষৎ তাঁদেরই 'একচেটে' ক'রে নিতে উদ্যত হয়েছেন। এই অভিযোগ বা আশঙ্কা কতটা যুক্তিসংগত তা বিচারসাপেক্ষ। ম্যাট্রিকুলেশনের ইংরেজি, বাংলা, সংস্কৃত পাঠসংকলন কলকাতা বিশ্ববিদ্যালয় বরাবরই নিজেরা প্রকাশ করেছেন অতএব এখানে কোনো অভিযোগের কথাই ওঠে না। পূর্ব প্রথা থেকে তফাৎ হয়েছে এইখানে যে নিম্নশ্রেণীর পাঠ্য বিজ্ঞানের বইও শুধুমাত্র একটি ক'রেই নির্দিষ্ট হয়েছে। এতে কোনো-কোনো প্রকাশক সম্ভবত ক্ষতিগ্রস্ত হয়েছেন, কিন্তু মনোপলির আশঙ্কার ঠিক সমর্থন এতে পাওয়া যায় না। অন্যান্য বিষয়ের পূর্বপ্রকাশিত পাঠ্য এবং 'ক্রমপাঠ্য' পুস্তক তো প্রচলিত আছে; এবং শিক্ষাপর্ষৎও এমন কোনো বিজ্ঞপ্তি দেননি যে সমগ্র পাঠ্যপুস্তক প্রকাশের ভার এখন থেকে তাঁরাই নেবেন। তবু এ-রকম একটা আশঙ্কা যখন প্রকাশকদের মনে জেগেছে

তখন তার নিরসনও বাঞ্ছনীয়। পাঠ্যপুস্তকের সংস্কারসাধন সর্বোন্তোভাবে কাম্য, কিন্তু সেই সঙ্গে এটুকুও ব্যবস্থা চাই যাতে কারো জীবিকা বিপন্ন বা ক্ষুণ্ণ না হয়, কিংবা তার আশঙ্কাও না থাকে। পাঠ্যপুস্তকই অধিকাংশ পাঠকের প্রধান সম্বল; মধ্যশিক্ষা পর্ষৎ যদি তাঁদের সংগ্রন্থ প্রকাশে উৎসাহিত করেন, যদি পাঠ্য বইয়ের অপাঠ্যতার অপবাদভঞ্জনের জন্য তাঁদের মধ্যে প্রতিযোগিতা জাগিয়ে তোলেন, তাহ'লে সমস্ত দিক থেকেই সুফল ফলবে সন্দেহ নেই।

কিন্তু ব্যবসায়িক বিতর্কটাই এখানে প্রধান কথা নয়। তার বাইরে প'ড়ে আছে দেশব্যাপী ছাত্র, শিক্ষক, অভিভাবক—সংস্কৃতির সুবৃহৎ ক্ষেত্র। সেখানে শুধু একটি প্রশ্নই ওঠে: পাঠ্য বই পূর্বের তুলনায় ভালো হচ্ছে কিনা। সুখের বিষয়, শিক্ষাপর্ষৎ এই প্রশ্নের সদুত্তর দিতে পেরেছেন তাঁদের নির্বাচিত বিজ্ঞানের পাঠ্য বইয়ে। বঙ্গীয় বিজ্ঞান পরিষদ কর্তৃক প্রকাশিত এই বই তিনটি উল্লেখ্যরূপে ভালো হয়েছে। এগুলো যে চলতি ভাষায় সরস ক'রে লেখা হয়েছে এটাই এদের সর্বপ্রধান গুণ; পাঠ্যকেতাবে চলতি ভাষা দেখে—সত্যিকার জীবন্ত বাংলা ভাষা দেখে—এতদিনে আমাদের প্রাণ জুড়োলো। এ-বই দেখে যে-আশা জাগে, দুঃখের বিষয় ম্যাট্রিকুলেশনের 'পাঠসংকলনে' তার পরিপোষণ পাই না। ভালোর মধ্যে এইটুকু হয়েছে যে পূর্বের তুলনায় আকারে ছোটো, সুদৃশ্য, এবং দামে শস্তা। রবীন্দ্রনাথের কবিতা সংখ্যায় কিছু বেশি আছে, সত্য, কিন্তু সে-সব কবিতাও গতানুগতিক স্বাক্ষরযুক্ত, রবীন্দ্রনাথকে নূতন ক'রে উপস্থিত করার কোনো চেষ্টা দেখা যায় না। মোটের উপর এই পাঠসংকলন কলকাতা বিশ্ববিদ্যালয়ের পুরোনো প্রথারই পুনরাবৃত্তি; মোট ষোলোটি গদ্য রচনার মধ্যে চলতি ভাষার রচনা স্থান পেয়েছে দুটি মাত্র। এই বিতরণ অত্যন্তই অসম; তবু অন্য দিক থেকে তির্যক একটি আশার রেখাও পড়েছে। চলতি ভাষার তেজীয়ান সমর্থন আছে স্বামী বিবেকানন্দর 'বাঙ্গালা ভাষা' নামক প্রবন্ধে; এটি সংকলন ক'রে শিক্ষাপর্ষৎ হয়তো তাঁদের উন্মুখতারই পরিচয় দিয়েছেন; অন্তত আশা করা বোধহয় অন্যায় হয় না যে পর্বতের প্রভাবে বাংলা ভাষার পাঠ্যপুস্তকেও কালক্রমে আধুনিকতার সুর লাগবে।

আশ্বিন, ১৩৫৮

চলতি ভাষার প্রসঙ্গটা আরো একটু আলোচনার যোগ্য। এ-বিষয়ে প্রথম কথা এই যে চলতি ভাষা সাধু ভাষার বিতর্কটা এখন ইতিহাসের অংশ হ'য়ে গেছে আজকের দিনে দুটোই স্বীকৃত, দুটোই মান্য। শুধু তা-ই নয়, সাহিত্যের সৃষ্টির ক্ষেত্রে চলতি ভাষাই প্রধান হ'য়ে উঠেছে, আধুনিক বাংলা বলতে চলতি ভাষাকেই বোঝায়। দ্বিতীয় কথা এই যে ম্যাট্রিকুলেশনের ছাত্রছাত্রীর ঐতিহাসিক পারম্পর্য জানবার প্রয়োজন কতটুকু? যে-ভাষা ছোটোরা গল্পের বইয়ে পড়ে, মাসিকপত্রে পড়ে, 'পাঠ্য' ভাষায় তারই সঙ্গে মিল থাকলেই শিক্ষা কি যথার্থ হয় না? কেন তারা স্কুলের মধ্যেও মাতৃভাষার সমসাময়িক ভঙ্গিটি জানবে না, সমসাময়িক বিষয়ের সঙ্গে পরিচিত হবে না, কেন এমন সব রচনা পড়তে বাধ্য হবে যা তাদের পক্ষে নীরস, অর্থাৎ তাদের জীবনের সঙ্গে যার যোগ নেই? সমস্ত ক্লাশের বাংলা বইয়ের বিষয়েই এই প্রশ্নটি আমরা উত্থাপন করতে চাই। আমাদের স্কুলপাঠ্য বাংলা বই সজীব হোক, সুখপাঠ্য হোক, রচনায় ও বিষয়নির্বাচনে আধুনিক হোক,—এটা আজকের দিনে জরুরি রকমের প্রয়োজন ব'লে অনেকেরই মনে হচ্ছে। এ-বিষয়ে মধ্যশিক্ষা-পর্ষৎ উদ্যোগী হ'লে শিক্ষার একটা বড়ো রকমের সংস্কার হয়

প্রকাশকদের কথায় ফিরে আসা যাক। তাঁদের অভিযোগের কারণ যা-ই ঘ'টে থাকুক শেষ পর্যন্ত যে-পন্থা তাঁরা নিয়েছেন তাতে বিস্মিত না হ'য়ে উপায় থাকে না। মধ্যশিক্ষা-পর্ষতের সঙ্গে অসহযোগ ঘোষণা ক'রে তাঁরা পূর্বোক্ত 'পাঠসংকলন' এবং বিজ্ঞানের বই ক-টির ক্রয়-বিক্রয় বন্ধ রেখেছেন। এর মানে দাঁড়ায়, দেশের সমস্ত শিক্ষাতন্ত্রে আঘাত করা। কিন্তু এখানেও তাঁরা থামেননি; ঐ বই ক-টি প্রকাশের কিংবা বিতরণের ভার যে-দুই প্রকাশক নিয়েছেন তাঁদের সঙ্গেও প্রকাশক-সভা সম্বন্ধ ছিন্ন করেছেন, তাঁদের প্রকাশিত অন্যান্য গ্রন্থকেও তাঁদের বয়কট আন্দোলনের বিষয়ীভূক্ত করেছেন। এ-বিষয়ে প্রকাশক-সভার বক্তব্য আমরা দেখেছি, কিন্তু পাঠ্যপুস্তক প্রকাশ এবং প্রচার করা যে অমার্জনীয় অপরাধ ব'লে গণ্য হ'তে পারে সেটা জনসাধারণের বুদ্ধির অগম্য। আর তাছাড়া,

আশ্বিন, ১৩৫৮

এই একঘরে-করা প্রকাশকবর্গের একজন যেহেতু বিশ্বভারতী অন্যতম এম. সি. সরকার অ্যাণ্ড সন্স, আর যেহেতু প্রকাশক-সভার প্রায় সব সভাই সাধারণভাবে পুস্তকবিক্রেতাও, তাই এর ফল দাঁড়িয়েছে চমকপ্রদ। কলকাতার অধিকাংশ বইয়ের দোকান থেকে নির্বাসিত হয়েছেন রবীন্দ্রনাথ ঠাকুর, অবনীন্দ্রনাথ ঠাকুর, প্রমথ চৌধুরী, রাজশেখর বসু, এবং আরো অনেক সংগ্রন্থকার। এই অবস্থাটা এতই প্রহসনীয় যে এ-বিষয়ে কিছু মন্তব্য করাও বাহুল্য মনে হয়। পুস্তকের ব্যবসা যাঁরা করেন তাঁদের উপরেও দেশের সংস্কৃতিরক্ষার ভার কিয়ৎপরিমাণে ন্যস্ত থাকে : যে-কোনো কারণেই রবীন্দ্রনাথের বই বিক্রয় করতে অসম্মত হবার অধিকার তাঁদের আছে কিনা সেটা একটু ভেবে দেখলে তাঁরা ভালো করতেন। আমরা নিশ্চয়ই জানি যে এ-অবস্থা অস্থায়ী, এবং পর্বতের সঙ্গে প্রকাশকদের এই গোলযোগেরও নিষ্পত্তি একদিন হ'য়েই যাবে ;—কিন্তু কোনো-এক সময়ে কলকাতার যে এমন দশা হ'তে পেরেছিলো যখন কলেজ স্কোয়ারের অনেক দোকানে রবীন্দ্রনাথের বই কিনতে পাওয়া যায়নি, সেটা—সেটা আমাদের সকলের পক্ষেই একটু লজ্জার কথা বইকি।

বু ব.

কথাশিল্পী অবনীন্দ্রনাথ

রবীন্দ্রনাথের পরে, প্রায় সঙ্গে-সঙ্গেই নাম করবার মতো যে দু' একজন লেখকের নাম আমার মনে পড়ে, অবনীন্দ্রনাথ ঠাকুর তাঁদের অন্যতম। লেখক হবার পরিপূর্ণ শক্তি নিয়ে তিনি জন্মেছিলেন, এবং সে শক্তির অকৃপণ ব্যবহারও করেছিলেন। চিত্রবিদ্যার হাতে খড়ি যখন হয়নি তখন থেকেই তাঁর লেখা সুরু, আর তুলির রং তুলিতে ফিরে গেল যখন, লেখা তখনো চলছে। ছবি আঁকার ফাঁকে ফাঁকে, খেয়ালের বশে, কেউ এমন রচনা লিখতে পারেন না, যদি না সাহিত্যিকের মৌলিক প্রতিভায় তাঁর অধিকার থাকে। 'শকুন্তলা', 'ক্ষীরের পুতুলে'র মতো বই লেখা হয়েছে উনিশ শতক শেষ হবার পাঁচ সাত বছর আগে—এ কথা যখন ভাবি তখন অবাক না হয়ে পারি না যে চিত্রশিল্পীর নামের তলায় সাহিত্যিকের অমেয় কীর্তি এমন অনায়াসে কী করে চাপা পড়ে গেল। তার চল্লিশ পঞ্চাশ বছর পরে 'ঘরোয়া' আর 'জোড়াসাঁকোর ধারে'র মতো বই আবার যদি তিনি না লিখতেন, তাহলে সহজে হয়তো মনেই পড়তো না যে বাংলা গদ্যের কত বড় শিল্পী অবনীন্দ্রনাথ। এবং এতেও হয়তো চমক ভাঙতো না, যদি সেই সঙ্গে আরো না জানতুম যে 'ঘরোয়া' বইটি আসলে লেখা বই নয়, বলা বই। তবু তো আজ পর্যন্ত তিনি শুধুই চিত্রগুরু—অন্তত মুখ্যত তাই। তাঁর মৃত্যুতে চিত্রী-বিয়োগের বেদনাই বাংলা দেশের বুকে বাজলো। কত বড় কথাশিল্পীকে আমরা হারালাম, সে কথা ক'জন বললেন।

অবনীন্দ্রনাথের গ্রন্থাবলী কোনো কালেই সুলভ ছিল না, এখনো নেই। হয়তো তার একটা কারণ এই যে আপাতদৃষ্টিতে তাঁর রচনায় বিষয়বস্তুর কোনো মৌলিকত্ব ধরা পড়ে না। 'শকুন্তলা' নাম শুনেই কেউ যদি মনে করেন—কালিদাসের গল্প, বাংলায় বলা, 'রাজকাহিনী' ভাবেন ইতিহাস, 'নালক'কে—জাতক কাহিনী আর 'ক্ষীরের পুতুল'কে ছেলে-ভুলানো রূপকথা—তাহলে অবাক হব না। কিন্তু গ্রন্থাবলী সুলভ না হয়ে ভালোই হয়েছে। এক এক করে সব বই ছাপা হবে, আর বাংলাদেশের পাঠক নতুন করে

চিনতে পারবেন অবনীন্দ্রনাথকে। সাত তাড়াতাড়ি পড়ার বই না। সেভাবে শেষ করতে গেলে এ লেখার স্বাদ সৌরভ গুণ গরিমা যা কিছু তার সবটাই হারাতে হবে। কেননা কাব্যমণ্ডিত এই গদ্যরচনার মেজাজটা তাড়াহুড়োয় ভরা জীবনের সঙ্গে একেবারে খাপ খায় না। সব কাজের শেষে, কল-কোলাহল থেমে গেলে, এ লেখা তখন নিশ্চিন্ত মনে আস্তে-আস্তে চেখে-চেখে পড়বার মতো। পড়বার মতো না বলে বলা উচিত শোনবার মতো। নিজেই কথক, নিজেই শ্রোতা হয়ে ডুবে গেলে তবে এ লেখার সবটা পাওয়া যায়। বাংলা গদ্যের এই অসামান্য শিল্পীটি লেখক নন, কথক। যতদিন দেহ সমর্থ ছিল সেই কথকতাকেই অক্ষরে লিখেছেন, শেষ জীবনে লিখতে আর পারতেন না, শুধুই বলতেন, লিখতে হয়েছে অন্য কাউকে। এমন অসাধারণ বলতে সবাই পারে না।

এই কথকতার মেজাজ থাকলে—হোক না প্রতিভা অলৌকিক—সীমানা মেনে কবিতা লেখা শক্ত। তাই এই জাদুকর কবির গদ্যকবিতায় 'ভাষা বাহুল্যের জন্য পরিমাণ রক্ষা' হ'লো না। অথচ অবসরের সঞ্জীবতায় ভরা ছিল তাঁর তাকিয়ে-দেখার চোখ; পুরাণ, কাহিনী, ইতিহাস, গান, গল্প, ছড়া, যাত্রা, জারী, জমজমাট বাড়ি জোড়াসাঁকোর, আর একাল, সেকাল, দূরদূরান্ত-চিরকালে ভরা মন ছিল তাঁর। ছিল চিত্রকরের প্রকৃতি-সিদ্ধি। পৃথিবীর প্রকাণ্ড পটে কখন কী রং লাগছে কোথায়, রেখা কোথায় সরু, দাগ কোথায় চড়া, আলো কী করে ছড়ায়, বৃক্ষ দাঁড়ায় কী করে, ঘুরে যায় কী করে পথ, কী করে পাখী বলে—তন্ন তন্ন করে জানতে হয়েছিল, জানার জন্য নয়, আনন্দের জন্য। এ কাজ প্রধানত কবির কাজ। সেই সঙ্গে ছিল ভাষায় অসাধারণ ছন্দবোধ। অবনীন্দ্রনাথের গদ্য রচনা তাই কবির পাঠশালা। হয়তো সেইজন্যই সে লেখা জনপ্রিয়তার জয়ধ্বনি তুলতে সময় নেবে।

রচনার ভঙ্গিতে শুধু নয়, বিষয়ের জাদুকরী রূপান্তরেও মূলত তিনি কবি। বিষয়ে কবিত্ব থাকে না, কবিত্ব বিষয়ীতে। রাজস্থানের ইতিহাস শৌর্যবীর্য মহত্ত্বমণ্ডিত বীরগাথা হতে পারে এবং সেই বীরগাথার আকর্ষণও হয়তো

প্রবল। কিন্তু রাজকাহিনীর গৌরব সম্পূর্ণ ভিন্ন কারণে। এবং জোড়াসাঁকোর ঘরোয়া কাহিনী মূল্যবান পারিবারিক স্মৃতিকথা মাত্রই নয়। রাজকাহিনীতে যে পদ্মিনী, ঘরোয়াতে যে রবিকাকা—অবনীন্দ্রনাথের কবিকল্পনা ছেনেই সৃষ্টি তাদের। ইতিকথা নয়, স্মৃতিকথা নয়, রূপকথা। কিন্তু বানিয়ে বলতে হবে এমন দরিদ্র ছিল না তাঁর মন। শুধু রং লাগিয়েছেন, আলো ফেলেছেন। হয়তো একটু ঘুরিয়ে বসিয়েছেন টুকরো কাঠ, ভাঙা ডাল, শুকনো শেকড়—অমনি সেই তুচ্ছ জিনিস হয়ে উঠেছে রূপের আধার। মোরগফুল-মাথায়-গোঁজা পাহাড়ুতলির কুঁকড়ো হয়ে উঠেছেন বনমুরগী সোনালিয়ার প্রেমে অধীর গুণী শিল্পী। এমন কি সব চাইতে কাছের, সব চাইতে প্রত্যক্ষ দেখা যে জোড়াসাঁকোর ঠাকুরবাড়ি—যার ইট কাঠের রংটা পর্যন্ত চিনি আমরা—সেই বাড়ি তার কবি, শিল্পী, ঝি, বউ, পাইক, পেয়াদা, সইস, সর্দার, খাট, পালঙ্ক নিয়ে চোখের সামনে কাহিনী হয়ে গেল। এমন মৌলিক মন আর কোন বাঙালি সাহিত্যিকের, তা জানি না।

ছবি এঁকেছেন যে-অবনীন্দ্রনাথ—বছর বছর তাঁকে স্মরণ করবেন দেশবাসী। আর যে-অবনীন্দ্রনাথ গল্প বলেছেন, গল্প লিখেছেন, দিনে দিনে তাঁকে আরো বেশি পাব, আরো বেশি ভালবাসব আমরা। এবং নিজের উপর লেখা ছড়াই হয়তো হবে তাঁর সত্যিকারের এপিটাফ, যদিও একটু ভিন্ন অর্থে: 'কোন ঠাকুর? অবন ঠাকুর, ছবি লেখে।' সে ছবি বাংলা গদ্যে লেখা, আর সে গদ্য কাব্যের মতই ছন্দরূপময়।

সুরেশ গুহ

সম্পাদকীয়

আধুনিক কালের একটা লক্ষণ এই যে পেশা অত্যন্ত প্রবল হ'য়ে উঠে শৌখিনতার স্থান ক্রমশই সংকুচিত ক'রে দিচ্ছে। এমনকি, শৌখিন বা amateur কথাটাও সাধারণত নিন্দার অর্থেই ব্যবহার হয় আজকাল ; শৌখিন মানেই কাঁচা কাজ, নড়বড়ে, অবকৃষ্ট। 'Amateur' শব্দটির মূল মানে যে প্রেমিক তা আমরা প্রায় ভুলতে বসেছি ; শিল্পকলার ক্ষেত্রে অনেক রমণীয় রচনার জন্য যে অ-পেশাদারের অবসরের কাছেই আমরা কৃতজ্ঞ, তাও সব সময় মনে থাকে না। আধুনিক সমাজব্যবস্থা শৌখিনতার অনুকূল নয় সে-কথা সত্য, কিন্তু তার সপক্ষে এখনো যে অনেক বলবার কথা আছে, তার প্রমাণ, সুখের বিষয়, মাঝে-মাঝেই পাওয়া যায়। এখনো মাঝে-মাঝে এমন লেখক দেখা দেন, যিনি কালে-ভদ্রে লিখলেও সসম্মানে পাংক্তেয় ব'লে গণ্য হন। তেমনি একজন ছিলেন পরিমল রায়। ধনবিজ্ঞানে পণ্ডিত ছিলেন তিনি, কৃতী অধ্যাপক, এবং সেই সঙ্গে ছিলেন মূল অর্থে, উৎকৃষ্ট অর্থে, সাহিত্যের amateur। অনেকের মতোই তিনি কৈশোরে সাহিত্যচর্চা করেছিলেন, ঢাকার 'প্রগতি'-গোষ্ঠীর অন্যতম ছিলেন ; কিন্তু অন্য অনেকের মতোই অতি শীঘ্র সেই সংগ্রহ কাটিয়ে ওঠেননি ; দীর্ঘকাল ধরে একান্তভাবে ইকনমিক্স চর্চা ক'রেও তাঁর মনের ঐ তারটিতে মরচে পড়েনি কখনো। সাহিত্যে তাঁর ভালোবাসার, আনন্দের প্রমাণ, পরিমাণে স্বল্প হ'লেও, নানাভাবেই তিনি রেখে গেছেন। 'কবিতা'র পাতায় তাঁর হালকাগোছের পদ্য রচনা, 'ছোটোগল্প' গ্রন্থমালায় তাঁর গল্প, এবং সর্বোপরি 'ইদানীং' নামক সরস প্রবন্ধের গ্রন্থটি, এ-সমস্তর ভিতর দিয়ে একজন পরিচ্ছন্ন সুরসিক লেখকের আমরা পরিচয় পাই। 'ব্যক্তিগত' বা সরস প্রবন্ধ অনেকেই আজকাল লিখছেন ; ওর মধ্যে 'ইদানীং' পরিশীলিত কৌতুকের নৈপুণ্যে বৈশিষ্ট্যের দাবি রাখে। তাই, মাত্র ৪২ বছর বয়সে নিউ ইয়র্কে তাঁর আকস্মিক মৃত্যু—এটা শুধু তাঁর স্বজন এবং অসংখ্য বন্ধুদের কাছেই শোকাবহ নয়, আমাদের সাহিত্যও এতে কিছু গরিব হ'লো। আশা করি তাঁর অপ্রকাশিত প্রবন্ধাবলী এবং অন্যান্য রচনা প্রকাশ করার ব্যবস্থ

হবে ; পাঠকরা তখন আরো ভালো ক'রে তাঁকে চিনতে পারবেন—কিন্তু আমরা যারা তাঁকে প্রত্যক্ষভাবে জেনেছিলাম, আকৈশোর তাঁর বন্ধু ছিলাম যারা, আমরা দিনে-দিনে শুধু আরো গভীরভাবে উপলব্ধি করবো তাঁর অপূরণীয় বিচ্ছেদ। তবে সেই স্মৃতিভারাতুর বেদনার কথা এখানে প্রকাশ্য নয়।

• • •

'কবিতা'র এই আশ্বিন সংখ্যা চৈত্র মাসে বেরোলো। চৈত্র সংখ্যার আর সময় হবে না ; এর পরেই আষাঢ় সংখ্যা প্রকাশিত হবে—আশা করছি যথাসময়েই। এই আষাঢ় সংখ্যাই সপ্তদশ বছরের প্রথম সংখ্যা, এবং এর পর থেকে পত্রিকা প্রকাশ যাতে নিয়মিত হয়, সে-উদ্দেশ্যে বদ্ধপরিকর হ'য়েই আমরা নতুন বছর আরম্ভ করছি। এই সংকল্পসাধনের জন্য আমাদের গ্রাহক এবং পাঠকদের সহযোগিতা আমরা প্রার্থনা করি। গ্রাহকদের কাছে বিশেষভাবে অনুরোধ জানাই তাঁরা যেন ভি. পি. র অপেক্ষায় না-থেকে মনি-অর্ডারে চাঁদা পাঠিয়ে দেন। যাঁরা স্টলে পত্রিকা কেনেন তাঁদের আমন্ত্রণ জানাই গ্রাহক হ'তে, এবং 'কবিতা'র অনুরাগী পাঠক যেখানে যাঁরা আছেন তাঁদের সকলের কাছে আমাদের নিবেদন এই যে তাঁরা যেন বন্ধুমহলে দু-একজন ক'রে গ্রাহক সংগ্রহের চেষ্টা করেন। সাহিত্যপত্রিকার ঘোর দুর্দিন এখন ; ইংলণ্ডে 'হরাইজন' চললো না, একমাত্র কবিতা-পত্রিকা 'পোইট্রি লণ্ডন'ও সেদিন বন্ধ হ'লো। ইংরেজির মতো প্রবল ভাষায় যখন এই দশা, তখন—ভাবতে আনন্দই হয়—যে বাংলা ভাষায় সাহিত্যপত্রের ধারাটি এখনো বন্ধ হয়নি। অন্তত, 'কবিতা'র মতো পত্রিকা যে ষোলো বছর ধ'রে চলতে পারলো, একে বাঙালির দুর্মর সাহিত্যপ্রীতিরই প্রমাণ ছাড়া আর কী বলা যায়। এই প্রীতির উপর নির্ভর ক'রেই আমরা নূতন বছরের যাত্রারম্ভ করলাম।

গ্রাহকদের প্রতি নিবেদন

'কবিতা'র এই সংখ্যায় আপনাদের চাঁদা শেষ হ'লো। আগামী (সপ্তদশ) বছরের প্রথম সংখ্যা ১৩৫৯ এর আষাঢ়ে প্রথম সপ্তাহে প্রকাশিত হবে। আপনাদের নতুন বছরের চাঁদা (চার টাকা) ১৫ই জ্যৈষ্ঠের মধ্যে মনি-অর্ডারে পাঠিয়ে দিলে আমরা বাধিত হবো। যাঁরা আর গ্রাহক থাকতে ইচ্ছুক নন, তাঁরাও দয়া ক'রে ঐ তারিখের মধ্যে নিষেধাজ্ঞা পাঠাবেন। ইতিমধ্যে যাঁদের ঠিকানা বদল হয়েছে, তাঁরাও নতুন ঠিকানা জানালে আমরা উপকৃত হই। ভি. পি. ফেরৎ এলে আমাদের ক্ষতি হয়; আপনারা একটু সচেষ্ট হ'লে এই ক্ষতির নিবারণ হ'তে পারে।

বুদ্ধদেব বসু
সম্পাদক, 'কবিতা'
কবিতাভবন
২০১ বাসবিহারী এভিনিউ
কলকতা ২৯